বৃহৎ এবং শ্রোণিফলকাস্থির ঊর্দ্ধভাগে স্থিত এবং বংক্ষণখণ্ড তদধঃ অথচ পশ্চাৎ স্থিত এবং উপস্থখণ্ড শ্রোণিফলকের অধঃ অথচ পুরঃখণ্ড হয়।

—০—

## চত্বারিংশ প্রকরণ।

### শ্রোণিফলকাস্থির কটিখণ্ডের নির্দর্শন।

॥১॥ ঐ কটিখণ্ড তৎপশ্চাদ্ভাগে দৃঢ়ীভূত উপাস্থিতে কশেরুকামূলের সহিত এবং তৎপুরোভাগে উপস্থাস্থির সহিত এবং তদধোভাগে বংক্ষণের সহিত সংযুক্ত। ঐ কটিখণ্ডের ঊর্দ্ধভাগ অতিপাতল হইয়া আল্যাকৃতি হয় ব্যবচ্ছেদকেরা ঐ আইল তৎখণ্ডের কুক্কুটশিখা অথবা সামান্যভাষায় কাঁকালিসংজ্ঞা করিয়াছেন ঐ আল্যাকৃত্যংশ কিঞ্চিদ্বহিঃ এবং ঊর্দ্ধগত মনুষ্যকর্ণবৎ।

॥২॥ ঐ কটিখণ্ড বহিঃপার্শ্বে অসমানরূপে উচ্চ এবং নীচ এবং অন্তঃপার্শ্বে অতিচিক্কণ এবং ন্যুব্জ। ঐ খণ্ডের অধোভাগে এবং অন্তঃপার্শ্বে এক বৃহদালি আছে ঐ আলি কশেরুকামূলাবধি গমন করিয়া বংক্ষণেতে স্থিত ঐপ্রকার অন্যএক আলির ন্যায় হইয়া উপস্থাস্থির অন্তঃপার্শ্বের সহিত সম্মিলিত হইয়া তদ্দ্বারা ধাত্রীরদিগের ভাষায় কানানামে খ্যাত উপস্থাস্থির কানা নির্ম্মিত হয়।

॥৩॥ ঐ কটিখণ্ডের কুক্কুটশিখাকৃতি আলি বাল্যাবস্থায় সংলগ্নাস্থিভাবে থাকে তাহাতে দুই বৃহৎগুটিকা দেখা যায় এক তৎপশ্চাদ্ভাগে এবং এক তৎপুরোভাগে স্থিত। পুরোভাগে স্থিত যে গুটিকা তাহা অন্য গুটিকাপেক্ষা বৃহৎ ঐ গুটিকাদ্বয় কট্যস্থির অধঃপার্শ্বাপেক্ষা বহির্গতিপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা তাহার কণ্ট

কাকৃতিপুবর্দ্ধনসংজ্ঞা করিয়াছেন ঐ অন্তঃস্থিত কণ্টকাকৃতি পুবর্দ্ধন হইতে পীঠাসননামকমাংসপেশী এবং ভগাকর্ষকমাংসপেশী উৎপন্ন হয় এবং পশ্চাদ্ভাগস্থিত কণ্টকাকৃতিপুবর্দ্ধনের অধো ভাগে কট্যস্থিতে এক বৃহৎখাঁজ দেখা যায় ঐ খাঁজ সদ্যশ বেতে এক বৃহচ্ছিদ্রুরূপে থাকে যেহেতুক অধোভাগে কশেরু কামূলাবধি বংক্ষণখণ্ডের সূচ্যাকারপুবর্দ্ধনপর্য্যন্ত এক অতিদৃঢ় বন্ধনীদ্বারা আচ্ছাদিত আছে ঐ ছিদ্র দিয়া বংক্ষণের বৃহচ্ছিরা এবং পশ্চাৎস্থ উরুনাড়ী নাটিমাকৃতিমাংসপেশীর অধো দিয়া গমন করে এবং ঐ মাংসপেশীর কিঞ্চিদংশও ঐছিদ্র দিয়া নির্গত হয়।

—o—

## একচত্বারিংশত্তম প্রকরণ।

### বংক্ষণখণ্ডের নিদর্শন।

॥ ১ ॥ বংক্ষণাস্থি অত্যসমানাকার তাহাতে বস্তির অধোভাগ এবং পার্শ্বভাগ কৃত হয়। ব্যবচ্ছেদকেরা ঐ বংক্ষণের তিনখণ্ড করিয়া বিশেষ করিয়াছেন অর্থাৎ তদ্গাত্র এবং তদ্গুটিকা এবং তৎ শাখা সংজ্ঞা করিয়াছেন। ঐ বংক্ষণের গাত্রেতে বংক্ষণচষকের অধঃঅংশ এবং প্রায় তাবদূর্দ্ধাংশ কৃত আছে এবং তদ্গাত্রহইতে বংক্ষণকণ্টকনামে পশ্চাদ্গামি সূচ্যাগ্রাকৃতিপুবর্দ্ধন নির্গত হয় ঐ পুবর্দ্ধনের সহিত উরুগামি বৃহৎ শিরার ছিদ্রনির্ম্মাণকারি পূর্ব্বোক্ত বন্ধনী বদ্ধ আছে। অপর যে গুটিকাতে বংক্ষণের অধোভাগ নির্ম্মিত এবং যৎকরণক মনুষ্য আসনোপবেশনে সমর্থ হয় তাহা

অতিবৃহৎ এবং অত্যসমান এবং তাহাতে অনেক মাংসপেশী বদ্ধ আছে। ঐ গুটিকাংশাবধি বংক্ষণাস্থি ক্রমেং পাতল এবং ঈষৎপ্রশস্ত হয় ঐ পাতল এবং ঈষৎপ্রশস্তশাখানামে নির্ণীত অংশ পুনঃ এবং ঊর্দ্ধগামী হইয়া উপস্থাস্থির শাখাংশের সহিত সংমিলিত হয় তদ্দ্বারা বংক্ষণের ঢালাকৃতি বৃহচ্ছিদ্র নির্ম্মিত আছে যেহেতুক ঐ ছিদ্র দ্বারাকৃতি কিম্বা ঢালাকৃতিপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা তৎসংজ্ঞা করিয়াছেন। ঐ ছিদ্র সদ্যশবেতে অবরোধকারি নামে দৃঢ়বন্ধনীতে রুদ্ধ আছে ঐ ছিদ্রের চতুঃপার্শ্বে মাংসপেশী বদ্ধ থাকে এবং তাহার ঊর্দ্ধভাগে এক খাঁজ দেখা যায় ঐ খাঁজ হইয়া ঊরুমধ্যগামী রোধকনাম্নী নাড়ী এবং শিরা সকল গতায়াত করে। বিবেচনাতে অনুমান হয় যে ঐ অস্থির ভার অতিশয় না হয় এইজন্যে ঈশ্বর ঐ অস্থিকে ছিদ্রসংযুক্ত করিয়া নির্ম্মাণ করিয়াছেন যেহেতুক ঐ ছিদ্রপ্রযুক্ত বস্ত্যাস্থি লঘুত্বপ্রাপ্ত হয়।

—o—

## দ্বিচত্বারিংশত্তম প্রকরণ।

### উপস্থাস্থিখণ্ডের নিদর্শন।

॥ ১॥ উপস্থাস্থি অর্থাৎ ফালাকারাস্থি এবং তৎসহকারি অন্য পার্শ্বীয় উপস্থাস্থি এই দুই সম্মিলিত হইয়া তদ্দ্বারা উদরাধোদেশের পুরোভাগ নির্ম্মিত হয়। ঐ অস্থিখণ্ড শ্রোণিফলকাস্থিতে সর্ব্বাপেক্ষা ক্ষুদ্রখণ্ড ঐ উপস্থাস্থিখণ্ড উপাস্থিতে অতিদৃঢ়রূপে অন্য পার্শ্বীয়

তৎসহকারিখণ্ডের সহিত সংযুক্ত হইয়া তদ্দ্বারা উভয়পার্শ্বীয় উপস্থাস্থির সংযোগ কৃত হয়।

॥২॥ ঐ উপস্থাস্থিদ্বয়ের মধ্যে তদ্গাত্র এবং তৎকোণ এবং তচ্ছাখা দেখা যায় ঐ উপস্থাস্থির গাত্র অর্থাৎ তদ্বহির্ভাগ কটিখণ্ডের সহিত সংযুক্ত এবং পুরোগামী তৎকোণদ্বারা উপস্থাস্থিদ্বয়ের সহিত সংযোগ কৃত আছে। ঐ উপস্থাস্থির শাখা অতিপাতলপুবর্দ্ধনবৎ হইয়া বংক্ষণের শাখার সহিত সংমিলিত হইলে তদ্দ্বারা বংক্ষণের বৃহচ্ছিদ্র কৃত হয়।

॥৩॥ একং শ্রোণিফলকাস্থির যে খণ্ডত্রয় নির্ণয় করিয়াছি সেই সকল সংমিলিত হইয়া পরস্পর ঊর্দ্ধাস্থিশিরাগ্রহণকারীবংক্ষণ নির্ম্মাণ করে।

॥৪॥ চষকমধ্যস্থানব্যতিরিক্ত ঐ বংক্ষণ সর্ব্বত্র অতিচিক্কণ উপাস্থিদ্বারা আচ্ছাদিত আছে এবং ঐ অনাচ্ছাদিত স্থানে এক ক্ষুদ্র খাত আছে ঐ খাতে সন্ধিস্থিত নির্য্যাসাধারকোষ স্থিতি করে ঐ স্থানেও গোলাকৃতিবন্ধনীর বাসস্থান অবটন্যায় দেখা যায় ঐ বন্ধনী বংক্ষণের চষকমধ্যস্থিতখাতে এবং ঊর্দ্ধাস্থিশিরেতে বদ্ধ হইয়া ঊর্দ্ধাস্থিকে স্বচষকে দৃঢ়রূপে বদ্ধ করিয়া রাখে।

॥৫॥ ঐ শ্রোণিফলকাস্থির খণ্ডত্রয় অনেক দৃঢ়ীভূতবন্ধনীতে পরস্পর বদ্ধ হইয়া কশেরুকার সহিত বদ্ধ আছে তাহাতে কশেরুকা নির্ভর করে এবং তদ্দ্বারা কশেরুকা অধঃস্থাস্থ্যাদি পুত্যঙ্গের সহিত সংযুক্ত থাকে এবং তদ্দ্বারা অন্ত্র এবং ক্লোম এবং গর্ব্ভাধার বস্তিদেশ নির্ম্মিত হয় ঐ সমস্ত কারণপ্রযুক্ত ধাত্রীবিদ্যা

অভ্যাসকরণে অস্থিবিদ্যার এ প্রকরণে মনোযোগ দেওয়া অত্যাবশ্যক।

॥ ৬ ॥ এ স্থানে কথনোপযুক্ত যে স্ত্রীলোকের মধ্যে কশেরুকামূলাস্থি পুরুষের কশেরুকামূলাপেক্ষা কিঞ্চিৎ খর্ব্ব এবং কিঞ্চিৎ প্রশস্ত এবং অধিক উত্তান এবং কটিখণ্ডও অধিক বিস্তৃত এবং উদরাধোবস্তিদেশস্থদ্বারও অধিক প্রশস্ত।

# চতুর্থাধ্যায়।

## ত্রয়শ্চত্বারিংশত্তম প্রকরণ।

### হস্তপাদাদি প্রত্যঙ্গাস্থির নিদর্শন।

॥ ১ ॥ কঙ্কালেতে হস্তদ্বয়প্রত্যঙ্গ এবং পাদদ্বয়প্রত্যঙ্গ এই রূপে ব্যবচ্ছেদকেরা বিশেষ করিয়াছেন।

# চতুর্থাধ্যায়ের প্রথম পর্ব্ব।

## চতুশ্চত্বারিংশত্তম প্রকরণ।

### হস্তদ্বয় এবং তৎপ্রত্যঙ্গের নিদর্শন।

॥ ১ ॥ হস্তকে ব্যবচ্ছেদকেরা স্কন্ধদেশ এবং বাহুদেশ এবং করদেশ এই ত্রয়েতে বিশেষ করিয়াছেন।

## পঞ্চচত্বারিংশত্তম প্রকরণ।

॥ প্রথমত ॥ স্কন্ধদেশের নিদর্শন।

॥ ১ ॥ স্কন্ধদেশে অস্থিদ্বয় আছে বিশেষতঃ জত্রুস্থি এবং অংশাস্থি।

—

## ষট্‌চত্বারিংশত্তম প্রকরণ।

জত্রুর নিদর্শন।

॥ ১ ॥ ঐ জত্রু প্রাচীনেরদিগের কুঞ্চিকাকৃতিপ্রযুক্ত এবং উভয়াগ্র ঈষদ্বক্রপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা তাহার কুঞ্চিকাকৃত্যস্থিসংজ্ঞা করিয়াছেন এবং তৎস্থিত্যানুসারে কোনং ব্যবচ্ছেদকেরা ঐ অস্থিকে হারাস্থিসংজ্ঞা করিয়াছেন। ঐ জত্রুস্থি প্রায় [illegible] অঙ্গুলিসমান কিন্তু কিঞ্চিদ্দীর্ঘ এবং অতিশয় শুষিরময়প্রযুক্ত অতিসুভেদ্য। অন্যং দীর্ঘাস্থির ন্যায় ব্যবচ্ছেদকেরা ঐ জত্রুতে তদ্গাত্র এবং তদগ্রদ্বয় বিশেষ করিয়াছেন ঐ জত্রুর গাত্র গোলাকারাপেক্ষা কিঞ্চিচ্চেপ্টা এবং তৎপুরোদিগের ভাগ কিঞ্চিন্নুব্জশিরা হইয়া প্রায় ত্রিকোণাকাররূপে আছে এবং তৎশিরোধস্থভাগ, বুকাস্থির সহিত সংযুক্ত। অপর ঐ জত্রুর পশ্চাদগ্র অন্যাগ্রাপেক্ষা কিঞ্চিচ্চেপ্টা এবং প্রশস্ত হইয়া অংশাস্থির স্কন্ধাগ্রনামক প্রবর্দ্ধনের সহিত সংযুক্ত। ঐ কথিত সন্ধিদ্বয় বন্ধিনীদ্বারা সংযুক্ত এবং পীড়নদ্বারা হিংসা না হয় এইজন্যে বুকুসংযোগেতে ক্রীড়ার্থক এক প্রকার উপাস্থি আছে।

॥২॥ অনুমান হয় যে জত্রুস্থি অংশাস্থির ক্রীড়ানিরূপক যেহেতুক ঐ জত্রুপ্রযুক্ত অংশাস্থি অধিকপুরোগামি এবং পশ্চাদ্গামি হইতে পারে না। ঐ জত্রুদ্বয়েতে অনেক মাংসপেশী বদ্ধ আছে তাহাতে অংশাধঃস্থিত নাড়ীসকল রক্ষিতা হয়।

—•—

## সপ্তচত্বারিংশত্তম প্রকরণ।

### অংশাস্থির নিদর্শন।

॥১॥ ঐ অংশাস্থি ত্রিকোণাকৃতি এবং ঢালের ন্যায় যথার্থপর্শুকার পশ্চাদ্ভাগে বদ্ধ ঐ অস্থি কোনোস্থানে স্থূল এবং কোনোস্থানে পাতল এবং অন্যং চেপ্‌টাস্থির ন্যায় মধুচক্রাকৃতি এবং বহিঃপার্শ্বে ন্যুব্জ এবং পর্শুকার ন্যুব্জপার্শ্বের সহিত সুসংযোগার্থে অন্তঃপার্শ্বে কিঞ্চিদুত্তান। ঐ অংশাস্থিতে অসমানপার্শ্বত্রয় আছে ঐ পার্শ্বত্রয় ঐ অস্থিগাত্রহইতে চিঞ্চিৎ স্থূল এবং দৃঢ়প্রযুক্ত ব্যবচ্ছেদকেরা তাহারদিগের পর্শুকাসংজ্ঞা করিয়াছেন। ঐ পর্শুকাকৃত্যংশত্রয়ের মধ্যে প্রধানপর্শুকা কশেরুকাবর্ত্তকের প্রতি কিঞ্চিন্নত এবং তদধঃস্থিত যে পর্শুকাকৃতি সে তদপেক্ষা কিঞ্চিৎ ক্ষুদ্র এবং তৃতীয় পর্শুকাকৃতি অন্য পর্শুকাকৃত্যপেক্ষা ক্ষুদ্র এবং অংশাস্থির ঊর্দ্ধ্বভাগে স্থিত। ঐ অংশাস্থির বহিঃপার্শ্বে ঐ অস্থি আল্যাকৃতি ঐ আলি অংশাস্থির মূলভাগে উৎপন্ন হইয়া ক্রমেতে ঊর্দ্ধ্বগামিনী এবং প্রশস্ত হইয়া অংশাস্থির বহিঃপার্শ্বকে খাতদ্বয়াকৃতি করে। ঐ খাতদ্বয়ের মধ্যে ঊর্দ্ধ্বস্থিত যে খাত তাহা অন্যাপেক্ষা ক্ষুদ্র তাহাতে ঊর্দ্ধ্বস্থ কণ্টকাকৃতিস্থিত মাংসপেশীসকল স্থিতি করে এবং

ঊর্দ্ধ্বখাতাপেক্ষা যে অধঃখাত তাহাতে অধঃকণ্টকাকৃতি মাংসপেশী বদ্ধ থাকে। অপর ঐ অংশাস্থির কণ্টকাকৃতিপ্রবর্দ্ধন অতিপ্রশস্ত এবং চেপ্‌টাভাবে অংশাস্থির শিরোভাগে অন্তপ্রাপ্ত হয় তাহাতে ব্যবচ্ছেদকেরা ঐ প্রবর্দ্ধনের চূড়াকৃতিপ্রবর্দ্ধনসংজ্ঞা করিয়াছেন ঐ প্রবর্দ্ধনের সহিত জত্রু সংযুক্ত থাকে ঐ প্রবর্দ্ধন অধোভাগে কিঞ্চিদুত্তানাকার তাহাতে ঊর্দ্ধ্বস্থ এবং অধঃস্থ কণ্টকাকৃতি মাংসপেশী বাস করে। অপর অংশাস্থির ঊর্দ্ধ্বভাগে অন্য এক অতিগণনীয় প্রবর্দ্ধন আছে ঐ প্রবর্দ্ধন চঞ্চ্বাকারপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা তাহার কাকচঞ্চুপ্রবর্দ্ধনসংজ্ঞা করিয়াছেন ঐ কাকচঞ্চুপ্রবর্দ্ধনের বহিঃপার্শ্ব হইতে চূড়ানামক প্রবর্দ্ধনপর্য্যন্ত এক অতিদৃঢ়বন্ধনী গমন করে তাহাতে প্রগণ্ডাস্থি ঊর্দ্ধ্বদিগে তচ্চযক হইতে চ্যুত হইতে পারে না অপর অন্য এক তৃতীয়প্রবর্দ্ধন ঈষৎপ্রশস্তগলাকৃতি হইয়া কূপাকৃতি একস্থানেতে লুপ্ত হয় তাহাতে প্রগণ্ডাস্থি সংযুক্ত থাকে।

॥ ২ ॥ অপর জত্রু এবং প্রগণ্ডের সহিত অংশাস্থি সংযুক্ত তাহাতে ঐ অংশাস্থি প্রগণ্ডাস্থির অঙ্কস্থান হয়। ঐ অংশাস্থি নানাপ্রকার ক্রীড়াকরণসমর্থপ্রযুক্ত বাহ্বস্থি নানাক্রীড়া অনায়াসে করিতে পারে ঐ অংশাস্থিতেও অনেক মাংসপেশী বদ্ধ আছে এবং পৃষ্ঠদেশে শরীররক্ষকরূপে থাকে।

—০—

## অষ্টাচত্বারিংশত্তম প্রকরণ।

### ॥ দ্বিতীয়তঃ ॥ বাহ্বস্থির নিদর্শন।

॥ ১ ॥ ব্যবচ্ছেদকেরা বাহুকে প্রায় সর্ব্বদা দুই অংশ করিয়াছেন

ঐ দুই অংশ ক্ষোণিতে পরস্পর সংযুক্ত তদূর্দ্ধাংশের প্রগণ্ড এবং অধোংশের প্রকোষ্ঠসংজ্ঞা করিয়াছেন।

—০—

## ঊনপঞ্চাশত্তম প্রকরণ।

### প্রগণ্ডাস্থির নিদর্শন।

॥ ১ ॥ প্রগণ্ড অর্থাৎ বাহুর ঊর্দ্ধভাগ একাস্থিতে নির্ম্মিত। ঐ প্রগণ্ডাস্থি স্তম্ভাকৃতি এবং ব্যবচ্ছেদকেরা অংশদ্বয় করিয়া ঐ প্রগণ্ডা স্থির নির্ণয় করিয়াছেন অর্থাৎ তদগ্রভাগ এবং তদগ্রভাগ।

॥ ২ ॥ ঐ প্রগণ্ডের ঊর্দ্ধাগ্র অতিগোল এবং চিক্কণমুণ্ডাকৃতি হইয়া তন্মুণ্ড অংশাস্থিচষকে প্রবিষ্ট হয় ঐ প্রগণ্ডাস্থির ঊর্দ্ধ এবং পুরোভাগে দ্ব্যগ্র নামে বাহুর এক মাংসপেশীর অগ্রভাগধারিণী এক সীতা আছে ঐ সীতার উভয়পার্শ্বে ঐ অস্থির ঊর্দ্ধভাগে এক গুটিকা আছে তাহাতে কণ্টকাকৃতিপ্রবর্দ্ধনের মাংসপেশী বদ্ধা থাকে।

॥ ৩ ॥ ঐ প্রগণ্ডাস্থির অধোভাগে অনেক প্রবর্দ্ধন এবং অনেক অবট আছে ঐ প্রবর্দ্ধনের মধ্যে প্রগণ্ডাস্থির দুই পর্ব্বাকৃতিপ্রবর্দ্ধন অতিগণনীয় তাহার মধ্যে এক পর্ব্ব বহিঃপার্শ্বে এবং এক অন্তঃপার্শ্বে স্থিত তাহার মধ্যে শেষকথিত প্রবর্দ্ধন অন্যাপেক্ষা কিঞ্চি দ্বৃহৎ। ঐপর্ব্বদ্বয় মধ্যস্থানে পার্শ্বস্থ গুটিকাকার স্থানদ্বয় দেখা যায় ঐ গুটিকাকারদ্বয়েতে এবং তন্মধ্যস্থানের অবটেতে প্রগণ্ডাস্থির ক্রীড়নার্থ এক প্রকার কপিকলনির্ম্মিত আছে তাহাতে বাহ্বস্থির নানাক্রীড়া কৃতা হয় ঐ পর্ব্বের উভয়পার্শ্বে বহিঃ এবং অন্তর্ভাগে

অন্য এক উচ্চস্থান আছে তাহাতে হস্তের এবং অঙ্গুল্যাদির কত গুলি মাংসপেশী উৎপন্না হয়। অপর ঐ পর্ব্বের পশ্চাৎ এবং ঊর্দ্ধ্ব ভাগে প্রগণ্ডাস্থির গাত্রে এক গভীরখাত দেখা যায় ঐ খাত প্রকোষ্ঠাস্থির এক বৃহৎপ্রবর্দ্ধনগ্রহণ করে এবং ঐ খাতের পুরোভাগে অন্যপার্শ্বে অন্যএক খাত দেখা যায় ঐ খাত অন্যখাতাপেক্ষা ক্ষুদ্র তাহাতে প্রকোষ্ঠাস্থির অন্য এক প্রবর্দ্ধন গৃহীত হয়।

॥ ৪ ॥ ঐ প্রগণ্ডাস্থির গাত্রের ঊর্দ্ধ্ব এবং পুরোভাগে এক সীতা আছে ঐ সীতা প্রগণ্ডাস্থির শিরার পশ্চাদ্ভাগহইতে উৎপন্ন হয় তাহাতে মাংসপেশীর এক স্নায়ু স্থিতি করে ঐ প্রগণ্ডাস্থির তাবদনুদ্রাঘিমাগামি এক রন্ধ্র আছে এবং সে অস্থি অন্য সমস্ত দীর্ঘাস্থির ন্যায় মজ্জাযুক্ত।

॥ ৫ ॥ ঐ প্রগণ্ডাস্থির ঊর্দ্ধ্বভাগ অংশাস্থির সহিত সংযুক্ত এবং তৎসন্ধির চতুর্দ্দিগে ক্রীড়ার্থে বন্ধনীকোষদ্বারা বেষ্টিত। ঐ অস্থি স্বসন্ধিস্থানচ্যুত হইলে কোখনং ঐ বন্ধনীকোষ ছিন্ন হয় তাহাতে সন্ধিস্থানে পুনর্দেওনসময়ে অতিশয়বাধা জন্মে। ঐ প্রগণ্ডাস্থির অধোভাগ প্রকোষ্ঠাস্থির সহিত সংযুক্ত।

—০—

## পঞ্চাশত্তম প্রকরণ।

### প্রকোষ্ঠদেশের নিদর্শন।

॥ ১ ॥ প্রকোষ্ঠদেশ অস্থিদ্বয়েতে নির্ম্মিত অর্থাৎ প্রকোষ্ঠাস্থি এবং চন্দ্রদণ্ডাকৃত্যস্থি।

## একপঞ্চাশত্তম প্রকরণ।

### প্রকোষ্ঠাস্থির নিদর্শন।

॥১॥ প্রকোষ্ঠাস্থি প্রগণ্ডাস্থ্যপেক্ষা ক্ষুদ্র এবং উত্তরোত্তর মণিবন্ধপর্য্যন্ত সূক্ষ্ম হয় ঐ প্রকোষ্ঠাস্থির ঊর্দ্ধভাগে দুই প্রবর্দ্ধন এবং দুই অবট আছে ঐ দুই প্রবর্দ্ধনের মধ্যে বৃহৎপ্রবর্দ্ধন প্রকোষ্ঠাস্থির পশ্চাদ্ভাগে স্থিত তাহাতে ব্যবচ্ছেদকেরা তাহার কফোণীসংজ্ঞা করিয়াছেন ঐ প্রবর্দ্ধন প্রগণ্ডাস্থির অধঃখাতে প্রবিষ্ট হয় এবং অন্য প্রবর্দ্ধন প্রকোষ্ঠাস্থির পুরোভাগে স্থিত তাহাতে ব্যবচ্ছেদকেরা তাহার কাকচঞ্চ্বাকৃতিপ্রবর্দ্ধনসংজ্ঞা করিয়াছেন এবং কফোণিসন্ধি সঙ্কুচিত করিলে ঐ প্রবর্দ্ধন প্রগণ্ডাস্থির পুরঃখাতে প্রবিষ্ট হয়। ঐ প্রবর্দ্ধন অন্য প্রবর্দ্ধনাপেক্ষা অনেক ক্ষুদ্রপ্রযুক্ত প্রকোষ্ঠাস্থি অত্যনায়াসে সঙ্কুচিত হয় কিন্তু কফোণিপ্রবর্দ্ধন বড়িশবৎপ্রযুক্ত যে সময়ে বাহু ঋজু হয় সেইসময়ে প্রগণ্ডাস্থিতে স্থিত স্বখাতাধোভাগপ্রাপ্ত হওয়াতে প্রকোষ্ঠাস্থিপশ্চাদ্দিগে নমনের নিবারক হয় এবং বন্ধনী সকলেও তৎসাহায্য করে।

॥২॥ ঐ কথিত প্রবর্দ্ধনদ্বয়ের মধ্যস্থানে দ্বিবক্র এক বৃহদবট আছে ঐ অবট এক প্রবর্দ্ধনহইতে অন্য প্রবর্দ্ধনের প্রতি গমনকারি ক্ষুদ্র এক উচ্চীকৃত স্থানদ্বারা দুই খাতেতে বিভিন্নীকৃত আছে তাহাতে ঐ খাতের দ্বারা এবং ঐ দুই প্রবর্দ্ধনদ্বারা প্রকোষ্ঠাস্থি প্রগণ্ডাস্থির সহিত কব্জাকৃতি সন্ধিতে সংযুক্ত আছে।

॥৩॥ ঐ কাকচঞ্চ্বাকৃতি প্রবর্দ্ধনের অধ এবং অন্তর্ভাগে এক ক্ষুদ্র

দ্বিবক্রাবট আছে ঐ অবটতে চক্রদণ্ডাকৃত্যস্থি প্রকোষ্ঠের সহিত সংযুক্ত।

॥ ৪ ॥ ঐ প্রকোষ্ঠাস্থির গাত্রভাগ ত্রিকোণাকার এবং তাহার অধোভাগ এক ক্ষুদ্রমুণ্ডবৎ তাহা শলাকাকৃতিপ্রবর্দ্ধনরূপ হইয়া অন্ত হয়। ঐ প্রকোষ্ঠাস্থি ঊর্দ্ধভাগে প্রগণ্ডাস্থির সহিত সংযুক্ত এবং ঊর্দ্ধ এবং অধোভাগে চক্রদণ্ডাকৃত্যস্থির সহিত সংযুক্ত এবং অধোভাগে মণিবন্ধের সহিত সংযুক্ত। ঐ সমস্ত সন্ধি অনেক বন্ধনীতে বদ্ধ আছে এবং ব্যবচ্ছেদকেরা অনুমান করিয়াছেন যে ঐ প্রকোষ্ঠাস্থির প্রধানকার্য্য চক্রদণ্ডাকৃত্যস্থির সাহায্যকরণ এবং ঐ প্রকোষ্ঠাস্থি তন্নির্ভর স্থান হয়।

—০—

## দ্বিপঞ্চাশত্তম প্রকরণ।

### চক্রদণ্ডাকৃত্যস্থির নিদর্শন।

॥ ১ ॥ ঐ অস্থি চক্রদণ্ডাকৃতিপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা তাহার তৎ সংজ্ঞা করিয়াছেন প্রকোষ্ঠের অন্তর্ভাগে ঐ চক্রদণ্ডাকৃত্যস্থির স্থিতি এবং ঐ অস্থি প্রকোষ্ঠাস্থিহইতে কিছুবৃহৎ কিন্তু তদ্রূপদীর্ঘ নয়। ঐ অস্থির ঊর্দ্ধভাগ স্তম্ভাকৃতি এবং তদূর্দ্ধাগ্র প্রগণ্ডাস্থির বহিঃপর্ব্ব গ্রহণার্থে কিঞ্চিন্নিম্ন। ঐ চক্রদণ্ডাকৃত্যস্থির পার্শ্বদিগে প্রকোষ্ঠাস্থি দ্বিবক্র অবটেতে প্রবিষ্ট হয় তাহাতে ঐ চক্রদণ্ডাকৃত্যস্থির স্তম্ভাকৃত্যংশ হস্তের উত্তানানুত্তান ক্রীড়াতে তদবটে প্রবিষ্ট হয় *। হস্ত

* ব্যবচ্ছেদকেরা ঐ উত্তান এবং অনুত্তান ক্রীড়ার এইরূপ বিশেষ করিয়াছেন যে যখন হস্ত উরুপার্শ্বে থাকে তখন অনুত্তান এবং যখন চিৎপার্শ্বে থাকে তখন উত্তান কহেন ৷

নমনক্রীড়াবিষয়ে এবং বিস্তারক্রীড়াবিষয়ে ঐ চক্রদণ্ডাকৃত্যস্থি প্রকোষ্ঠাস্থির অনুগামি হয় এবং তদক্ষের চতুর্দ্দিগে ক্রীড়াকরণে সমর্থ হয়। ঐ চক্রদণ্ডাকৃত্যস্থির অধোভাগ তদূর্দ্ধভাগহইতে বৃহৎ এবং দৃঢ় কিন্তু প্রকোষ্ঠাস্থি তদ্রূপ নয় সে ঊর্দ্ধভাগাপেক্ষা অধো ভাগে অতিক্ষুদ্র এবং দুর্ব্বল তাহাতে অনুমান হয় যে এক অন্যের সাহায্যকারি হয়।

॥২॥ ঐ চক্রদণ্ডাকৃত্যস্থির বহিঃপার্শ্বে এক ক্ষুদ্র অবট দেখা যায় ঐ অবটেতে প্রকোষ্ঠাস্থির অধোভাগ প্রবিষ্ট হয় এবং ঐ অব টের অধোভাগ বৃদ্ধি পাইয়া তদ্দ্বারা অন্য এক বৃহদবট কৃত আছে ঐ অবটদ্বারা চক্রদণ্ডাকৃত্যস্থি মনিবন্ধের সহিত সংযুক্ত আছে তৎপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা ঐ চক্রদণ্ডাকৃত্যস্থির হস্তদণ্ডাস্থিসংজ্ঞা করিয়াছেন ঐ হস্তদণ্ডাস্থি বৃদ্ধাঙ্গুষ্ঠপার্শ্বে মনিবন্ধের অস্থিদ্বয়কে বদ্ধ করিয়া রাখে কিন্তু মণিবন্ধের যে অস্থি কনিষ্ঠাঙ্গুলির সহিত সংযুক্ত তদস্থির সহিত প্রকোষ্ঠাস্থি সংযুক্ত।

॥৩॥ ঐ চক্রদণ্ডাকৃত্যস্থির এবং প্রকোষ্ঠাস্থির তাবদ্দ্যাঘি মাতে এক আল্যাকৃতি স্থান দেখা যায় ঐ আলিতে দ্ব্যস্থ্যন্তঃস্থিত বন্ধনী বদ্ধ থাকে ঐ বন্ধনী ঐ অস্থিদ্বয়ের মধ্যের তাবৎস্থান পরিপূর্ণ করিয়া রাখে।

—o—

## ত্রিপঞ্চাশত্তম প্রকরণ।

॥ তৃতীয়ত॥ হস্তাস্থির নিদর্শন।

॥১॥ হস্তেতে এইং অস্থি আছে বিশেষতঃ মণিবন্ধের অষ্টাস্থি এবং করভাস্থি চতুষ্টয় এবং হস্তাঙ্গুল্যাদ্যস্থি।

## চতুঃপঞ্চাশৎ প্রকরণ।

### মণিবন্ধাস্থির নিদর্শন।

॥ ১ ॥ মণিবন্ধাস্থি অসমানাকৃতি এবং অসমানরূপে দ্বপংক্তিস্থিত অষ্টক্ষুদ্রাস্থিতে নির্ম্মিত ঐ ঊর্দ্ধস্থ পংক্তিস্থিতাস্থি সকল ঊর্দ্ধ দিগে প্রকোষ্ঠদেশাস্থির সহিত সংযুক্ত এবং অধোদিগে অধঃ পংক্তিস্থিত করভাস্থির সহিত সংযুক্ত।

॥ ২ ॥ প্রাচীন ব্যবচ্ছেদকেরা ঐ মণিবন্ধাস্থি সকলের এক দুই তিন ইত্যাদি ক্রমেতে সংজ্ঞা করিয়াছিলেন কিন্তু লিসেরস্নামক ব্যবচ্ছেদক প্রথমতঃ ঐ অস্থির স্বস্বাকৃত্যনুসারে তাহারদের পৃথক২ নাম দিয়াছেন তাহাতে এইরূপে ঐ ব্যবচ্ছেদককর্তৃক নির্দ্ধার্য্য প্রথমাস্থির নামব্যতিরিক্ত অন্য সকল নাম প্রায় সর্ব্বস্থানে বিদিত আছে ঐ লিসেরস্নামক ব্যবচ্ছেদক ঐ প্রথমাস্থিতে এক বৃহদস্থিধারী অবট স্থিতপ্রযুক্ত তাহার অবটাস্থিসংজ্ঞা করিয়াছেন কিন্তু ইদানীন্তন ব্যবচ্ছেদকেরা ঐ অস্থির নাবস্থি সংজ্ঞা করিয়াছেন। বৃদ্ধাঙ্গুলিই হস্তের ঊর্দ্ধভাগ ইহা মনে রাখিয়া ঐ নাবস্থি মণিবন্ধাস্থির প্রথম পংক্তির প্রথমাস্থি এবং চক্রদণ্ডাকৃত্যস্থির সহিত সংযুক্ত ঐ নাবস্থি অন্তঃপৃষ্ঠে অর্দ্ধচন্দ্রাকৃত্যস্থির সহিত এবং সমদ্বিভুজাস্থির এবং সমদ্বিদ্বিভুজাস্থির সহিত সংযুক্ত। ঐ নাবস্থির পরে যে অস্থি সে অর্দ্ধচন্দ্রাকৃত্যস্থিসংজ্ঞাপ্রাপ্ত হইয়াছে যেহেতুক তাহার অর্দ্ধচন্দ্রাকৃতিত্ব। ঐ অর্দ্ধচন্দ্রাকৃত্যস্থিও চক্রদণ্ডাকৃত্যস্থির সহিত সংযুক্ত এবং ঐ অর্দ্ধচন্দ্রাকৃত্যস্থি অন্তঃপার্শ্বে কোণাকৃত্যস্থির সহিত সং-

যুক্ত এবং পূর্ব্বপার্শ্বে বৃহন্নামাস্থির এবং পক্ষিনখাকৃত্যস্থির সহিত সংযুক্ত।

॥ ৩ ॥ কোণাকৃত্যস্থি মণিবন্ধের ঊর্দ্ধ্বপার্শ্বেতে তৃতীয়াস্থি হয় ঐ অস্থি হস্তের ঊর্দ্ধ্বভাগে এবং পশ্চাদ্ভাগে অধোভাগাপেক্ষা অতিপ্রশস্তপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা তাহার কোণাস্থিসংজ্ঞা করিয়াছেন ঐ কোণাস্থি পশ্চাদ্ভাগে প্রকোষ্ঠাস্থির সহিত এবং পুরোভাগে পক্ষিনখাস্থির সহিত সংযুক্ত।

॥ ৪ ॥ ঐ অস্থিত্রয় সন্ধিকারকদীর্ঘাস্থিরূপে সংযুক্ত হইয়া উপাস্থিতে আবৃত আছে তাহাতে হস্ত প্রকোষ্ঠের সহিত সংযুক্ত থাকে।

॥ ৫ ॥ অপর বর্ত্তুলাকৃত্যস্থি পূর্ব্ব কথিত অস্থিত্রয়াপেক্ষা কিঞ্চিৎ ক্ষুদ্র ব্যবচ্ছেদকেরা ঊর্দ্ধ্বপংক্তিস্থিত্যাস্থির সহিত ঐ বর্ত্তুলাকৃত্যস্থির গণনা করিয়াছেন কিন্তু ঐ বর্ত্তুলাকৃত্যস্থি কোণাস্থির অধঃপৃষ্ঠে স্থিত হইয়া করতলদেশে নির্গতপ্রযুক্ত উভয়পংক্তির কোনো এক পংক্তিতে নির্ণীত হওন অনুপযুক্ত। অপর দ্বিতীয় পংক্তির অস্থিচতুষ্টয় বৃদ্ধাঙ্গুল্যবধি অনামাপর্য্যন্ত প্রত্যেকের সহিত সংযুক্ত তাহার মধ্যে প্রথম দ্বিতীয় এবং চতুর্থাস্থি স্বস্বাকৃত্যনুসারে সমদ্বিভুজাস্থি এবং সমদ্বিদ্বিভুজাস্থি এবং পক্ষিনখাকৃত্যস্থি এইরূপে সংজ্ঞিত হইয়াছেন এবং তৃতীয়াস্থি মণিবন্ধাস্থির মধ্যপর্ব্বাপেক্ষা বৃহৎপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা তাহার বৃহদস্থিসংজ্ঞা করিয়াছেন।

॥ ৬ ॥ ঐ মণিবন্ধাস্থি সমস্ত পৃষ্ঠপার্শ্বে ন্যুব্জ এবং করতলপার্শ্বে কিঞ্চিদুত্তান। ঐ মণিবন্ধাস্থির সন্ধিসমস্ত উপাস্থিতে আবৃত এবং অনেক দৃঢ়বন্ধনীদ্বারা সংযুক্ত বিশেষতঃ ঐ সন্ধি দুই প্রশস্ত দৃঢ়

স্নায়ুবন্ধনীতে বদ্ধ তাহাতে ব্যবচ্ছেদকেরা ঐ দুই বন্ধনীর মণিবন্ধাস্থির বহিঃ এবং অন্তঃস্থবলয়াকৃতিবন্ধনীসংজ্ঞা করিয়াছেন ঐ বহিঃস্থিত বন্ধনী বর্ত্তুলাকৃত্যস্থ্যবধি চক্রদণ্ডাকৃত্যস্থির শলাকাকারপ্রবর্দ্ধন পর্য্যন্ত তের্চারূপে গমন করে এবং সে প্রায় দুই অঙ্গুলি প্রশস্ত আছে। অপর শেষ কথিত বন্ধনী অর্থাৎ অন্তঃস্থবলয়াকৃতিবন্ধনী বর্ত্তুলাকৃত্যস্থি এবং পক্ষিনখাস্থ্যবধি নাবাকৃত্যস্থি এবং সমদ্বিভুজাস্থিপর্য্যন্ত বিস্তৃত আছে ঐ বলয়াকৃতিবন্ধনী মণিবন্ধের এবং অঙ্গুলির স্নায়ুনমনকারিণী হয়।

—০—

## পঞ্চপঞ্চাশত্তম প্রকরণ।

### করভাস্থির নিদর্শন।

॥১॥ করভাস্থি চতুষ্টয়াত্মক আছে ঐ চারি অস্থিতে অঙ্গুলী নিবদ্ধ থাকে ঐ করভাস্থি বহিঃপৃষ্ঠে কিঞ্চিন্ন্যুব্জ এবং অন্তঃপার্শ্বে অর্থাৎ করতলদেশে কিঞ্চিদুত্তান ঐ অস্থি অন্তরে শূন্য এবং স্তম্ভাকৃতি।

॥২॥ ঐ করভাস্থির প্রত্যেকাগ্রভাগ সন্ধ্যর্থে কিঞ্চিদবটাকৃতি এবং যেরূপ অঙ্গুল্যস্থির প্রত্যেক পংক্তি অন্যপংক্তির সহিত সংযুক্ত তদ্রূপ ঐ করভাস্থি ঊর্দ্ধভাগে মণিবন্ধাস্থির সহিত এবং অধোভাগে অঙ্গুল্যস্থির প্রথমপংক্তির সহিত সংযুক্ত।

—০—

## ষট্পঞ্চাশত্তম প্রকরণ।

### হস্তাঙ্গুল্যস্থির নিদর্শন।

॥১॥ প্রত্যেক হস্তের পঞ্চাঙ্গুলিতে অস্থি পঞ্চদশ করিয়া

আছে ঐ অস্থি সকল ব্যবচ্ছেদকেরা পংক্তিত্রয় করিয়া নির্ণয় করিয়াছেন। ঐ অঙ্গুল্যস্থির মধ্যে করভাস্থির সহিত সংযুক্ত প্রথম পংক্ত্যস্থি অন্য অস্থিহইতে বৃহৎ এবং শেষপংক্ত্যস্থ্যপেক্ষা ক্ষুদ্র ঐ সকল অস্থি মধ্যভাগাপেক্ষা অগ্রভাগে কিঞ্চিদ্বৃহৎ।

॥ ২ ॥ মণিবন্ধাস্থি এবং করভাস্থি এবং অঙ্গুল্যস্থি এই সকলের অগ্রভাগে পরস্পর ক্রীড়নার্থক কতকগুলি উচ্চনীচ স্থান দেখা যায় ঐ অস্থিসন্ধি সকল তদ্বেষ্টনকারিণীবন্ধনীদ্বারা দৃঢ়ীভূতরূপে বদ্ধ আছে।

॥ ৩ ॥ প্রত্যেক হস্তেতে সপ্তবিংশতি সন্ধিস্থান আছে তাহাতে অনায়াসে অনুমান হয় যে সেই সন্ধিসকল প্রত্যেকপ্রকারক্রীড়ার্থে অতিসুনির্ম্মিত আছে তাহাতে যদ্যপি প্রত্যেকাঙ্গুলি একাস্থিতে নির্ম্মিত হইত তবে দ্রব্যধারণকরণে মনুষ্য অক্ষম হইত।

---

## চতুর্থাধ্যায়ের দ্বিতীয় পর্ব্ব।

### সপ্তপঞ্চাশত্তম প্রকরণ।

॥ প্রথমতঃ ॥ পাদ এবং তৎপ্রত্যেকাঙ্গের বিদর্শন।

॥ ১ ॥ ব্যবচ্ছেদকেরা প্রত্যেক পাদেতে চতুষ্টয় অস্থির ভাগ করিয়াছেন বিশেষতঃ ঊর্ব্বস্থি এবং অষ্ঠীবদস্থি এবং জঙ্ঘাস্থি এবং পাদাস্থি।

## অষ্টপঞ্চাশত্তম প্রকরণ।

### ঊর্ব্বস্থির নিদর্শন।

॥১॥ উরুদেশে কেবল একাস্থি আছে ঐ অস্থি মনুষ্যের অন্যান্যাস্থ্যপেক্ষা অতিবৃহৎ এবং দৃঢ় তাহাতে এই স্থানে ঐ ঊর্ব্বস্থির গাত্র এবং অগ্রভাগ নির্ণয় করণোপযুক্ত। ঐ ঊর্ব্বস্থির গাত্র স্তম্ভাকৃতি এবং পুরোদিগে ন্যুব্জ এবং পশ্চাদ্ভাগে উত্তান ঐ উত্তান পার্শ্বে অনেক মাংসপেশী বদ্ধ আছে। ঐ ঊর্ব্বস্থির তাবদ্দাঘিমার অংশত্রয়ের অংশদ্বয় রেখাকৃতিনামক এক আলিতে ব্যপ্ত আছে ঐ আলি শ্রোণিফলকাস্থিতে আরদ্ধ হইয়া কতকদূরপর্য্যন্ত অধোগামি হইয়া দ্বিশাখা হয় অবশেষে ঊর্ব্বস্থির অধোভাগস্থ গুটিকাকৃতি স্থানেতে অন্ত হয়।

॥২॥ ঐ ঊর্ব্বস্থির গ্রীবার ঊর্দ্ধভাগের অতিচিক্কণমুণ্ডের এবং তাহার দুই বৃহৎপ্রবর্দ্ধনের ব্যাখ্যা করি। ঐ ঊর্ব্বস্থির শির ছিন্নগোলের অসমানরূপ অধিকাংশবৎ এবং অন্তর্দ্দিগে নত হইয়া শ্রোণিফলকাস্থির চষকেতে গৃহীত হয়। ঊর্ব্বস্থির ঐ অংশে এক ক্ষুদ্র খাত দেখা যায় ঐ খাতেতে গোলাকৃতি এক বন্ধনী বদ্ধ থাকে এবং পূর্ব্বে যেরূপ কহিয়াছি তদ্রূপ ঐ বন্ধনীদ্বারা ঊর্ব্বস্থি বঙ্ক্ষণের চষকেতে বদ্ধ। অপর ঊর্ব্বস্থির অন্যাংশের সহিত অনুমান করিলে ঐ ঊর্ব্বস্থির গ্রীবাংশ অল্পায়তনরূপে গমন করে। অপর ঐ ঊর্ব্বাস্থিপ্রবর্দ্ধনদ্বয়ের মধ্যে বহিঃপ্রবর্দ্ধন অতিবৃহৎ তাহাতে ব্যবচ্ছেদকেরা তাহার শ্রোণিফলক বৃহৎ প্রবর্দ্ধনসংজ্ঞা করিয়াছেন

এবং ঊর্ব্বস্থ্যন্তঃপার্শ্বস্থিত প্রবর্দ্ধনের শ্রোণিফলকক্ষুদ্রপ্রবর্দ্ধনসংজ্ঞা করিয়াছেন ঐ প্রবর্দ্ধনদ্বয়েতে অনেক মাংসপেশী বদ্ধ। অপর ঊর্ব্বস্থির এবং বংক্ষণের সংযোগ এক বন্ধনীকোষদ্বারা অতিদৃঢ়ী কৃত হইয়াছে ঐ বন্ধনীকোষ বংক্ষণচষকের কিনারায় চতুর্দ্দিগে বেষ্টন করে এবং ঊর্ব্বস্থির শির আচ্ছাদন করে।

॥ ৩ ॥ ঊর্ব্বস্থি বংক্ষণসন্ধিতে প্রতিদিগে ক্রীড়া করণক্ষম।

॥ ৪ ॥ ঐ ঊর্ব্বস্থির অধোভাগে গুটিকাকৃতিপ্রবর্দ্ধনদ্বয় আছে এবং তন্মধ্যস্থানে অতিচিক্কণ এক অবট আছে তাহাতে জঙ্ঘাস্থি ঊর্ব্বস্থির সহিত কব্জাকৃতি সন্ধিদ্বারা যুক্ত আছে।

॥ ৫ ॥ ঐ ঊর্ব্বস্থির অধোভাগের চতুষ্পার্শ্বে ঐ অস্থি অত্যসমান সে স্থানেতে তৎসন্ধির কোষবদ্বন্ধনীর মূল বদ্ধ থাকে এবং ঐ স্থান দিয়া রক্ত নাড়ীপ্রভৃতি অস্থিতে প্রবিষ্ট হয়।

॥ ৬ ॥ অপর ঐ গুটিকাকৃতিপ্রবর্দ্ধনের মধ্যস্থানে এবং ঐ অস্থির পশ্চাদ্ভাগে এক অবট আছে ঐ অবটেতে রক্তনাড়ী এবং শিরা প্রভৃতি নিরুদ্বেগে স্থিতি করে যেহেতুক জঙ্ঘাস্থির সঙ্কোচরূপক্রীড়া সময়ে যদি ঐ নাড়ীপ্রভৃতি অন্য কোনো স্থানে হইত তবে অতিশয় ভারাক্রান্ত হইত তাহাতে অনেক হিংসা উৎপন্ন হইত।

॥ ৭ ॥ ঐ ঊর্ব্বস্থির প্রত্যেক প্রবর্দ্ধনের পার্শ্বে এবং বহির্ভাগে গুটিকাকৃতি স্থান আছে সেই স্থানহইতে ঐ সন্ধির পার্শ্বস্থ বন্ধনী উৎপন্ন হইয়া অধোদিগে জঙ্ঘার প্রতি বিস্তৃত হয়।

॥ ৮ ॥ অপর ঐ প্রত্যেক ঊর্ব্বস্থি প্রবর্দ্ধনের পশ্চাদ্ভাগহইতে এক বন্ধনী উৎপন্না হয় ঐ বন্ধনীর মধ্যে এক বন্ধনী দক্ষিণদিগ

হইতে বামদিগে এবং অন্য এক বামদিগহইতে দক্ষিণদিগে বজ্রাকৃতিরূপে গমন করে তাহাতে ব্যবচ্ছেদকেরা ঐ বন্ধনীদ্বয়ের বজ্রাকৃতিবন্ধনীসংজ্ঞা করিয়াছেন।

॥৯॥ ঐ সন্ধির পার্শ্বস্থ বন্ধনীপ্রযুক্ত জঙ্ঘাস্থি উর্ব্বস্থির দক্ষিণদিগে কিম্বা বামদিগে ক্রীড়া করিতে পারে না এবং জঙ্ঘাস্থিতে সংযুক্ত যে ঐ বজ্রাকৃতিবন্ধনী তজ্জন্যে জঙ্ঘাস্থি পুরোদিগে ক্রীড়া করণাক্ষম।

॥১০॥ বাল্যাবস্থায় ঐ উর্ব্বস্থির সমস্ত প্রবদ্ধন উপাস্থিতে নির্ম্মিত।

—o—

## উনষষ্টিতম প্রকরণ।

॥ দ্বিতীয়ত॥ অষ্ঠীবদস্থির নিদর্শন।

॥১॥ ঐ অষ্ঠীবদস্থি চেপ্টা এবং চতুষ্পার্শ্বে প্রায় প্রাদেশ পরিমিত ঐ অষ্ঠীবদস্থি উরুপর্ব্বের পুরোভাগে স্থিত আছে এবং অধোমুখ যে পদ্ম তৎকলিকাকৃতি।

॥২॥ ঐ অষ্ঠীবদস্থি মধ্যস্থানে স্থূল এবং পার্শ্বভাগে পাতল এবং তৎপুরোভাগে চিক্কণ এবং যৎকিঞ্চিদুত্তান এবং তৎপশ্চাৎ পার্শ্বে অসমান এবং তন্মধ্যস্থানে উচ্চীভূত হইয়া উর্ব্বস্থির প্রবর্দ্ধন দ্বয়ের মধ্যস্থানে প্রবিষ্ট হয়।

॥৩॥ স্বকীয়চতুষ্পার্শ্বে বেষ্টিতা এক অতিদৃঢ়বন্ধনীদ্বারা অষ্ঠীবদস্থির স্বস্থানে বদ্ধ এবং তদ্দারা ঐ অষ্ঠীবদস্থি জঙ্ঘাস্থির এবং উর্ব্বস্থির সহিত সংযুক্ত তদ্ভিন্নও ঐ অষ্ঠীবদস্থি অতিদৃঢ়সার্দ্ধাঙ্গুলপ্রমাণপ্রশস্ত এবং উর্দ্ধদিগে অঙ্গুলিত্রয়প্রমাণ দীর্ঘ এক স্নায়ু

বদ্ধবন্ধনীতে জঙ্ঘাস্থির সহিত সংযুক্ত আছে ঐ বন্ধনী অষ্ঠীবদস্থির অধোভাগের সহিত এবং জঙ্ঘাস্থির ঊর্দ্ধস্থ প্রবর্দ্ধনের সহিত সংযুক্ত। ঐ অষ্ঠীবদস্থির ঐরূপে জঙ্ঘাস্থির সহিত সংলগ্নতাপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা ঐ অষ্ঠীবদস্থিকে জঙ্ঘানুগতাস্থি নামে নির্ণয় করিয়াছেন যেহেতুক ঐ অষ্ঠীবদস্থি জঙ্ঘাস্থির তাবৎ প্রকার ক্রীড়াবিষয়ে তদনুগামি যথা কফোণ্যগ্রপ্রবর্দ্ধন প্রকোষ্ঠের অনুগামি কিন্তু তদ্বিষয়ে এই ভেদ আছে যে ঐ কফোণিপ্রবর্দ্ধন পরিসরণে অক্ষম কিন্তু অষ্ঠীবদস্থি পরিসরণক্ষম যেহেতুক ঐ অষ্ঠীবদস্থি ঊর্দ্ধাবধি অধোদিগে এবং অধোবধি ঊর্দ্ধদিগে পরিসরণক্ষম ঐ অষ্ঠীবদস্থির সুসরণতা না হইলে জঙ্ঘাস্থি চতুর্দ্দিগে ক্রীড়াকরণে অক্ষম হইত।

॥ ৪ ॥ অতিবাল্যাবস্থায় ঐ অষ্ঠীবদস্থি উপাস্থিমাত্রেতে কৃত।

॥ ৫ ॥ অনুমান হয় যে ঐ অষ্ঠীবদস্থির প্রধান কার্য্য এইং তাহাতে ঊরুপর্ব্ব হিংসাহইতে সুরক্ষিত হয় এতভিন্ন তদ্দ্বারা জঙ্ঘার বিস্তারকমাংসপেশীর শক্তি বর্দ্ধিষ্ণু হয় যেহেতুক অষ্ঠীবদস্থি প্রযুক্ত ঐ মাংসপেশীর আকর্ষণশক্তি ক্রীড়াস্থানহইতে কিঞ্চি দূরীকৃত হয় যথা কপিকলে।

---

## ষষ্টিতম প্রকরণ।

॥ তৃতীয়ক ॥ জঙ্ঘাদেশের নিদর্শন।

॥ ১ ॥ জঙ্ঘাদেশ অস্থিদ্বয়েতে নির্ম্মিত ঐ অস্থিদ্বয়ের মধ্যে ব্যবচ্ছেদকেরা অন্তঃস্থ অথচ অন্যাপেক্ষা বৃহদস্থির জঙ্ঘাস্থিসংজ্ঞা

করিয়াছেন এবং অন্য তদপেক্ষা ক্ষুদ্রাস্থির জঙ্ঘাবদ্ধাস্থি সংজ্ঞা করিয়াছেন।

—•—

## একষষ্টিতম প্রকরণ।

### জঙ্ঘাস্থির নিদর্শন।

॥১॥ জঙ্ঘাস্থির পার্শ্বত্রয় আছে এবং ত্র্যস্রস্তম্ভাকৃতি ঐ পার্শ্ব ত্রয়ের মধ্যে পশ্চাৎপার্শ্ব অন্যাপেক্ষা প্রশস্ত এবং তৎপুরোভাগে বৃহদাল্যাকৃতি এক স্থান আছে ঐ আলির মধ্য এবং তদূর্দ্ধচর্ম্মের মধ্যস্থান মাংসপেশীরহিত ঐ জঙ্ঘাস্থির ঊর্দ্ধভাগে এক উচ্চীকৃত স্থানদ্বারা বিভিন্নীকৃত ঈষদুত্তান স্থানদ্বয় আছে ঐ অবটাকৃতিস্থান দ্বয় ঊর্বস্থির গুটিকাকৃতিপ্রবর্দ্ধনগ্রহণ করে তন্মধ্যস্থিত উচ্চীভূত স্থান ঊর্বস্থির প্রবর্দ্ধনদ্বয়ের মধ্যস্থিত ঐ অবটেতে গৃহীত হয় তাহাতে ঐ সন্ধি সর্ব্বতোভাবে কব্জাকৃতিসন্ধিপ্রতিমূর্ত্তি ঐ জঙ্ঘাস্থির ঊর্দ্ধভাগে এবং বহিঃপার্শ্বের অধোভাগে এক গোলাকৃতি সমান স্থান আছে তাহাতে জঙ্ঘাবদ্ধাস্থির শিরো গৃহীত হয়।

॥২॥ অপর ঐ জঙ্ঘাস্থির অধোভাগে অন্তঃস্থমুদ্গর নামে এক বৃহৎ প্রবর্দ্ধন দেখা যায় ঐ জঙ্ঘাস্থির অধোগুস্থ অনুপ্রস্থগামী বটাকৃত্যবটদ্বারা জঙ্ঘাস্থি পাদের ঊর্দ্ধাস্থির সহিত সংযুক্ত তদ্ভিন্ন ঐ জঙ্ঘাস্থির অধোভাগে এবং ঊর্দ্ধপার্শ্বে অন্য এক দীর্ঘীভূত অবট আছে তাহাতে জঙ্ঘাবদ্ধাস্থির অধোভাগ গৃহীত হয়।

॥৩॥ ঐ জঙ্ঘাস্থি তাবদ্দ্যাঘিমাতে ছিদ্রযুক্ত।

## দ্বাষষ্টিতম প্রকরণ ।

### জঙ্ঘাবদ্ধাস্থির নিদর্শন ।

॥ ১ ॥ ঐ জঙ্ঘাবদ্ধাস্থি জঙ্ঘাস্থ্যপেক্ষা ক্ষুদ্র এবং তদ্বহিঃপার্শ্বে স্থিত । ঐ জঙ্ঘাবদ্ধাস্থির ঊর্দ্ধাগ্রভাগ জঙ্ঘাস্থির ঊর্দ্ধভাগপর্য্যন্ত গতি করে না কিন্তু তদধোগ্রভাগ জঙ্ঘাস্থির অধোগ্রের কিঞ্চিদধোগতি করে। ঐ জঙ্ঘাবদ্ধাস্থি ঊর্দ্ধভাগে এবং অধোভাগে জঙ্ঘাস্থির প্রকরণে নির্ণীত পার্শ্বস্থাবটদ্বারা জঙ্ঘাস্থির সহিত সংযুক্ত আছে ।

॥ ২ ॥ ঐ জঙ্ঘাস্থির অধোগ্রভাগ কাকচঞ্চ্বাকৃতিপ্রবর্দ্ধনরূপে দীর্ঘীভূত ঐ প্রবর্দ্ধন অন্তঃপার্শ্বে চেপ্টা এবং বহিঃপার্শ্বে ন্যুব্জ তাহাতে ব্যবচ্ছেদককর্ত্তৃক সংজ্ঞাপ্ত যে বহিঃস্থমুদ্গর অর্থাৎ বহির্গুল্ফ তাহা কৃত হয় ঐ বহিঃস্থমুদ্গর জঙ্ঘার অন্তঃস্থমুদ্গরাপেক্ষা কিঞ্চিদধঃস্থিত ।

॥ ৩ ॥ ঐ জঙ্ঘাবদ্ধাস্থির গাত্রভাগ অসমানরূপে ত্রিকোণাকার এবং তদন্তঃপার্শ্বে অর্থাৎ যে পার্শ্বে জঙ্ঘার প্রতি মুখ হয় সে স্থানে কিঞ্চিদুত্তান । ঐ জঙ্ঘাবদ্ধাস্থি জঙ্ঘাস্থির ন্যায় তাহা তাবদ্দ্রাঘিমাতে এক বন্ধনী বদ্ধা থাকে তৎস্থিত্যনুসারে ব্যবচ্ছেদকেরা ঐ বন্ধনীর মধ্যস্থ্যন্তঃস্থিত বন্ধনীসংজ্ঞা করিয়াছেন ।

—০—

## ত্রয়ঃষষ্টিতম প্রকরণ ।

### ॥ চতুর্থ ॥ চরণের নিদর্শন ।

॥ ১ ॥ ব্যবচ্ছেদকেরা পাদদেশের অংশত্রয় করিয়াছেন

বিশেষতঃ চরণোর্দ্ধপংক্ত্যস্থি এবং চরণাধঃপংক্ত্যস্থি এবং চরণাঙ্গুল্যস্থি।

—০—

## চতুঃষষ্টিতম প্রকরণ।

### চরণোর্দ্ধপংক্ত্যস্থির নিদর্শন।

॥ ১ ॥ চরণোর্দ্ধপংক্তিতে সপ্তাস্থি আছে বিশেষতঃ গুল্ফসন্ধ্যস্থি এবং পার্ষ্ণ্যস্থি এবং ঘনাস্থি এবং কোণাস্থিত্রয়।

—০—

## পঞ্চষষ্টিতম প্রকরণ।

### গুল্ফসন্ধ্যস্থির নিদর্শন।

॥ ১ ॥ গুল্ফসন্ধ্যস্থি অতিবৃহৎ তাহাতে জঙ্ঘাস্থি এবং জঙ্ঘাবন্ধাস্থি এবং চরণের অন্যং অস্থির ঊর্দ্ধাস্থি সংযুক্ত ঐ গুল্ফাস্থিতে নির্ণয়করণোপযুক্ত কতগুলি পার্শ্ব আছে তাহার মধ্যে ঊর্দ্ধ অথচ পশ্চাৎপার্শ্ব অতিচিক্কণ এবং কিঞ্চিন্নুব্জ হইয়া জঙ্ঘাস্থির অবটেতে প্রবিষ্ট হয় ঐ গুল্ফসন্ধ্যস্থির পার্শ্ব জঙ্ঘাদেশের অস্থিদ্বয়ের মুদ্গরাকৃতি অংশের সহিত এবং অধোদিগে পার্ষ্ণ্যস্থির সহিত এবং পুরোভাগে নাবাকৃত্যস্থির সহিত সংযুক্ত ঐ সমস্ত সন্ধি বন্ধনীদ্বারা পরস্পর বদ্ধ।

—০—

## ষট্‌ষষ্টিতম প্রকরণ।

### পার্ষ্ণ্যস্থির নিদর্শন।

॥ ১ ॥ ঐ পার্ষ্ণ্যস্থি অত্যসমানাকৃতি এবং চরণের অন্যান্য

পেক্ষা বৃহৎ ঐ পার্ষ্ণ্যস্থির পশ্চাদংশে পার্ষ্ণিনামে এক বৃহৎ গুটিকা আছে ঐ গুটিকাদ্বারা মনুষ্য দণ্ডায়মান এবং চলনক্ষম হয় যদ্যপি তাহা না হইত তবে সর্ব্বদা পশ্চাদ্দিগে পতনাশঙ্কা হইত।

॥ ২ ॥ ঐ পার্ষ্ণ্যস্থির অন্তঃপার্শ্বে এক বৃহদবট আছে তাহাতে এক মাংসপেশীর স্নায়ু গতি করে এবং ঐ পার্ষ্ণ্যস্থির পশ্চাদংশে পার্ষ্ণিবন্ধনী নামে এক অতিদৃঢ়স্নায়ুরজ্জু বদ্ধ আছে ঐ রজ্জু অনেক মাংসপেশীর স্নায়ুবদ্ধস্তর সংযোগে কৃত হইয়াছে।

—০—

## সপ্তষষ্টিতম প্রকরণ।

### নাবাকৃত্যস্থির নিদর্শন।

॥ ১ ॥ ঐ নাবাকৃত্যস্থি ক্ষুদ্রনাবাকৃতিপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা তাহার তৎসংজ্ঞা করিয়াছেন ঐ নাবাকৃত্যস্থির পশ্চাদ্ভাগ যে স্থানে গুল্ফসন্ধ্যস্থিকে গ্রহণ করে সেই স্থানে কিঞ্চিদুত্তান এবং পুরোভাগে কোণাস্থির সহিত সংযুক্ত এবং পার্শ্বভাগে ঘনাস্থির সহিত সংযুক্ত।

—০—

## অষ্টাষষ্টিতম প্রকরণ।

### ঘনাস্থির নিদর্শন।

॥ ১ ॥ ঐ অস্থি অসমান ঘনাকৃতি এবং পশ্চাদ্ভাগে পার্ষ্ণ্য

* ঐ রজ্জু কখনং লম্ফ দেওয়াতে কিম্বা নৃত্য করণেতে কিম্বা অন্য কোনো অনম্ভিত শ্রম করলে ছিন্ন হয়।

স্থির সহিত সংযুক্ত এবং পুরোভাগে চরণাধঃস্থ পংক্তির প্রথমা স্থিদ্বয় আকর্ষণ করিয়া রাখে এবং পার্শ্বদিগে তদ্দ্বারা তৃতীয় কোণাস্থি এবং নাবাকৃত্যস্থি সংযুক্ত হয়।

## ঊনসপ্ততিতম প্রকরণ।

### কোণাস্থির নিদর্শন।

॥১॥ কোণাস্থি ত্রিসংখ্যক এবং ঐ প্রত্যেকাস্থি কোণাকৃতিপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা তাহার তৎসংজ্ঞা করিয়াছেন ঐ কোণাস্থিত্রয় চরণাধঃপংক্ত্যস্থির পরে স্বস্বনিকটবর্ত্তীরূপে স্থিতি করে তাহাতে ব্যবচ্ছেদকেরা ঐ অস্থিত্রয়ের বহিঃ এবং মধ্যম এবং অন্তঃকোণাস্থি সংজ্ঞা করিয়াছেন। ঐ কোণাস্থিত্রয়ের ঊর্দ্ধপার্শ্ব কোণাকৃতিপ্রযুক্ত অধঃপার্শ্বাপেক্ষা প্রশস্ত হয় তাহাতে অধঃপার্শ্বে ঐ অস্থিত্রয় সম্মিলিত হইয়া তদ্দ্বারা চরণের তলকৃত হয় পরে পশ্চাদ্দিগে ঐ অস্থিত্রয় নাবাকৃত্যস্থির সহিত সংযুক্ত এবং পুরোদিগে চরণের অধঃস্থপংক্তিপ্রথমাস্থিত্রয় তদুপরি নির্ভর করে।

॥২॥ চরণের ঊর্দ্ধপংক্তিস্থ ঐ সপ্তাস্থি যখন কঙ্কালহইতে পরস্পর সংমিলিতভাবে দেখি তখন তদূর্দ্ধপার্শ্ব যদ্দ্বারা চরণের ঊর্দ্ধভাগ নির্ম্মিত তাহা কিঞ্চিদ্যুব্জাকৃতি অনুমান হয় এবং ঐ অস্থিত্রয়ের অধোভাগ যদ্দ্বারা পাদতলভাগ নির্ম্মিত আছে এবং যে স্থানে চরণের নাড়ী এবং স্নায়ু এবং শিরাপ্রভৃতি নিরুদ্বেগে থাকে সেই স্থান কিঞ্চিদুত্তান।

॥ ৩ ॥ চরণের ঊর্দ্ধপংক্তিস্থ ঐ সপ্তাস্থি অতিদৃঢ় বন্ধনী দ্বারা পরস্পর সংযুক্ত এবং ঐ অস্থিসমূহ এক উপকোষবদ্ধবন্ধনীদ্বারা এবং পার্শ্বস্থ বন্ধনীদ্বয়দ্বারা পাদাস্থির সহিত সংযুক্ত। ঐ বন্ধনী দ্বয় অন্য এক অতিপ্রশস্ত এবং স্থূল বলয়াকৃতিবন্ধনীকর্ত্তৃক আবৃত আছে তদ্দ্বারা পাদের বন্ধনীসকল পাদের সহিত বদ্ধীকৃত তাহাতে পাদসন্ধি অতিদৃঢ়রূপে পরস্পর বদ্ধ থাকে।

॥ ৪ ॥ অপর বহিঃস্থকোণাস্থি পার্শ্বদিগে ঘনাস্থির সহিত সংযুক্ত জানিবেন।

॥ ৫ ॥ যে২ অস্থি নির্ণয় করিয়াছি তাহাতে চরণোর্দ্ধপংক্তির সংখ্যা সম্পূর্ণা হইয়াছে। অস্থিবিদ্যাবিষয়ে যাহা ব্যাখ্যা করিয়াছি তাহা অত্যল্পে এবং অতিসংক্ষেপে নির্ণীত হইয়াছে তথাপিও অনুমান হয় যে তাহা সুস্পষ্টরূপে কোনো২ পাঠকেরদিগের বোধগম্য হইবে না কিন্তু যদ্যপি তাঁহারা ঐ অস্থিসমস্ত স্বস্বস্থানানুসারে কঙ্কালেতে দৃষ্টি করিয়া দেখেন তবে যাহা কথিত হইয়াছে তাহা অত্যনায়াসে সুবোধগম্য হইতে পারিবে।

—o—

## সপ্ততিতম প্রকরণ।

### চরণাধঃস্থ পংক্ত্যস্থির নিদর্শন।

॥ ১ ॥ চরণের অধঃস্থপংক্তি পঞ্চাস্থিতে কৃত কিন্তু পাণির অধঃস্থপংক্তি অস্থিচতুষ্টয়েতে কৃত। পাণ্যস্থিতে এবং চরণাস্থিতে যে এই২ বিশেষ ব্যবচ্ছেদকেরা তাহার এই২ কারণ দিয়াছেন পাণিতে বৃদ্ধাঙ্গুষ্ঠের অধোস্থি পাণ্যস্থ্যধঃপংক্ত্যস্থির মধ্যে নির্ণীত নয় কিন্তু

পাদেতে বৃদ্ধাঙ্গুষ্ঠ কেবল দ্ব্যস্থিতে নির্ম্মিত। ঐ চরণাধঃপংক্ত্যস্থির প্রথমাস্থি বৃদ্ধাঙ্গুষ্ঠাস্থির ধারক এবং অন্যাপেক্ষা কিঞ্চিদ্বৃহৎ ঐ বৃদ্ধাঙ্গুষ্ঠের অস্থিদ্বয় প্রায় সমানাকৃতি।

॥ ২ ॥ চরণাধঃস্থপংক্ত্যস্থির ঊর্দ্ধাগ্র কোণাস্থির এবং ঘনাস্থির সহিত সংযুক্ত কিন্তু অধোভাগে পাদাঙ্গুলির সহিত সংযুক্ত।

—০—

## একসপ্ততিতম প্রকরণ।

### পাদাঙ্গুল্যস্থির নিদর্শন।

॥ ১ ॥ বৃদ্ধাঙ্গুলিভিন্ন পাদের প্রত্যেকাঙ্গুলি অস্থিত্রয়েতে নির্ম্মিত কিন্তু বৃদ্ধাঙ্গুলি অস্থিদ্বয়েতে নির্ম্মিত। বৃদ্ধাঙ্গুলিভিন্ন অন্য সকলাঙ্গুল্যস্থির পংক্তিত্রয় করিয়া ব্যবচ্ছেদকেরা নির্ণয় করিয়াছেন। পাদাঙ্গুলি সকল হস্তাঙ্গুলির ন্যায় বহুক্রীড়াকরণে অসমর্থ তথাপি স্বস্বকার্য্যসম্পাদনসমর্থ যেহেতুক ঐ অঙ্গুলিদ্বারা ভারের কেন্দ্র গমনকালে বিক্ষিপ্তপাদের ঊর্দ্ধস্থানে আনীত হয়। অপর পাদতল স্বভাবতঃ কিঞ্চিদুত্তান ঐ উত্তানস্থান ইচ্ছানুক্রমে বর্দ্ধিষ্ণু হইলে পাদতল ধনুরাকৃতি হয় তাহাতে গমনকালে কোনো উচ্চ বস্তুর উপরি পাদবিক্ষেপ করিলে পাদ তদাকৃতি ধারণ করে অতএব তাহাতে অনুমান হয় যে মনুষ্যের পাদেতে তদ্রূপ প্রকৃতি না হইলে গমনকালে তাঁহার অতিশয় বাধা হইত।

## চতুর্থাধ্যায়ের তৃতীয় পর্ব্ব।

—০—

### দ্বাসপ্ততি প্রকরণ।

তিলাকৃত্যস্থির নিদর্শন।

॥১॥ যেং অস্থি নির্ণীত হইয়াছে তদ্ভিন্ন বৃদ্ধ লোকেরদিগের কঙ্কালেতে অন্যং অনেক ক্ষুদ্রাস্থি দেখা যায় ঐ ক্ষুদ্রাস্থিসমস্ত তিলাকৃতিপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা সেই সকলের তৎসংজ্ঞা করিয়াছেন। ঐ সমস্ত তিলাকারাস্থি কখনং পাদের বৃদ্ধাঙ্গুষ্ঠের প্রথমসন্ধিতে এবং হস্তের বৃদ্ধাঙ্গুলির সমস্ত সন্ধিতে এবং কখনং জঙ্ঘাবদ্ধাস্থির অধঃসন্ধিতে এবং উর্ব্বস্থির পর্ব্বেতে এবং চরণের উর্দ্ধপংক্তিস্থ ঘনাস্থির অধোভাগে তদ্ভিন্নও শরীরের অন্যং স্থানে পাওয়া যায়। ঐ তিলাকৃত্যস্থির বৃহত্ত্ব এবং ক্ষুদ্রত্ব এবং তৎসংখ্যা বার্দ্ধক্যাবস্থাতে এবং শ্রমেতে বর্দ্ধিত হয় ইহা অনুমান হয়। অন্যস্থানাপেক্ষা যেস্থানে স্নায়ু এবং বন্ধনীসকল মাংসপেশীর ক্রীড়নদ্বারা অতিশয়স্পৃষ্ট হয় সেই স্থানে ঐ তিলাকৃত্যস্থির স্থিতিপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা এতৎকালে অনুমান করিয়াছেন যে ঐ অস্থি বন্ধনীর এবং স্নায়ুর অস্থিত্বপ্রাপ্তিদ্বারা কৃত হয়।

॥২॥ ঐ অস্থি সকলের উর্দ্ধপার্শ্ব প্রায় সর্ব্বদা ন্যুব্জ এবং তদূর্দ্ধবৃত্ত স্নায়ুতে সংযুক্ত থাকে কিন্তু যে পার্শ্বের সন্ধির প্রতিমুখ সেপার্শ্ব প্রায় সর্ব্বদা অতিচিক্কণ এবং সমানাকার। ঐ তিলাকৃত্যস্থি দৈর্ঘ্যা

নির্ম্মিত অনুমান হয় তথাপি নিশ্চয় কোনো এক কার্য্যসম্পন্নার্থে কৃত হইয়াছে যেহেতুক ঐ অস্থিসকল মাংসপেশীর স্নায়ুবদ্ধস্তকে ভারের কেন্দ্রহইতে দূরীভূত করে তদ্দ্বারা মাংসপেশীর শক্তি বর্দ্ধিত হয় এবং হস্তপাদের বৃদ্ধাঙ্গুলিতে ঐ তিলাকৃত্যস্থি সকলের এই কার্য্য অনুমান হয় যে তদ্দ্বারা নমনকারিণী স্নায়ুর আধারার্থে এক সীতাবৎ স্থান কৃত আছে।

# দ্বিতীয় খণ্ড।

## শরীরের কোমলাংশের সামান্য বিস্তার।

### সামান্যত্বচের এবং তদাকৃতিবস্তুর এবং মাংসপেশীর নির্ণয়।

—০—

সপ্তত্রিংশ প্রকরণ।

॥ ১ ॥ অস্থিপ্রকরণসমাপ্ত্যনন্তর ব্যবচ্ছেদকেরা প্রায় সর্ব্বদা মাংসপেশীবিষয়ক প্রকরণ রচনা করেন কিন্তু এই গ্রন্থে দ্বিরুক্তি নিবারণার্থে ঐ ধারানুগামী না হইয়া কিছু স্বতন্ত্ররূপে পৃথক২ বিষয়ে ব্যাখ্যা করি। শরীরের তাবদংশেতে একাংশের সহিত অন্যের এমত সংমিলন এবং একের উপর অন্যের এমত নির্ভর যে একের ব্যাখ্যা করিলে অন্যের ব্যাখ্যা না করিলে নয় অতএব এই স্থানে প্রথমতঃ শরীরের প্রধান২ আধারস্থানের এবং তদাধারের স্থিতিস্থানের ব্যাখ্যা করি যেহেতুক এই গ্রন্থের মধ্যে অন্য কোনো প্রকরণব্যাখ্যাকরণে যদ্যপি ঐ সকল বিষয় উপস্থিত হয় তবে অভ্যাসকেরা অনায়াসে সে সকলস্থিতিস্থান জানিতে পারিবেন।

॥ ২ ॥ অতএব প্রথমতঃ ত্বচ্ প্রভৃতিব্যাখ্যাকরণানন্তর মাংসপেশী নির্ণয় করা যাইবে তৎপরে শরীরের প্রত্যেকাধারস্থান নির্ণয় করিয়া সে সকল আধারস্থানের পৃথক২ কার্য্যের নিদর্শন দেওয়া যাইবে। অপর মস্তিস্ক নির্ণয়করণসময়ে তচ্ছিরা এবং জ্ঞানেন্দ্রিয় বিষয়ের ব্যাখ্যা করণাবশ্যক হইবে এবং হৃৎপিণ্ডের ব্যাখ্যা

করিলে পর রক্তচালনবিষয়েরও ব্যাখ্যা করিতে হইবে তৎপরে শরীরের স্থানান্তরস্থিত মলাদি স্বস্বস্থানে ক্রমেতে নির্ণীত হইবে।

॥ ৩ ॥ ব্যবচ্ছেদকেরা বৃহদুদরত্রয়েতে করিয়া শরীরকে বিশেষ করিয়াছেন। ঐ উদরত্রয়ের মধ্যে ঊর্দ্ধস্থোদর করোটা স্থিতে নির্ম্মিত এবং তাহাতে মস্তিষ্ক স্থিতি করে।

॥ ৪ ॥ দ্বিতীয় উদর কশেরুকার পৃষ্ঠাবর্ত্তকেতে এবং বুক্না স্থিতে এবং যথার্থ পর্শুকাতে এবং তদ্ভিন্ন মাংসপেশীতে এবং ত্বচপ্রভৃতিতে বক্ষোদর নামে উদর কৃত আছে ঐ উদরেতে হৃৎপিণ্ড এবং পুষ্পুষ বাস করে।

॥ ৫ ॥ অপর তৃতীয় অর্থাৎ অধঃস্থোদর ব্যবচ্ছেদকেরা তাহার সামান্যোদরসংজ্ঞা করিয়াছেন ঐ অধঃস্থোদর বক্ষোদরব্যবধায়ক নামে ত্বচেতে বক্ষোদরহইতে বিভিন্নীকৃত আছে। ঐ উদর কশেরুকার কট্যাবর্ত্তকেতে এবং কশেরুকামূলেতে এবং শ্রোণিফলকা স্থিতেএবং অযথার্থ পর্শুকাতে নির্ম্মিত তদ্ভিন্ন অন্ত্রবেষ্টনকারিণী ত্বচেতে এবং অন্যং বহুমাংসপেশীতে নির্ম্মিত। ঐ উদরেতে আমাশয় এবং অন্ত্র এবং অন্ত্রাবরণত্বচ্ এবং যকৃৎ এবং খুভিহ্বা এবং প্লীহা এবং ক্লোম এবং উপস্থাংশ স্থিতি করে।

॥ ৬ ॥ অপর সামান্য ত্বচের মধ্যে ব্যবচ্ছেদকেরা এইং বিশেষ করিয়াছেন অর্থাৎ বহিস্ত্বচ্ এবং জালবত্ত্বচ্ এবং চর্ম্ম এবং বসাধারত্বচ্ তদ্ভিন্ন কেশ এবং নখ এবং বসাগ্রন্থি এই সকলকে ব্যবচ্ছেদকেরা ত্বচ্যুক্তবস্তুর মধ্যে নির্ণয় করিয়াছেন।

# দ্বিতীয়খণ্ডের প্রথমাধ্যায়।

সামান্যত্বচের বিস্তার।

—০—

## এতদধ্যায়ের প্রথম পর্ব্ব।

### চতুঃসপ্ততিতম প্রকরণ।

বহিস্ত্বচের নিদর্শন।

॥ ১॥ ঐ বহিস্ত্বচ্ অতিসূক্ষ্ম এবং স্বচ্ছ এবং অব্যথনীয় এবং শিরাপ্রভৃতিরহিত এবং সে শরীরের চতুর্দ্দিগে চর্ম্মাবরণ করে ঐ বহিস্ত্বচের নির্ম্মাণবিষয় দৃশ্যবর্দ্ধকদূরবিনদ্বারা অনুসন্ধান করিলে অনুমান হয় যে ঐ বহিস্ত্বচ্ অনেক পত্রেতে নির্ম্মিত এবং ঐ পত্র বিমর্দ্দিত হইলে বৃদ্ধি পায় যথা হস্তে এবং চরণে যেহেতুক হস্তে কিম্বা পায়ে ঐ বহিস্ত্বচ্ কখনং অতিস্থূল হইয়া কর্কশ হয়। ব্যবচ্ছেদকেরা অনুমান করিয়াছেন যে ঐ বহিস্ত্বচ্ অনেক সূক্ষ্মমৃণালতন্ত্বাকৃতিবস্তুর দ্বারা চর্ম্মের সহিত সংযুক্ত হয় তাহাতে তপ্ত হইলে কিম্বা জলের সহিত আলোড়ন করিলে বিভিন্ন হয় এবং কোনোং ব্যবচ্ছেদকেরা অনুমান করিয়াছেন যে শরীরহইতে বায়ুরূপে নির্গত দ্রববস্তুতে ঐ বহিস্ত্বচ নির্ম্মিত হয় যেহেতুক ঐ দ্রববস্তু যখন শরীরের বহির্বায়ুর সহিত সংলগ্ন হয় তখন দৃঢ়ীভূত হয়। ব্যবচ্ছেদকেরা যে ঐরূপ অনুভব করিয়াছেন তাহার এইং কারণ অনুমান হয় যে বহিস্ত্বচ্ যখন কোনো এক কারণপ্রযুক্ত নষ্ট হয় তখন তাহা সর্ব্ব

স্থানে একসময়ে পুনর্নির্ম্মিত হয় কিন্তু শরীরের অন্য কোনো অংশ যদি কোনো আঘাতজন্য ক্ষত হয় তখন ঐ ক্ষতের চতুষ্পার্শ্ব হইতে তদংশ পুনর্বৃদ্ধি পাইয়া ক্ষতের মধ্যস্থানপ্রাপ্ত হয়। কিন্তু গর্ব্ভস্থ বালকের সর্ব্বাঙ্গে ঐ বহিস্ত্বচ্ আবৃতপ্রযুক্ত অতিস্থিরপ্রমাণ হয় যে ঐ বহিস্ত্বচ্ দ্রববস্তু দৃঢ়ীভূত হওনদ্বারা নির্ম্মিত নয় এবং লুবেন্‌হোক্ নামক ব্যবচ্ছেদক অনুমান করিয়াছেন যে চর্ম্মের সর্ব্বাঙ্গাবৃত্তি মলবিক্ষেপিকা নাড়ীর অগ্রভাগের বৃদ্ধিপ্রাপণদ্বারা বহিস্ত্বচ্ নির্ম্মিত হয় এবং রয়শ্‌নামক ব্যবচ্ছেদক কহিয়াছেন যে ঐ বহিস্ত্বচ্ চর্ম্মের শিরাগ্রভাগেতে নির্ম্মিত এবং হেস্তরনামক ব্যবচ্ছেদক অনুমান করিয়াছেন যে ঐ বহিস্ত্বচ্ শিরার অগ্রভাগ এবং মলবিক্ষেপকনাড়ী এই উভয়েতে নির্ম্মিত এবং মর্গাণি নামে অতিখ্যাত্যাপন্ন ব্যবচ্ছেদক কহিয়াছেন যে কেবল গর্ব্ভাপ্লাবক জলেতে এবং বায়ুর বিমর্দ্দনেতে চর্ম্মের বহিঃপার্শ্ব দৃঢ়ীভূত এবং অব্যথনীয় হওনেতে ঐ বহিস্ত্বচ্ কৃত হয় কিন্তু সেই বিষয়ে ব্যবচ্ছেদকেরা যাহা অনুমান করেন তাহাতে কোনো নিশ্চয় নাই।

॥ ২ ॥ ঐ বহিস্ত্বচেতে অগণ্য স্বেদনিষ্ক্রমণশুষির এবং লোমকূপ আছে ঐ শুষিরদিয়া স্বেদ বাষ্পের ন্যায় নির্গত হয় এবং তপ্তজল কিম্বা পারদ কিম্বা যে কোনো বস্তু শোষকনাড়ী দিয়া প্রবিষ্ট হইতে পারে সেসকল বস্তু ঐ বহিস্ত্বচের শুষিরদ্বারা শরীরে প্রবিষ্ট হয়। অপর বহিস্ত্বচে যেই রেখা দেখা যায় তাহা বহিস্ত্বচেতে অঙ্কিত নয় কিন্তু চর্ম্মের গাত্রেতে অঙ্কিত হয় তাহাতে ঐ বহিস্ত্বচ ঐ সকল রেখানুগামিনী।

## প্রথমাধ্যায়ের দ্বিতীয় পর্ব্ব।

### পঞ্চসপ্ততিতম প্রকরণ।

#### জালবত্ত্বচের নিদর্শন।

॥১॥ বহিস্ত্বচের এবং চর্ম্মের মধ্যস্থানে অন্য এক প্রকার বস্তু দেখা যায় তাহা স্বগৃৎপ্রযুক্ত এবং অনেক শুষিরেতে ব্যাপ্ত প্রযুক্ত মাল্‌পিঘিনামক ব্যবচ্ছেদক তাহার জালবত্ত্বচ্‌সংজ্ঞা করিয়াছেন কিন্তু সে যাহা হউক ইহা অতিপ্রমাণ যে ঐ বস্তু এক প্রকার নির্যাসস্বরূপ তাহা জলেতে আলোড়ন করিলে গলিত হয় কিন্তু বাহ্যত্বচ এবং চর্ম্ম তৎপ্রকার স্বভাবক নয়।

॥২॥ ঐ জালবত্ত্বচেতে মনুষ্যজাতির নানাবর্ণপ্রাপ্তি হয় যেহেতুক কৃষ্ণবর্ণলোকেতে ঐ ত্বগ্বদ্বস্তু কৃষ্ণবর্ণ কিন্তু চর্ম্ম স্ববর্ণভাবে থাকে।

॥৩॥ অপর অগ্নিদ্বারা কিম্বা তপ্তজলদারা যেং স্ফোটক হয় তদ্বিষয়ে কোনোং ব্যবচ্ছেদকেরা অনুমান করিয়াছেন যে তাহা ঐ নির্যাসের তপ্ততাহেতুক বৃদ্ধিপ্রাপণেতে হয় কিন্তু এখন অনুমান হয় যে তাহা নাড়ীর অধিক ক্রীড়নেতে এবং ঐ নাড়ীতে রক্তের সূক্ষ্মাংশের প্রক্ষেপের এবং আকর্ষণের বাহুল্যেতে হয়।

→»❀«←

## প্রথমাধ্যায়ের তৃতীয় পর্ব্ব।

### ষট্‌সপ্ততিতম প্রকরণ।

#### চর্ম্মের নিদর্শন।

॥১॥ চর্ম্ম নিবিড়ীভূত অনেক মৃণালবত্তন্তুদ্বারা নির্ম্মিত ঐ তন্তু

সমস্ত নিবিড়ীভূত জালবৎকৃত তাহাতে শিরার মৃণালবদগ্র এবং অসংখ্য রক্তনাড়ী এবং নির্যাসনাড়ী সর্ব্বত্র প্রবিষ্টা হয়।

॥ ২ ॥ চর্ম্মহইতে বহিস্ত্বচ্ বিভিন্ন করিলে ঐ চর্ম্মের সর্ব্বাবয়বে অনেক তিলগুটিকা দেখা যায় ঐ গুটিকা ক্ষুদ্র২ দানাকৃতি তাহাতে অনুমান হয় যে গাত্রে কোনো বস্তু লাগিলে তদ্দ্বারা স্পর্শানুভব হয় যেহেতুক যে স্থানে স্পর্শেন্দ্রিয় অতিসূক্ষ্ম সেই স্থানে ঐ গুটিকা অত্যনায়াসে দেখা যায় যথা হস্ততলেতে এবং অঙ্গুল্যাদিতে।

॥ ৩ ॥ অনেক ব্যবচ্ছেদকেরা অনুমান করিয়াছেন যে ঐ গুটিকা সমস্ত শিরার অগ্রভাগের গাঢ় বস্তুর অগ্রাংশ ঐ অগ্রাংশ সকল চর্ম্মের মধুচক্রবত্ত্বচেতে গুপ্ত। অতিশয় বেদনীয়হেতুক ঐ তিলগুটিকা সমস্তের ইহা অতিপ্রমাণ যে ঐ গুটিকাসমস্ত অতিশয় শিরাময় কিন্তু চর্ম্মের শিরার তন্তুতে যে ঐ গুটিকাসমস্ত নির্ম্মিত হইতে পারে ইহার অনুভব হয় না অতএব ব্যবচ্ছেদকেরা অনুমান করিয়াছেন যে ঐ গুটিকাসমস্ত চর্ম্মের অন্যাংশের ন্যায় নির্ম্মিত।

॥ ৪ ॥ ঐ সমস্ত গুটিকা নির্ণয়করণেতে বহিস্ত্বচের এবং জালবত্ত্বচের যেং কার্য্য তাহা অনায়াসে অনুভব হইতে পারে যেহেতুক জালবত্ত্বচেতে ঐ সমস্ত গুটিকা আর্দ্রভাবে থাকে এবং জালবত্ত্বচেতে ঐ গুটিকা বায়ুহইতে সুরক্ষিত হয় ঐ জালবত্ত্বচের দ্বারা ঐ গুটিকার অতিশয় বেদনীয় স্বভাব অল্পত্বপ্রাপ্ত হয়।

## প্রথমাধ্যায়ের চতুর্থ পর্ব্ব।

### সপ্তসপ্ততিতম প্রকরণ।

#### চর্ম্মের বসাগ্রন্থির নিদর্শন।

॥১॥ শরীরের অনেকং অংশে চর্ম্মের মধ্যে অনেক গ্রন্থি অর্থাৎ বসাকোষ দেখা যায় ঐ বসাগ্রন্থিহইতে এক প্রকার তৈলবদ্বস্তু নির্গত হয় তাহাতে চর্ম্ম স্নিগ্ধ এবং কোমল হয়। ঐ গ্রন্থিদ্বারা যেং দ্রুত বস্তু কৃত হয় তাহা যখন গাঢ় হয় তখন চর্ব্বির আকার এবং বর্ণ ধারণ করে তাহাতে ব্যবচ্ছেদকেরা ঐ গ্রন্থির বসাগ্রন্থিসংজ্ঞা করিয়াছেন ঐ গ্রন্থি নাসিকাতে এবং কর্ণেতে এবং চুচুকেতে এবং কক্ষেতে এবং বংক্ষণেতে এবং মুষ্কেতে এবং ভগেতে এবং মেঢ্রত্বচেতে অধিক স্থিতি করে।

॥২॥ ঐ সমস্ত বসাগ্রন্থি ছাড়াও প্রাচীন ব্যবচ্ছেদকেরা চর্ম্মেতে অন্য এক প্রকার গ্রন্থিনির্ণয় করিয়াছেন এবং কহিয়াছেন যে ঐ সমস্ত গ্রন্থি গোলাকৃতি এবং চর্ম্মের সর্ব্বত্র স্থিত এবং বসাগ্রন্থি হইতে অধিকসংখ্যক এবং কঙ্গুবীজাকৃতিপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা তাহার তৎসংজ্ঞা করিয়াছেন। স্তেনো নামধেয় ব্যবচ্ছেদক যিনি প্রথম ঐ গ্রন্থিনির্ণয় করিয়াছিলেন তিনি এবং মাল্পিঘি এবং রয়শ্ এবং বর্হেয়েন্ এবং বিন্স্লো এবং অন্যং ব্যবচ্ছেদকেরা যাঁহারা ঐ স্তেনো নামে ব্যবচ্ছেদকের মতাবলম্বী তাঁহারা কহিয়াছেন যে ঐ গুটিকা সমস্ত নিস্রামকপ্রণালীযুক্ত এবং ঐ

প্রণালী চর্ম্মের বহিঃপার্শ্বে নির্গত হওয়াতে তদ্দ্বারা স্বেদাদি নির্গত হয় কিন্তু প্রাচীন ব্যবচ্ছেদকেরদিগের নানা গ্রন্থেতে ঐ বিষয়ে যাহাং কহিয়াছেন তাহা সকল মিথ্যা এবং তাহারদিগের অনুভব ভ্রান্তিমাত্র।

## প্রথমাধ্যায়ের পঞ্চম পর্ব্ব।

### অষ্টসপ্ততিতম প্রকরণ।

#### অননুভবনীয় স্বেদের নিদর্শন।

॥ ১ ॥ অননুভবনীয় স্বেদ অর্থাৎ যে বস্তু অতিসূক্ষ্মবাষ্পের ন্যায় সর্ব্বদা শরীরের বহির্ভাগে নির্গত হয় তাহা কোনো এক বিশেষ গ্রন্থিহইতে নির্গত নয় কিন্তু অনুমান হয় যে তাহা চর্ম্মের সর্ব্বত্র ব্যাপ্তাতিসূক্ষ্ম রক্তপ্রবাহক নাড়ীর অগ্রভাগহইতে কেবল নির্গত হয়। শবেতে রক্তপ্রবাহক নাড়ীর মধ্যে জলবিক্ষেপ করিলে ঐ বিক্ষেপক নাড়ী অত্যনায়াসে অনুভূতা হয় যেহেতুক শবের রক্ত প্রবাহক নাড়ীতে জলবিক্ষেপ করিলে ঐ শবের চর্ম্মের সর্ব্বত্র জলবিন্দু নির্গত হয় তাহাতে মরণজন্যে রুদ্ধ শুষির বহিশ্চর্ম্মে উচ্চীকৃত হয় এবং জীবন্মনুষ্যের চর্ম্মের নিকটে দর্পণ রাখিলে তদ্দর্পণের গাত্র বাষ্পদ্বারা জলময় হয়। বিদ্লুনামে ব্যবচ্ছেদক অনুমান করিয়াছিলেন যে চর্ম্মহইতে বহিশ্চর্ম্মগামি প্রণালী দেখিয়াছিলেন এবং কহিয়াছিলেন যে বাষ্প ঐ প্রণালী দিয়া নির্গত হয় কিন্তু ঐ বিষয়ে ভ্রান্ত হইয়াছিলেন।

॥ ২ ॥ অননুভবনীয় স্বেদ কোনো এক কারণদ্বারা বর্দ্ধিত হইলে

ঐ স্বেদের অতিসূক্ষ্ম অনেক বিন্দু সংমিলিত হয় এবং যখন বহির্বায়ুকর্ত্তৃক জলত্বপ্রাপ্ত হয় তখন ঐ স্বেদ অনুভবনীয় হইয়া বিন্দুর আকৃতি ধারণ করে ব্যবচ্ছেদকেরা ঐ বিন্দুর স্বেদসংজ্ঞা* করিয়াছেন। মনুষ্য অনেক শ্রম করিলে কিম্বা যখন কোনো কারণ দ্বারা শরীরের জলবদ্বস্তু শরীরের বহিঃপার্শ্বে নির্গত হয় তখন ঐ অননুভবনীয় স্বেদের বাহুল্য হয় যেহেতুক ঐ সময়ে অন্যসময়াপেক্ষা নিষ্ক্রামক প্রণালী দিয়া অধিক স্বেদাত্মক বস্তু প্রবাহিত হয়।

—০—

## ঊনাশীতি প্রকরণ।

ঐ অননুভবনীয় এবং অনুভবনীয় স্বেদ এক প্রকার কিম্বা পৃথক বস্তু তন্নিদর্শন।

॥ ১ ॥ ঐ অননুভবনীয় এবং অনুভবনীয় স্বেদ এক প্রকার কিংকি [illegible] কেবল বাহুল্যেতে ভিন্ন কি না কিম্বা সেই সকল ভিন্ন২ স্থান হইতে উৎপন্ন কি না অথবা ভিন্ন২ বস্তুতে কৃত কি না ইহাতে ব্যবচ্ছেদকের মধ্যে অনেক বিবাদ হইয়াছে। শেষকথিত কারণের প্রমাণার্থে ব্যবচ্ছেদকেরা কহিয়াছেন যে ঐ অননুভবনীয় স্বেদ স্বাভাবিক এবং মনুষ্যের নিরাময়ার্থে অতিপ্রয়োজনার্হ কিন্তু অনুভবনীয় স্বেদ রোগমাত্র। ঐ বাক্যেতে কোনো প্রমাণ নাই তাহাতে অনুমান হয় যে ঐ অননুভবনীয় স্বেদ এবং অনুভবনীয় স্বেদ একরূপ বহিঃক্ষিপ্ত হয় কিন্তু বহুত্বেতে এবং অল্পত্বেতে এবং গুণেতে ভিন্ন। [illegible]ক যেহেতুক ঐ উভয় প্রকার স্বেদের মধ্যে প্রথম কথিত স্বেদ অ[illegible]

* লিঙরেলহোক্ নামে ব্যবচ্ছেদক কহিয়াছেন যে এক বিন্দু স্বেদ, অননুভবনীয় পঞ্চদশ বাষ্পবৎস্বেদবিন্দুতে নির্ম্মিত।

স্বেদাপেক্ষা অতিশয় জলবৎ এবং অধিকলবণবিশিষ্ট কিন্তু সে যাহা হউক চর্ম্ম এক প্রকার নির্ঝর স্থান তাহাতে ঐ চর্ম্ম দিয়া রক্তের বহুল জলাংশ এবং লবণাংশ নির্গত হয়।

—o—

## অশীতিতম প্রকরণ।

### ঐ অননুভবনীয় এবং অনুভবনীয় স্বেদের কার্য্যনির্দ্দেশ।

॥ ১॥ ঐ অননুভবনীয় স্বেদ কেবলচর্ম্মহইতে নির্গত নয় কিন্তু ফুস্ফুসগাত্র দিয়া তাহার অনেকাংশ নিত্য নির্গত হয়। মনুষ্যের গাত্রহইতে যেং অননুভবনীয়স্বেদ বিক্ষিপ্ত হয় সে অতিবিস্তর যেহেতুক সাংক্টোরিয়স্‌নামক * ইতালি জাতীয় ব্যবচ্ছেদক যে অনেক বৎসর অতিশয় যত্নপূর্ব্বক তৌলবিদ্যাদ্বারা অনেক পরীক্ষা করিয়াছিলেন তিনি প্রমাণদ্বারা স্থিরীকৃত অনেক প্রমাণ দি[illegible]ছেন যে যেবায়ু চর্ম্মহইতে এবং ফুস্ফুসহইতে নির্গত হয় সে [illegible]ঙ্কিত

* ব্যবচ্ছেদকেরা অননুভবনীয় স্বেদের বর্ণনে২ ঐ ব্যবচ্ছেদকের নামস্মরণার্থে সাংক্টোরিয়স্‌সংজ্ঞা করিয়াছেন। ঐ সাংক্টোরিয়স্‌ নামে ব্যবচ্ছেদক বেনিশ নাম নগরাধিঃ পাতিস্থানে জন্মিয়াছিলেন এবং পরেতে পাদুয়ানাম নগরের চিকিৎসালয়ে তর্কালঙ্কার পদে নিদিষ্ট হইয়াছিলেন। ঐ ব্যবচ্ছেদক অননুভবনীয় স্বেদের নিশ্চয়জ্ঞানার্থে এইং বীরা বিরিয়াছিলেন তিনি প্রতিদিবসিক আহারের এবং অনুভবনীয় বিক্ষিপ্ত মলের তৌল করণার্থে যে এক প্রকার তৌলের পাত্র সেই কার্য্যজন্যে নির্ম্মাণ করিয়াছিলেন [illegible]দ্বারা অতিনিশ্চয়রূপে প্রতিদিবসিক অননুভবনীয় বিক্ষিপ্তস্বেদের পরিমাণ জ্ঞাত হইতেন এবং যেসকল পরীক্ষা তিনি অতিশয় ধৈর্য্যপূর্ব্বক অনেককালপর্য্যন্ত করিয়া[illegible]লেন তদ্দ্বারা তিনি নিশ্চয় জ্ঞাত হইলেন যে কোনপ্রকার ভক্ষ্যেতে ঐ অননুভব[illegible]য় [illegible]দ বৃদ্ধি কিম্বা অল্পতা প্রাপ্ত হয়। ঐ সমস্ত পরীক্ষানুভবদ্বারা ঐ ব্যবচ্[illegible] ঐ অননুভবনীয় [illegible]দেবিষয়ক এক গ্রন্থ রচনা করিয়া ১৬১৪ শালে বেনিশ্‌ ন[illegible] নগরে তাহা ছাপা করাই[illegible] প্রকাশ করিয়াছিলেন।

বস্তুর অষ্টমাংশের পঞ্চমাংশ তুল্য হয়। তাহাতে যদ্যপি কোনো ব্যক্তি ইতালি গ্রীষ্ম দেশে চারি সের ভক্ষ্য আহার করে তবে দিবারাত্রির মধ্যে ঐ আহারের সার্দ্ধদ্বয় সের অননুভবনীয় স্বেদের ন্যায় নির্গত হয় এবং সার্দ্ধ সের বিষ্ঠা এবং মূত্র এবং নিষ্ঠীব ইত্যাদিরূপে নির্গত হয় কিন্তু অন্যং দেশে যে স্থানে ইতালি দেশের মত গ্রীষ্ম নয় সেই দেশে অননুভবনীয় স্বেদের নির্গমন অত্যল্প তাহাতে পৃথিবীর কোনোং উত্তরাংশ দেশেতে ইহা প্রমাণ হইয়াছে যে মূত্ররূপে যত নির্গত হয় তত স্বেদরূপে নির্গত হয় না এবং তাহা ছাড়াও ব্যবচ্ছেদকেরা ইহারও প্রমাণ পাইয়াছেন যে ঐ স্বেদ ঋত্বনুসারে এবং মনুষ্যের নির্ম্মাণানুসারে এবং বয়োনুসারে এবং মৈথুনানুসারে এবং রোগানুসারে এবং আহারানুসারে এবং শ্রমানুসারে এবং ইন্দ্রিয়ানুসারে ইত্যাদি পৃথকং লোকেতে পৃথকং রূপে নির্গত হয়।

॥ ২ ॥ স্বেদপ্রকরণে যাহা কথিত হইয়াছে তাহাতে এবিষয় অত্যনায়াসে অনুভব হয় যে ঐ স্বেদের নির্গমনবাহুল্য কিম্বা অল্পতা হইলে পীড়াদায়ক হয়।

॥ ৩ ॥ ঐ স্বেদ এবং মূত্র স্বভাবত অতিসমান যেহেতুক উভয়ের আস্বাদনে এবং লবণতাতে তাহা অনুমান হয়*। এস্থানে এতদ্বিষয় অতিগণনীয় যে ঐ উভয় দ্রব্যের মধ্যে কোনো এক দ্রব্যের বাহুল্য হইলে অন্যের অল্পতা হয় তাহাতে যে ব্যক্তির অল্পস্বেদ তাহার

* যাহারা কাঁচনির্ম্মাণবিষয়ে কর্ম্মকার্য্য করে তাহারদিগের বস্ত্রেতে ক্ষুদ্রং কাঁচবিষা কৃতি উৎপন্ন হয়।

প্রায় সর্ব্বদা অধিক মূত্র নির্গত হয় এবং যাহার অল্প মূত্র তাহার অধিক স্বেদ নির্গত হয়।

## প্রথমাধ্যায়ের ষষ্ঠ পর্ব্ব।

### নখের নিদর্শন।

॥১॥ নখ অতিঘন এবং দৃঢ়বস্তু এবং শৃঙ্গের ন্যায় স্বচ্ছ ঐ নখের উৎপত্তি কিরূপে হয় তাহা অদ্যাপি ব্যবচ্ছেদকেরদিগের বিরোধের কারণ হইয়াছে। মাল্পিঘিনামে ব্যবচ্ছেদক অনুভব করিয়াছিলেন যে নখ চর্ম্মের তিলগুটিকার উদ্বর্দ্ধনেতে কৃত হয় কিন্তু লুদ্বিগ্ নামে ব্যবচ্ছেদক প্রমাণ দিতে চাহিয়াছিলেন যে ঐ নখ রক্তনাড়ীর এবং শিরার অগ্রোদ্বর্দ্ধনহইতে উৎপন্ন হয় কিন্তু ঐ দুইমত এতৎকালীন ব্যবচ্ছেদককর্তৃক রদ হইয়াছে।

॥২॥ অনুমান হয় যে ঐ নখ বহিস্ত্বগাত্মক যেহেতুক নখ বহিস্ত্বচের মত নাড়ীরহিত এবং অব্যথনীয় এবং আলোড়ন দ্বারা কিম্বা অন্য কোনো পীড়নদ্বারা বহিস্ত্বচ্ চর্ম্মহইতে পৃথক হইলে তাহার সহিত নখও পৃথক হয়।

॥৩॥ অনুমান হয় যে ঐ নখ অসমান এবং উপর্য্যুপরি পৃথক২ পত্রেতে কৃত এবং ঐ প্রত্যেক পত্র অনুপ্রস্থগামিতন্তুবদ্বস্তুতে কৃত।

॥৪॥ প্রত্যেক নখেতে অংশত্রয় করিয়াছেন বিশেষতঃ তন্মূল এবং তদ্গাত্র অর্থাৎ মধ্যাংশ এবং তদগ্রভাগ। ঐ নখের মূলভাগ অতি কোমল এবং পাতল এবং শুক্লবর্ণ এবং অর্দ্ধচন্দ্রা

কৃতি এবং নখের মূলাংশেতে ঐ বহিস্ত্বচ অতিদৃঢ়রূপে সংযুক্ত। ঐ নখের গাত্রভাগ মূলভাগাপেক্ষা প্রশস্ত এবং রক্তবর্ণ এবং মূল এবং তদগ্রভাগ অন্যাংশদ্বয়াপেক্ষা অতিদৃঢ়।

॥ ৫ ॥ ঐ নখের বৃদ্ধি তন্মূলেতে হয় কিন্তু উর্দ্ধাংশ বৃদ্ধি পায় না।

॥ ৬ ॥ ঐ নখের প্রধানকার্য্য এই তদ্দ্বারা হস্তের এবং পাদের অঙ্গুল্যগ্র সুরক্ষিত হয়।

## প্রথমাধ্যায়ের সপ্তম পর্ব্ব।

### দ্ব্যশীতিতম প্রকরণ।

কেশের নিদর্শন।

॥ ১ ॥ কেশের নিদর্শন দেওয়া ব্যর্থ যেহেতুক কেশ কি তাহা সকলেই অবগত আছেন। ঐ কেশ চর্ম্মের অধঃস্থিত মধুচক্রবত্ত্বচেতে স্থিত পৃথক২ কোষহইতে উৎপন্ন হয়* ঐ কোষসকলের মধ্যে

* মালপিঘিনামে ব্যবচ্ছেদক এবং তাঁহার পরে রয়শ নামে ব্যবচ্ছেদক অনুমান করিয়াছিলেন যে কেশ শিরার অগ্রের বৃদ্ধিহইতে অর্থাৎ চর্ম্মের তিলগুটিকাহইতে উৎপন্ন হয় যেহেতুক তাঁহারা অনুমান করিয়াছিলেন যে ঐ তিলগুটিকা শিরাময় এবং ঐ মতের প্রমাণার্থে তাঁহারা কহিতেন যে কেশোৎপাটনেতে মনুষ্য ব্যথা পায়। কিন্তু ঐ ব্যবচ্ছেদকের পরে যে২ব্যবচ্ছেদকেরা গ্রন্থরচনা করিয়াছেন তাঁহারা ঐ মত অন্যথা করিয়া কহিয়াছেন যে কেশ চর্ম্মের তিলগুটিকাহইতে উৎপন্ন নয় কিন্তু ঐ কোষহইতে উৎপন্ন যেহেতুক যে২ স্থানে ঐ তিলগুটিকা অনেক থাকে সেই২ স্থান কেশরহিত।

কোনো২ কোষেতে কেশের অনেক মূল স্থিতি করে যথা মার্জ্জার ওষ্ঠেতে।

॥ ২ ॥ কেশ নখের ন্যায় মূলহইতে বৃদ্ধি পায় যেহেতুক মূলে উদ্বর্দ্ধনদ্রব্যপ্রাপ্ত হইলে উত্তরোত্তর অধোভাগহইতে প্রবর্দ্ধিত হয়। ঐ কেশকোষ দৃশ্যবর্দ্ধক দূরবিন্দুদ্বারা দৃষ্টি করিলে অনুমান হয় যে স্থানবিশেষে সেসকলের পৃথক২ আকার হয় বিশেষতঃ মস্তকে এবং মুস্কে ঐ কেশকোষ বর্ত্তুলাকার এবং ভ্রূতে ডিম্বাকৃতি এবং শরীরের অন্য২ স্থানে শলাকাকৃতি। ঐ প্রত্যেক কোষ ত্বগ্দ্বয়েতে কৃত অনুমান হয় এবং ঐ ত্বগ্দ্বয়ের মধ্যস্থানে একপ্রকার জলবদ্বস্তু স্থিতি করে ঐ প্রত্যেক কোষের মধ্যে কেশ ত্রিমূলক কিম্বা চতুর্মূলক হয় এবং কেশের গাত্রাংশ অর্থাৎ যে অংশ চর্ম্মের বহির্ভাগে থাকে তাহা দেশানুসারে এবং বয়োনুসারে এবং শরীরের উষ্ণানুষ্ণানুসারে নানাবর্ণ এবং দৃঢ় কিম্বা কোমল স্বভাব হয়।

॥ ৩ ॥ শরীরেতে যে সামান্য লোম তাহার নিশ্চয়কার্য্য অদ্যাপি ব্যবচ্ছেদকেরা সুস্পষ্টরূপে জ্ঞাত নন কিন্তু স্থানান্তরস্থিত লোম যথা ভ্রূতে এবং অক্ষিপুটে স্থিত সেসকল পৃথক২ কার্য্যের নিমিত্তে নির্ম্মিত তাহাতে তদ্বিষয়ক প্রকরণ উপস্থিত হইলে সেসকলের পৃথক২ কার্য্য বিস্তারিত করা যাইবে।*

* কেশের মধ্যেও বিশেষ২ আছে তাহাতে ব্যবচ্ছেদকেরা কেশপ্রকারদ্বয় করিয়া নির্ণয় করিয়াছেন প্রথমতঃ কেশ যথা মস্তক এবং শ্মশ্রু এবং মুস্কলোম এবং কক্ষলোম দ্বিতীয়তঃ গাত্রস্থিত অন্যান্য কোমললোম।

## প্রথমাধ্যায়ের অষ্টম পর্ব্ব।

### ত্র্যশীতিতম প্রকরণ।

মধুকোষবত্ত্বচের এবং বসার নিদর্শন।

॥১॥ ঐ মধুকোষবত্ত্বচের বিষয় ব্যবচ্ছেদকেরা প্রমাণপূর্ব্বক জ্ঞাত হইয়াছেন যে তাহা শরীরের প্রধান২ অংশ কেবল বেষ্টন করিয়া থাকে না কিন্তু সর্ব্বাপেক্ষা অতিসূক্ষ্মতন্তু আবরণ করিয়া থাকে অতএব বিষয়জ্ঞেরা অতিযথার্থরূপে অনুমান করিয়াছেন যে ঐ ত্বক্ শরীরের পৃথক২ অংশ সংলগ্নকারি বস্তু হয়।

॥২॥ ঐ মধুচক্রবত্ত্বচ্ পরস্পর সংযোগকৃত অগণনীয় ক্ষুদ্র২ কোষেতে নির্ম্মিত ঐ প্রত্যেক কোষের এক কোষহইতে অন্য কোষে পরস্পরগমনপথ আছে যেহেতুক যে রোগদ্বয়েতে ঐ ত্বচ্ রোগযুক্ত হয় তদ্দ্বারা ঐ কোষের পরস্পরগমনপথের প্রমাণ নিশ্চয় হইয়াছে যেহেতুক বায়ুস্ফীতিরোগেতে ঐ ত্বচের তাবৎ কোষ বায়ুদ্বারা স্ফীত হয় এবং বহুজলজ্বরোগেতে জলেতে স্ফীত হয়। ঐ সকল ত্বচের প্রত্যেক কোষের মধ্যে যে বায়ুর এবং জলের গমন পথ আছে রোগহেতুক তাহার দুই প্রমাণ দিয়াছি তদ্ভিন্ন এই এক প্রমাণ আছে যে যখন মাংসবিক্রয়ী মাংসবিক্রয়ার্থে মাংস পুষ্ট দর্শাইতে চায় তখন তাহারা ঐ ত্বচেতে ছিদ্র করিয়া মাংসের মধ্যে বায়ু পূর্ণ করে।

## চতুরশীতিতম প্রকরণ।

### বসার নিদর্শন।

॥১॥ ঐ মধুচক্রবত্ত্বচের প্রত্যেক কোষ রক্তের স্নিগ্ধাংশের আধার হয় ঐ স্নিগ্ধাংশ অর্থাৎ বসা ঐ ত্বচের কোষের প্রত্যংশ গামিরক্তপ্রবাহকনাড়ীর পার্শ্বদিয়া বা হউক কিম্বা ঐ রক্তপ্রবাহকনাড়ীর অগ্রভাগহইতে নির্গত অন্যং বিশেষ নাড়ীর পার্শ্ব দিয়া বা হউক নির্গত হইয়া ঐ মধুচক্রবত্ত্বচের প্রত্যেক কোষেতে স্থিতি করে। ঐ কোষসমস্ত যেরূপ মাল্‌পিঘিনামে ব্যবচ্ছেদক এবং তাঁহার পরে অন্যং ব্যবচ্ছেদকেরা অনুমান করিয়াছেন তদ্রূপ মাংসগ্রন্থ্যাত্মক নয় যেহেতুক ঐ বসা পুনর্ব্বার আকৃষ্ট হইয়া নির্য্যাসনাড়ীদ্বারা শরীরেতে পুনর্ব্যাপ্ত হয় ঐ বসা যে শরীরে পুনরাকৃষ্ট হয় তাহাতে এই এক প্রমাণ আছে যে অনেকং রোগেতে বিশেষতঃ ক্ষয়রোগেতে ঐ বসা অতিশয় ক্ষয়প্রাপ্ত হয়।

॥২॥ ঐ মধুচক্রবত্ত্বচের প্রত্যেক কোষেতে বসার অল্পতা কিম্বা বাহুল্যানুসারে মনুষ্য ক্লিষ্ট কিম্বা পুষ্ট হয়।

॥৩॥ সজীব শরীরেতে ঐ বসা তৈলবৎ কিন্তু মৃত্যুর পরে ঘণীভূত হয় এবং তৃণভক্ষকজন্ত্বপেক্ষা ঐ বসা মনুষ্যেতে কিঞ্চিৎ দ্রবীভূত।

॥৪॥ ঐ বসা কেবল চর্ম্মসমীপে স্থিতি করে না কিন্তু প্রত্যেক মাংসপেশীর মধ্যস্থানেও স্থিতি করে তদ্ভিন্ন অস্ত্রাবরণেতে এবং কোষ্ঠেতে এবং হৃৎপিণ্ডের মূলাংশে এবং চক্ষুঃকোটরে এবং অন্যং স্থানে স্থিতি করে।

॥ ৫॥ ঐ বসার প্রধান কার্য্য ইহা অনুমান হয় যে শরীরের যেং অংশের সহিত ঐ বসাসংযুক্ত তদংশের স্নিগ্ধতাকারিণী হয় এবং ঐ বসাদ্বারা মাংসপেশীর ক্রীড়ার সুগম হয় এবং তদ্দারা শরীরের সমস্ত বহির্ভাগ সমানীকৃত হইয়া তাহাতে শরীর সৌন্দর্য্যপ্রাপ্ত হয়।

## দ্বিতীয় খণ্ডের দ্বিতীয়াধ্যায়।

### পঞ্চাশীতিতম প্রকরণ।

মাংসপেশীর নির্ণয়।

॥১॥ মাংসপেশী শরীরে স্পন্দনকারী হয় ব্যবচ্ছেদকেরা শরীরের যেং অংশের মাংসপেশীসংজ্ঞা করিয়াছেন সেই সকল অংশ বিস্তারসমর্থক এবং পুনস্স্বপ্রকৃতিপ্রাপণসমর্থক পৃথক২ মাংসপিণ্ডেতেকৃত এবং নীরোগিমনুষ্যেতে ঐ সকল মাংসপেশীর স্পন্দনশক্তি মনুষ্যের ইচ্ছারশীভূতা তাহাতে ব্যবচ্ছেদকেরা ঐ মাংসপেশীর ইচ্ছানুগত মাংসপেশীসংজ্ঞা করিয়াছেন। ঐ প্রকার মাংসপেশী ভিন্নও শরীরের মধ্যে অন্যং অংশ আছে ঐ অংশের স্বপ্রকৃতিপ্রাপণশক্তি মাংসপেশীর তন্তুবৎ অংশহইতে উৎপন্ন হয় যথা হৃৎপিণ্ড ঐ হৃৎপিণ্ড অন্তরশূন্যমাংসপেশীবৎ এবং মাংসপেশীপ্রকৃতিবিশিষ্ট তদ্ভিন্ন ক্লোম এবং আমাশয় এবং অন্ত্রইত্যাদি অংশ স্বমধ্যস্থিতদ্রব্যের উপরি স্পন্দনসমর্থ যেহেতুক ঐ অংশ সকল মাংসপেশীর তন্তুবত্তন্তুবিশিষ্ট। ব্যবচ্ছেদকেরা শরীরের ঐ সকল বিশেষং অংশের ইচ্ছানুনুগতমাংসপেশীসংজ্ঞা করিয়া

ছেন যেহেতুক ঐ সকল অংশ ইচ্ছানুগত হইয়া স্পন্দন করে না। অপর নিশ্বাস এবং প্রশ্বাসসম্পাদক মাংসপেশী বিষয়ভেদেতে করিয়া ইচ্ছানুগত এবং ইচ্ছাননুগত অতএব তাহার উভয়াত্মকসংজ্ঞা করিয়াছেন।

॥ ২ ॥ অপর ইচ্ছানুগত পৃথক২ মাংসপেশীর ব্যবচ্ছেদকেরা ক্ষুদ্রত্ববৃহত্ত্বানুসারে এবং আকারানুসারে এবং স্থিত্যনুসারে এবং তন্মধ্যস্থিত তন্তুব্যবস্থানুসারে এবং উৎপত্ত্যনুসারে এবং তৎপ্রবেশানুসারে সংজ্ঞা করিয়াছেন। ঐ সমস্ত ভেদছাড়াও অন্যং অনেক অতিশয় কথনপ্রয়োজনার্হ ভেদ আছে যেহেতুক যদ্যপি কোনো মাংসপেশীর তন্তু রেখাবৎ একদিগে গতি করে তবে ব্যবচ্ছেদকেরা সেই মাংসপেশীর সরলমাংসপেশীসংজ্ঞা করিয়াছেন কিন্তু যে মাংসপেশীর তন্তু দীর্ঘপ্রস্থগামি সে সকলের উভয়াত্মক মাংসপেশীসংজ্ঞা করিয়াছেন এবং যে মাংসপেশীর তন্তু সূর্য্যকিরণবৎ সে সকলের কিরণবন্মাংসপেশীসংজ্ঞা করিয়াছেন এবং যে মাংসপেশীর তন্তু তৎস্নায়ুহইতে পক্ষির পাখার ন্যায় তের্চাগামি সে সকলের পক্ষবন্মাংসপেশীসংজ্ঞা করিয়াছেন।

॥ ৩ ॥ যে মাংসপেশী ক্রীড়াবিষয়ে বিরুদ্ধকারী সেই সকল মাংসপেশীর বিরুদ্ধসংজ্ঞা ব্যবচ্ছেদকেরা করিয়াছেন তাহা ও প্রত্যেক বিস্তারকমাংসপেশীর বিরুদ্ধরূপে অন্য এক আকর্ষক নামক মাংসপেশী থাকে এবং ঐরূপে প্রত্যেক আকর্ষকমাংসপেশীর বিরুদ্ধরূপে অন্য এক বিস্তারকমাংসপেশী থাকে এবং যেং মাংসপেশী অন্য মাংসপেশীর সাহায্যকারী সে সকলের সাহায্যকারী মাংসপেশীসংজ্ঞা করিয়াছেন।

॥ ৪ ॥  মাংসপেশীসকল অস্থির সহিত সংযুক্ত অতএব ঐ অস্থি সকল চাঁড়দণ্ডের ন্যায় অনুমান হয় এবং ঐ অস্থি দিগ্দিগন্তর মাংসপেশীর সঙ্কোচনদ্বারা চালিত হয়।

॥ ৫ ॥  মাংসপেশীর যে অগ্র শরীরের কোনো দৃঢ়াংশেতে বদ্ধ ব্যবচ্ছেদকেরা সেই অগ্রের তন্মাংসপেশীর উৎপত্ত্যংশসংজ্ঞা করিয়াছেন এবং যে অগ্র শরীরের কোনো ক্রীড়াসমর্থকাংশের সহিত বদ্ধ সে অগ্রের তন্মাংসপেশীপ্রবেশাংশসংজ্ঞা করিয়াছেন।

॥ ৬ ॥  প্রত্যেক মাংসপেশীর মধ্যে দুইপ্রকার তন্তু আছে তন্মধ্যে এক প্রকার অতিকোমল এবং রক্তবর্ণ এবং স্পর্শাভিজ্ঞ এবং ব্যথাভিজ্ঞ সেই সকলের মাংসতন্তুসংজ্ঞা ব্যবচ্ছেদকেরা করিয়াছেন এবং অন্য প্রকার তন্তুসকল অন্যতন্তুহইতে দৃঢ় এবং চক্চকিয়া শুক্লবর্ণ এবং ব্যথানভিজ্ঞ এবং স্পর্শানভিজ্ঞ এবং সঙ্কোচনশক্তিহীন ঐ সকল তন্তুর ব্যবচ্ছেদকেরা স্নায়ুতন্তুসংজ্ঞা করিয়াছেন। ঐ উভয়াত্মক তন্তু শরীরের স্থানেং পরস্পর মিশ্রিত কিন্তু মাংসতন্তু উদরদেশে কিম্বা মাংসপেশীর মধ্যস্থানে অধিক থাকে কিন্তু স্নায়ুতন্তু মাংসপেশীর অগ্রভাগে অধিক থাকে। ঐ স্নায়ুর তন্তু যখন সংমিলিত হইয়া রজ্জ্বাকৃতি হয় তখন ব্যবচ্ছেদকেরা সে সকলের মাংসপেশীস্নায়ুসংজ্ঞা করিয়াছেন কিন্তু যদ্যপি ঐ তন্তু বিস্তৃত হইয়া চেপ্টাকৃতি হয় তখন ঐ মাংসপেশীর অগ্রভাগের লাঙ্গলসংজ্ঞা করিয়াছেন।

॥ ৭ ॥  অনেক মাংসপেশীর স্নায়ুবদংশ যখন দীর্ঘ হয় এবং স্বস্বসীতাতে বহুপীড়নপ্রাপ্ত হয় তখন মাংসপেশীর স্নায়ু সেই স্থানে প্রায় সর্ব্বদা এক প্রকার স্নায়ুবৎ কোষেতে আবৃত থাকে

এবং সেই কোষেতে অন্য এক নির্য্যাসকোষস্থিতি করে তাহাতে পীড়নসময়ে ঐ স্থান সুরক্ষিত হয়। কখনং কোনোং মাংস পেশী সর্ব্বত্র ঐ প্রকার কোষ আবৃত করে এবং কখনং অনেক মাংসপেশী এক কোষেতে আবৃত থাকে তাহাতে ঐ কোষ হইতে সে সকল মাংসপেশীর অনেক তন্তু উৎপন্ন হইয়া ঐ কোষ মধ্যবর্ত্তী হইয়া অস্থির আল্যাকৃতি স্থানেতে বদ্ধ হয় তাহাতে ক্রীড়া সময়ে ঐ মাংসপেশী অধিকরূপে স্ফীতহওনে নিবারিত হয় এবং ঐ রূপে যে ঐ কোষ মাংসপেশী আবরণ করিয়া থাকে তাহার দৃষ্টান্তার্থে উরুদেশের প্রশস্তগুচ্ছ অতিগণনীয়।

॥ ৮ ॥ প্রত্যেক মাংসপেশী অতিসূক্ষ্ম মধুকোষবৎ এক ত্বচেতে আবৃত থাকে তাহাতে কোনং ব্যবচ্ছেদকেরা অতাযথার্থরূপে অনুমান করিয়াছেন যে ঐ ত্বচ্ কেবল মাংসপেশীতে আবৃত হইয়া থাকে এবং তাহা অনুমান করিয়া সে মাংসপেশীত্বচের যথার্থত্বচসংজ্ঞা করিয়াছেন ঐ মধুকোষবত্বচ্ মাংসপেশীর তাবদ্ভাগ আবরণ করিয়া তদগ্রভাগ মাংসপেশীর মধ্যে প্রবিষ্ট হইয়া ঐ মাংস পেশীর অতিসূক্ষ্মং তন্তু আবরণ করে এবং ঐ মাংসপেশীর রক্ত নাড়ীর এবং শিরাপ্রভৃতির সুরক্ষা করে।

॥ ৯ ॥ লিবেন্হোক্ নামে ব্যবচ্ছেদক অনুমান করিয়াছিলেন যে তিনি দৃশ্যবর্দ্ধকদূর্ব্বিন্দ্বারা মাংসপেশীর মধ্যে সর্ব্বাপেক্ষা সূক্ষ্মতন্তুর অন্তপ্রাপ্ত হইয়াছিলেন এবং কহিয়াছিলেন যে ঐ তন্তুর দংশের অগ্রভাগ কেশহইতে শতগুণ সূক্ষ্ম কিন্তু তিনি যে ঐ বিষয়ে ভ্রান্ত হইয়াছিলেন তাহা পরেতে স্বীকৃত হইয়া কহিলেন যে যে তন্তু আমি কেবল এক তন্তু অনুমান করিয়াছিলাম সে তন্তু এক নহে কিন্তু সমূহ।

॥১০॥ মাংসপেশীসমস্ত যে গুচ্ছরূপে একত্রবদ্ধীভূত তদ্বাক্য পদার্থে যে জন্তুর মাংস অতিসূক্ষ্ম নয় তাহা দৃষ্টি করিয়া দেখিলে অনায়াসে প্রবোধ হয়।

॥১১॥ অপর পশুর মাংস যে অন্যজীবির মাংসাপেক্ষা অতিরক্তবর্ণ তাহার কারণ এই যে পশুর মাংস অতিশয়রক্তনাড়ীতে পরিপূর্ণ। মাংসপেশীর তন্তু জলেতে আলোড়িত করিলে তাহা রক্তরহিতশরীরের অন্য কোনো অংশের ন্যায় শ্বেতবর্ণ হয়। মাংসপেশীর মধ্যে যেং রক্তনাড়ী থাকে তদনুগামি অন্যং শিরাও আছে ঐ নাড়ীর এবং শিরার সংখ্যা এমত অতিশয় যে কোনো এক মাংসপেশীতে তদ্রক্তনাড়ীর কিম্বা তচ্ছিরোপশাখার উদ্দেশ লওনেতে অন্ত পাওয়া যায় না কেননা অনুমান হয় যে ঐ মাংস পেশী কেবল নাড়ীতে এবং শিরাতে কৃত।

॥১২॥ মাংসপেশী যদ্যপি কোনো অস্ত্রদ্বারা বিদ্ধ হয় কিম্বা কোনো বস্তুদ্বারা পীড়নপ্রাপ্ত হয় তবে সে তৎক্ষণাৎ সঙ্কুচিত হয় ঐ বেদনীয় স্বভাব মাংসপেশীর অতিসূক্ষ্মতন্তুর প্রধানপদার্থ তাহাতে অনুমান হয় যে শরীরের অদৃশ্যাংশও তন্তুবিশিষ্ট। ইচ্ছাননুক্রমে পীড়নপ্রাপ্তসময়ে মাংসপেশীর যে ঐ প্রকার সঙ্কোচনশক্তি ব্যবচ্ছেদকেরা অনুমান করিয়াছেন যে সে তদন্তর্গত স্বভাব অতএব তাঁহারা ঐ স্বভাবের তদন্তর্গত রজোগুণ সংজ্ঞা করিয়াছেন।

—০—

## ষড়শীতিতম প্রকরণ।

### রজোগুণের নিদর্শন।

॥১॥ ঐ রজোগুণ স্থিতিস্থাপকপ্রকৃতির ন্যায় অনুমান করিবেন না।

যেহেতুক শরীরের ত্বচ্ এবং অন্যং অংশও মাংসপেশির ন্যায় ঐ গুণাপন্ন। ঐ রজোগুণ বেদনীয়প্রকৃতিস্বরূপ জ্ঞান করিবেন না যেহেতুক হৃৎপিণ্ড শরীরের অন্য সমস্তাংশাপেক্ষা পুবর্ত্তনীয় হইলেও মাংসপেশ্যংশের মধ্যে ঐ হৃৎপিণ্ড সর্ব্বাপেক্ষা ন্যূনবেদনীয় জানিবেন।

॥ ২॥ মাংসপেশীর মৃণালবত্তন্তু সংকুচিত হওনানন্তর যাবৎ পুনর্ব্বার চালিত না হয় তাবৎ শ্লথভাবে থাকে এবং পুনর্ব্বার চালিত হইলে পুনর্ব্বার ঐ রীত্যনুসারে শ্লথ হয় তদ্ভিন্নও অন্য মাংসপেশ্যভিগমনকারিণী কোনো এক শিরা পীড়নপ্রাপ্ত হইলে ঐ মাংসপেশী সঙ্কুচিত হয় কিন্তু যে মাংসপেশীর মধ্যদিয়া ঐ শিরা গমন করে তাহা পীড়নপ্রাপ্ত নয়।

॥ ৩॥ ঐ রজোগুণ ক্ষুদ্রজীবিতে এবং অল্পবয়স্কজীবাপেক্ষা বৃদ্ধজীবিতে এবং বৃহজ্জীবিতে অধিক থাকে।

॥ ৪॥ ইচ্ছানুগামি মাংসপেশীতে ঐরূপ সংকুচিত এবং শ্লথ হওনশক্তি শিরাশক্তিদ্বারা মনুষ্যের ইচ্ছানুগত হয় তাহাতে ব্যবচ্ছেদকেরা ঐ শক্তির শিরাশক্তিসংজ্ঞা করিয়াছেন শিরার ঐ শক্তিকে রজোগুণ অনুভব করিবেন না। হালেরনামক ব্যবচ্ছেদকের মতেতে ঐ রজোগুণ এবং শিরাশক্তি অতিবিভিন্ন কিন্তু এতৎকালীন মন্রোনামক ব্যবচ্ছেদক এবং অন্যং ব্যবচ্ছেদকেরা ঐ মত অন্যথা করিয়াছেন অতএব এই স্থানে ঐ মন্রোনামক ব্যবচ্ছেদক যে ঐ মত অন্যথা করিয়াছেন তাহার কতগুলি কারণ যেরূপ তিনি শিরাবিষয়ক গ্রন্থেতে ব্যাখ্যা করিয়াছেন তদ্রূপে ব্যাখ্যা করি।

## সপ্তাশীতিতম প্রকরণ।

### শিরাশক্তির নির্দ্দেশ।

॥ ১ ॥ ঐ মন্রোনামক ব্যবচ্ছেদক কহিয়াছেন যে ঐ হালের নামক ব্যবচ্ছেদক ঐ বিষয়ে স্বমত স্থাপনার্থে যে পরীক্ষাদ্বারা প্রমাণ দিয়াছেন তাহার মধ্যে প্রধান পরীক্ষা এই যে হৃৎপিণ্ড এবং মাংস পেশী মস্তিষ্কহইতে বিভিন্ন হইলে এবং যে সময়ে শিরার রস মনঃ কর্ত্তৃক কিম্বা অন্য কোনো শক্তিকর্ত্তৃক মাংসপেশীমধ্যে চালিত নয় সে সময়ে ঐ হৃৎপিণ্ড এবং মাংসপেশী স্বস্বশক্তিদ্বারা কিম্বা অন্য কোন প্রবর্ত্তকদ্বারা কিম্বা শক্তিদ্বারা চালিত হইতে পারে।

॥ ২ ॥ ঐ বিষয়ে ঐ মন্রোনামক ব্যবচ্ছেদক যাহা কহিয়াছেন তদ্বিষয়ে ইহা অতিপ্রমাণ যে আমরা অনুমান করিতে পারি না ঐ শিরাশক্তিরূপদ্রব্যবস্তু কি প্রকারে চালিত হয় কিন্তু সে যাহা হউক ঐ রজোগুণ কি প্রকারে চালিত হয় তদ্বিষয়ে ঐ হালেরনামক ব্যবচ্ছেদক ঐ পরীক্ষাপেক্ষা অন্য কোনো এক উত্তমপরীক্ষা দিতে পারিয়াছেন কি না ইহা বিতর্ক করি।

॥ ৩ ॥ অতএব শিরাশক্তি কিপ্রকারে চালিত হয় তদ্বিষয়ে প্রমাণদেওন যদ্যপি রজোগুণচালনবিষয়কপ্রমাণদেওনাপেক্ষা অতি দুষ্কর হয় তবে ঐ নবগৃহীতশক্তিপ্রমাণগ্রহণকরা আমারদিগের সন্দেহভঞ্জক না হইয়া বরঞ্চ সন্দেহবর্দ্ধক হইবে।

॥ ৪ ॥ তাহাতে আমারদিগের ইহাও গ্রহণ করিতে হইত যে

বিভিন্নকারণদ্বয়েতে একপ্রকার সিদ্ধান্ত উৎপন্ন হইতে পারে কিন্তু তাহা সংসারব্যবস্থানুসারে নহে।

॥ ৫ ॥ অপর ঐ মত যদি গ্রহণ করি তবে ঐ মত অন্যথা কারী অন্য অনেক হেতুও সুতরাং উপস্থিত হয় বিশেষতঃ যদ্যপি নিরাময়জীবিতে কেবল শিরাশক্তিদ্বারা ঐ মাংসপেশী সঙ্কুচিত হয় তবে রজোগুণের প্রয়োজন কি কিন্তু যদি ঐ উভয়শক্তি পরস্পর কার্য্যসম্পাদক হয় তবে কি ঐ শিরাশক্তি মনোদ্বারা কিম্বা অন্য কোনো সজীবশক্তিদ্বারা প্রেরিত হইলে রজোগুণ কার্য্যসম্পাদন করিতে পারে এবং শিরা যে কেবল মধ্যস্থভাবে থাকে ঐ মত গ্রহণ করিয়া আমারদের কি স্বীকৃত হইতে হইবে যে অতিক্ষুদ্রবিষয় সম্পন্নার্থে কর্ত্তৃদ্বয় না হইলে কার্য্যসিদ্ধি হইতে পারে না। অতএব এই স্থানে বিচারকরণে ক্ষমা দিয়া ব্যবচ্ছেদকেরা ঐ বিষয়কতত্ত্ব জ্ঞানার্থে যে২ পরীক্ষা করিয়াছেন সেই সকল পরীক্ষার অভিপ্রায় বুঝিয়া তন্নিশ্চয় জ্ঞাননোপযুক্ত।

॥ ৬ ॥ প্রথম পরীক্ষা। যখন আমি আফিং জলে গুলিয়া এক মণ্ডূকের পাদচর্ম্মের অন্তর্ভাগে প্রবিষ্ট করাইলাম তখন যে মাংস পেশীর গাত্রে ঐ আফিংমিশ্রিতজল স্পর্শ করিল সেই মাংসপেশী অতিশীঘ্র স্বসঙ্কোচনশক্তিরহিত হইল। ঐ রূপেও যখন হৃৎপিণ্ডের রক্তাবাহকনাড়ীতে ছিদ্র করিয়া তন্নাড়ীদ্বারা ঐ মণ্ডূকের হৃৎপিণ্ডে ঐ আফিংমিশ্রিতজল প্রবিষ্ট করাইলাম তখন সে হৃৎপিণ্ড সামর্থ রহিত হইল। ঐ রূপেও যদ্যপি ঐ মণ্ডূকের শরীরস্থ কিম্বা তদ্বহিষ্কৃত হৃৎপিণ্ডে আফিঙ্গের জল দিতাম তথাপিও ঐরূপ ক্রীড়নাসমর্থ হইত।

॥ ৭ ॥ দ্বিতীয়া পরীক্ষা। এক সজীব মণ্ডূক লইয়া আমি তদুক্ত ক্রীড়ননিবারণার্থে ঐ মণ্ডূকের বক্ষবিদীর্ণ করিয়া হৃৎপিণ্ডের রক্তপ্রবাহকনাড়ী রজ্জুদিয়া বদ্ধ করিলাম কিম্বা ছুরিকা দিয়া ভেদ করিলাম পরে ঐ মণ্ডূকের হৃৎপিণ্ডের রক্তাবাহকনাড়ী ছুরিকা দিয়া বিদীর্ণ করিয়া ঐ আফিংমিশ্রিতজল মণ্ডূকের হৃৎপিণ্ডে প্রবিষ্ট করাইলাম তাহাতে কেবল হৃৎপিণ্ড তৎক্ষণাৎ স্পন্দনশক্তিরহিত হইল না কিন্তু অল্পক্ষণের মধ্যে ঐ মণ্ডূকের হস্তপাদপ্রত্যঙ্গের প্রত্যেক মাংসপেশীরও স্পন্দনশক্তি দুর্ব্বল হইল. কিন্তু ঐ দুর্ব্বলতা রক্তের ক্রীড়নন্যূনতাপ্রযুক্ত নয় যেহেতুক ঐ মণ্ডূকের হৃৎপিণ্ড বহিঃকৃতকরণানন্তর ঐ মণ্ডূক এক ঘটিকাতিরিক্তকাল প্লবনক্ষম ছিল।

॥ ৮ ॥ ঐ পরীক্ষাদ্বয়ের মধ্যে প্রথম পরীক্ষাতে অনুমান হয় যে ঐ আফিংমিশ্রিত জলদ্বারা রক্তোগুণ নষ্ট হইয়াছিল এবং দ্বিতীয় পরীক্ষাতে শিরাশক্তি নষ্ট হইয়াছিল যেহেতুক ইহা অতিপ্রমাণ যে ঐ মণ্ডূকের হস্তপাদাদিপ্রত্যঙ্গ মস্তিষ্কের এবং শিরার সমবেদনা দ্বারা চালিত হইয়াছিল।

॥ ৯ ॥ তৃতীয়া পরীক্ষা। কোনো মাংসপেশীর শিরা ছুরিকাদ্বারা অল্পপ্রবেশে ভেদ্য হইলে ঐ শিরা যদ্যপি তপ্তলৌহদ্বারা দগ্ধ হয় কিম্বা সূচিদ্বারা বিদীর্ণ হয় তবে অন্য যে মাংসপেশীতে ঐ শিরার অল্পভাগ লুপ্ত হয় তাহাও অতিবেগে সঙ্কুচিত হয় ঐ বেদনা ঐ ভেদ্য মাংসপেশীর তন্তুতে দেওয়াগেলে যেমন সঙ্কুচিত হইত তেমন হইল কিন্তু ঐ তপ্তলৌহ কিম্বা সূচি যদ্যপি কেবল শিরাকে বিদীর্ণ করিত তবে ঐ হালেরনামক ব্যবচ্ছেদকেরও এই বিষয়ে স্বীকৃত হইতে

হইত যে ঐ বেদনাদ্বারা রজোগুণ চালিত হয় নাই কিন্তু শিরাশক্তি চালিত হইয়াছিল। কিন্তু সে যাহা হউক এই স্থানে দুই প্রশ্নকর্ত্তব্য প্রথমতঃ কোনো বেদনাজনক বস্তু মাংসপেশীতে লাগাইলে শিরা শক্তি চালিত হয় ইহা যেমত অনুমান করিতে পরি সেমত শিরাতে স্পর্শ করিলে ঐ শক্তি কি প্রকার চালিত হয় ইহা কি আমরা তদ্রূপে জ্ঞাত নই যেহেতুক ঐ উভয়বিষয়েতে অনুমান হয় যে মনের প্রবর্ত্তকশক্তির একরূপে প্রয়োজন ছিল। দ্বিতীয়তঃ শিরাতে কোনো বেদনাদায়ক বস্তু স্পর্শ করাইলে যদ্যপি শিরাশক্তি চালিত হয় ইহা যদি অনুমান হয় তবে এই বিষয়ে আমরা কেন সন্দেহ করিব যে বেদনাদায়কবস্তু মাংসপেশীর মধ্যস্থিত অতিসূক্ষ্ম এবং অতিবেদনীয় শিরাশাখাতে এবং তদগ্রভাগে লাগাইলেও ঐ শিরাশক্তি চালিত হয়। অতএব ঐ সকল প্রমাণবিবেচনা [illegible]রিলে ইহা অতিসুস্পষ্ট অনুমান হয় যে যে কারণদ্বারা শিরাশক্তি [illegible]ষ্ট কিম্বা চালিত হয় ঐ শক্তিদ্বারা রজোগুণও নষ্ট কিম্বা চালিত হয় তদ্ভিন্ন ও হৃৎপিণ্ডের রক্তপ্রবাহক নাড়ী ছিন্নকরণানন্তর রক্তচলননিবৃত্তি হইলে পর মণ্ডুকের হৃৎপিণ্ডে আফিংমিশ্রিতজল দেওয়াতে যদ্যপি রজোগুণ নষ্ট হয় এবং যদ্যপি শিরাশক্তি এমত নিবৃত্তা হয় যে ঐ মণ্ডুক হস্তপাদাদিমাংসপেশীশক্তিতে স্বহস্তপাদাদি চালন করিতে পারে না এবং যদ্যপি ঐ মাংসপেশীসমস্ত অতিশিথিল হয় কিম্বা ঐ রজোগুণরহিত হয় তবে ইহা অতিপ্রমাণ যে অন্য কোনো কারণদ্বারা মাংসপেশী সঙ্কুচিত হয় না।

॥১০॥ অপর শিরাশক্তি কিম্বা মনের শক্তি অর্থাৎ যে শক্তিদ্বারা মাংসপেশী চালিত হয় তাহা রজোগুণের ন্যায় স্বভাবত মাংস

প্রকৃতির অন্তর্গত নয় এবং ঐ রজোগুণের ন্যায় চিরস্থায়ী নয় যেহেতুক বহুকাল কিম্বা অতিরিক্তশ্রম করিলে পর ইচ্ছানুগত মাংসপেশীসকল ব্যথাযুক্ত হইয়া অবশেষে স্পন্দনাক্ষম হয় কিন্তু হৃৎপিণ্ড এবং অন্যং ইচ্ছাননুগত মাংসপেশী যাহারদিগের ক্রীড়নশক্তি কেবল ঐ রজোগুণেতে নির্ভর করে সে সকলের অন্তর্গত প্রকৃতি যাবজ্জীবন হ্রাস হয় না এবং তাহারা কোনো ব্যামোহও পায় না।

॥ ১১ ॥ অপর ইচ্ছানুগত মাংসপেশীতে যে ঐ শিরাশক্তি ব্যবচ্ছেদকেরা তাহার মাংসপেশীশক্তিসংজ্ঞা করিয়াছেন। ব্যবচ্ছেদকেরা ঐ বিষয়ে নানা মত এবং নানা প্রমাণ অতিসুরচনা পূর্ব্বক ব্যাখ্যা করিয়াছেন কিন্তু সে সকলেতে কোনো নিশ্চয় নাই।

॥ ১২ ॥ বরেল্লিনামক ব্যবচ্ছেদক এবং অন্যং কর্ত্তক ব্যবচ্ছেদকেরা মাংসপেশীর সঙ্কোচনবিষয়ে এইং প্রকার কারণ দিয়াছেন যে প্রত্যেক মাংসপেশীর মৃণালবত্তন্ত অতিসূক্ষ্মবুদ্বুদশ্রেণীতে কৃত এবং মাংসপেশী শিরাতে সর্ব্বত্রব্যাপ্ত ঐ শিরাদ্বারা জীবপ্রকৃতি প্রবাহিত হয় তাহাতে জীবির স্বেচ্ছানুক্রমে শিরাদ্বারা ঐ বুদ্বুদ স্ফীত হইয়া স্থূল হওয়াতে ঐ বুদ্বুদের দীর্ঘত্বের খর্ব্বত্বপ্রাপ্তি হয় ঐ ক্রমেতে মাংসপেশীও খর্ব্ব হয়।

॥ ১৩ ॥ ঐ বরেল্লিনামক ব্যবচ্ছেদক অনুমান করিয়াছেন যে মাংসপেশীর ঐ ক্ষুদ্রং বুদ্বুদ চতুষ্কোণাকৃতি কিন্তু বের্ম্বিলি নামে ব্যবচ্ছেদক কহিয়াছেন সে সকল ডিম্বাকৃতি। অপর কোপর নামে ইংগ্লণ্ডীয় ব্যবচ্ছেদক বুঝিয়াছিলেন যে ঐ মাংসপে

শীর বুদ্বুদসমস্ত তিনি পারাদিয়া পরিপূর্ণ করিতে পারিয়াছিলেন কিন্তু সে বিষয়ে ভ্রান্ত ছিলেন যেহেতুক অনুমান হয় যে ঐ পারদ কোনোরূপে ত্বক্‌বিদীর্ণ করিয়া নির্য্যাসনাড়ীতে প্রবিষ্ট হইয়াছিল। কিন্তু সে যাহা হউক অল্পবৎসরগতে মৃত্যুপ্রাপ্ত অর্তিপটু এলিয়ৎ নামক ব্যবচ্ছেদক অন্যাং ব্যবচ্ছেদকেরদিগের মতভিন্ন অন্যাং কারণ দেখাইয়া মাংসপেশীর ক্রীড়নকারণ দর্শাইয়াছিলেন তিনি অনুমান করিয়াছিলেন যে মাংসপেশীর ক্রীড়নবিষয়ে রক্তেতে হুতজ্বাল ভাবের প্রয়োজন আছে তাহাতে জ্বালাভাবসময়ে সুতরাং রক্তেতে উষ্ণতা প্রবেশ হয়।

॥ ১৪ ॥ মাংসপেশীর ক্রীড়াবিষয়ে আমরা ইহা নিশ্চয় জানি যে মাংসপেশীর ক্রীড়াসময়ে তন্তুসমস্ত খর্ব্ব এবং স্থূল হয় কিন্তু ঐ সমস্ত কিপ্রকারে হয় তাহা কথনে অক্ষম। তদ্ভিন্নও ইহা আমরা নিশ্চয় জানি যে মাংসপেশীর ক্রীড়াবিষয়ে শিরার প্রয়োজন আছে যেহেতুক মাংসপেশীতে গমনকারিণী কোনো এক শিরা রজ্জুদিয়া বদ্ধ করিলে কিম্বা ছিন্ন করিলে ঐ মাংসপেশী ক্রীড়াকরণে অক্ষম হয়। অপর মাংসপেশীতে প্রবেশকারিণী কোনো এক রক্তপ্রবাহকনাড়ী রজ্জুদ্বারা ঐরূপে বদ্ধ করিলে ঐ মাংসপেশীও ক্রীড়াকরণে অক্ষম ইহাতে প্রমাণ হয় যে মাংসপেশীর ক্রীড়নবিষয়ে রক্তপ্রবাহেরও প্রয়োজন আছে তাহাতে পক্ষাঘাতরোগের কারণ অনুসন্ধান করিলে মাংসপেশীতে পাওয়া যায় না কিন্তু মাংসপেশীগমনকারিণীশিরাতে কিম্বা মস্তিষ্কের কিম্বা কশেরুকামজ্জার শিরাতে পাওয়া যায়।

অবস্থিত্যনুসারে ব্যবস্থিত বিশেষ২ মাংসপেশীর বর্ণনা*।

এই স্থানে বিশেষ২ মাংসপেশীর নিদর্শন দিতেছি কিন্তু এই প্রকরণ অতিবাহুল্যপ্রযুক্ত পাঠকেরদিগের সুবোধার্থে সংক্ষেপে এক২ মাংসপেশী পৃথক২রূপে বর্ণনা করিয়া তদুৎপত্তিস্থান এবং তৎপ্রবেশ স্থান এবং তৎকার্য্য ক্রমেতে কহি। অপর যে স্থানে ঐ সকল মাংসপেশীর সংজ্ঞা দুর্বোধগম্য হইয়াছে সেই স্থানে সে সংজ্ঞার অর্থ দেওয়া যাইবে।

॥১॥ করোটিত্বগধঃস্থিত মাংসপেশীর প্রকরণ।

১ ললাটপশ্চাৎকপালমাংসপেশীর নিদর্শন।

ঐ ললাটপশ্চাৎকপালমাংসপেশী পশ্চাৎকপালাস্থির অনুপ্রস্থাল্যাকৃতিপ্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং ভ্রূর ত্বচেতে প্রবেশ করে। ঐ ললাটপশ্চাৎকপালমাংসপেশীদ্বারা ললাটচর্ম্ম পশ্চাদ্দিগে আকৃষ্ট হয় এবং ভ্রূ এবং ললাটত্বচ্ ঊর্দ্ধাকৃষ্ট হয়।

* এই বর্ণনার মধ্যে সমস্ত মাংসপেশী ব্যাখ্যাতা নয় যেহেতুক চক্ষুর মাংসপেশী এবং কর্ণান্তর্গত মাংসপেশী এবং গুহ্যোর্দ্ধগতমরলান্ত্রের মাংসপেশী এবং উপস্থের মাংসপেশী এই গ্রন্থের অন্যা২ স্থানে নির্ণীতা আছে। তদ্ভিন্নও কহি যে অল্প মাংসপেশীব্যতিরিক্ত প্রায় সমস্ত মাংসপেশী যুগ্ম২প্রযুক্ত এই স্থানে কেবল এক পার্শ্বের মাংসপেশীর নির্ণয় করা গিয়াছে।

২ ভ্রূসঙ্কোচকমাংসপেশীর নিদর্শন।

ঐ ভ্রূসঙ্কোচকমাংসপেশী ললাটাস্থির এবং ঘ্রাণাস্থির এবং মাঢ্যাস্থির সন্ধির ঊর্দ্ধভাগেতে উৎপন্ন হয় এবং ললাটপশ্চাৎ কপাল মাংসপেশীর অন্তঃপার্শ্বে প্রবিষ্ট হয়। ঐ ভ্রূসঙ্কোচক মাংসপেশীদ্বারা একপার্শ্বের ভ্রূ অন্যপার্শ্বের ভ্রূরদিগে আকৃষ্ট হয় এবং তদ্দ্বারা কপালত্বচ্ সঙ্কুচিত হয়।

—০—

## ॥ ২ ॥ ভ্রূর মাংসপেশীর প্রকরণ।

১ চক্ষুঃপুটনিমীলক মাংসপেশীর নিদর্শন।

ঐ চক্ষুঃপুটনিমীলক মাংসপেশী কোটরাস্থির চতুর্দ্দিগের কিনারাতে উৎপন্ন হয় এবং মাঢ্যাস্থিস্থ ঘ্রাণাস্থিপ্রবর্দ্ধনে প্রবিষ্ট হয়। ঐ চক্ষুঃপুটনিমীলক মাংসপেশী চক্ষুর্ম্মুদ্রিত করে।

২ চক্ষুঃপুটোন্মীলকোর্দ্ধস্থ মাংসপেশীর নিদর্শন।

ঐ চক্ষুঃপুটোন্মীলকোর্দ্ধস্থ মাংসপেশী চক্ষুঃকোটরাধোভাগের দর্শনশিরাগমনচ্ছিদ্রনিকটে উৎপন্ন হয় এবং ঊর্দ্ধস্থ চক্ষুঃপুটের উপাস্থ্যংশে প্রবিষ্ট হয়। ঐ চক্ষুঃপুটোন্মীলকোর্দ্ধস্থ মাংসপেশী চক্ষুরুন্মীলন করে।

—০—

## ॥ ৩ ॥ কর্ণবহির্ম্মাংসপেশীর প্রকরণ।

১ কর্ণোত্তোলক মাংসপেশীর নিদর্শন।

ঐ কর্ণোত্তোলক মাংসপেশী শঙ্খাস্থিনিকটে ললাটপশ্চাৎকপাল

মাংসপেশীর স্নায়ুবদংশেতে উৎপন্ন হয় এবং কর্ণোর্দ্ধভাগে প্রবিষ্ট হয়। ঐ কর্ণোত্তোলক মাংসপেশী কর্ণোত্তোলন করে।

২ কর্ণপশ্চাৎস্থ মাংসপেশীর নিদর্শন।

ঐ কর্ণপশ্চাৎস্থমাংসপেশী যুগাকৃত্যস্থির পশ্চাদ্ভাগেতে উৎপন্ন হয় এবং কর্ণাগ্রবলয়পশ্চাদ্দিগে এক উচ্চ স্থানে প্রবিষ্ট হয়। ঐ কর্ণপশ্চাৎস্থ মাংসপেশী ঐ উচ্চস্থান উত্তোলন করিয়া পুরোদিগে আকর্ষণ করে।

৩ কর্ণপুত্যাকর্ষক মাংসপেশীর নিদর্শন*।

ঐ কর্ণপুত্যাকর্ষক মাংসপেশী চূচুকাকারপ্রবর্দ্ধনমূলের বহিঃ এবং পশ্চাদ্ভাগেতে উৎপন্ন হয় এবং শুক্ত্যাকার স্থানের মূল ভাগেতে প্রবিষ্ট হয়। ঐ কর্ণপুত্যাকর্ষক মাংসপেশী কর্ণস্থশুক্ত্যাকার স্থান বিস্তার করে এবং কর্ণকে পশ্চাদ্দিগে আকর্ষণ করে।

—৪—

॥ ৪ ॥ কর্ণোপাস্থ্যংশের মাংসপেশীর প্রকরণ।

১ কর্ণালিস্থ মাংসপেশীর নিদর্শন।

ঐ কর্ণালিস্থ মাংসপেশী আলিনিকটবর্ত্তি শুক্ত্যাকার স্থানের বহিঃ এবং মধ্যভাগেতে উৎপন্ন হয় এবং ঐ আল্যোর্দ্ধভাগে

---

* ঐ কর্ণপুত্যাকর্ষক মাংসপেশী অতিসূক্ষ্ম এবং ত্রিসংখ্যক কিন্তু কোনো২ মনুষ্যেতে ঐ মাংসপেশীত্রয়ের অধিক মাংসপেশী থাকে না।

প্রবিষ্ট হয়। ঐ কর্ণালিস্থ মাংসপেশী কর্ণের শুক্ত্যাকৃতি স্থান সংনমন করে এবং কর্ণাল্যগ্রকে কিঞ্চিদ্বহির্দ্দিগে আকর্ষণ করিয়া রাখে।

২ কর্ণপ্রত্যালিস্থ মাংসপেশীর নিদর্শন।

ঐ কর্ণপ্রত্যালিস্থ মাংসপেশী কর্ণাগ্রবলয়ের অন্তর্ভাগের মূলেতে উৎপন্ন হয় এবং কর্ণপ্রত্যালির ঊর্দ্ধদেশে প্রবিষ্ট হয়। ঐ প্রত্যালিস্থ মাংসপেশীদ্বারা কর্ণের শুক্ত্যাকৃতি দ্বার বর্দ্ধিত হয়।

৩ কর্ণানুপ্রস্থ মাংসপেশীর নিদর্শন।

ঐ কর্ণানুপ্রস্থ মাংসপেশী শুক্ত্যাকৃতি স্থানোর্দ্ধভাগেতে উৎপন্ন হয় এবং কর্ণাগ্রবলয়ের অন্তঃপার্শ্বে প্রবিষ্ট হয়। ঐ কর্ণানুপ্রস্থ মাংসপেশী শুক্ত্যাকৃত্যংশ এবং ক্ষুদ্রনাবাকৃত্যংশ বিস্তীর্ণ করে এবং স্বসংলগ্নাংশ পরস্পর আকর্ষণ করে।

৪ কর্ণাগ্রবলয়বৃহন্মাংসপেশীর নিদর্শন।

ঐ কর্ণাগ্রবলয়বৃহন্মাংসপেশী কর্ণাগ্রবলয়ের ঊর্দ্ধ এবং পশ্চাৎ এবং প্রান্তভাগেতে উৎপন্ন হয় এবং আলির কিঞ্চিদূর্দ্ধে কর্ণাগ্রবলয়েতে প্রবিষ্ট হয়। ঐ কর্ণাগ্রবলয়বৃহন্মাংসপেশী কর্ণাগ্রবলয়ের অগ্রাংশ সংনমন করে।

৫ কর্ণাগ্রবলয়স্থ ক্ষুদ্র মাংসপেশীর নিদর্শন।

ঐ কর্ণাগ্রবলয় ক্ষুদ্র মাংসপেশী কর্ণাগ্রবলয়ের অধ এবং পুরোভাগে উৎপন্ন হয় এবং কর্ণাগ্রবলয়োপাস্থ্যংশের ছিদ্রনিকটে প্রবেশ করে। ঐ কর্ণাগ্রবলয়স্থ ক্ষুদ্র মাংসপেশী ঐ রন্ধ্রকে সঙ্কুচিত করে।

## ॥ ৫ ॥ নাসিকার মাংসপেশীর প্রকরণ।

### ১ নাসিকাসংনামকমাংসপেশীর নিদর্শন*।

ঐ নাসিকাসংনামক মাংসপেশী নাসিকাগ্রোপাস্থিমূলভাগের বহিঃপার্শ্বেতে উৎপন্ন হয় এবং মাঢ্যাস্থির নাসিকাপ্রবর্দ্ধনেতে এবং ঘনাস্থির অন্তরগ্রেতে প্রবিষ্ট হয়। ঐ নাসিকাসংনামক মাংসপেশী নাসিকাকে রিজু করে এবং নাসিকাচর্ম্ম সঙ্কুচিত করে।

—০—

## ॥ ৬ ॥ মুখের এবং ওষ্ঠের মাংসপেশীর প্রকরণ।

### ১ নসোষ্ঠোন্নামক মাংসপেশীর নিদর্শন।

ঐ নসোষ্ঠোন্নামক মাংসপেশী মাঢ্যাস্থিস্থ চক্ষুঃকোটরপ্রবর্দ্ধনের বহিঃপার্শ্বেতে এবং মাঢ্যাস্থিস্থ নাসিকাপ্রবর্দ্ধনের ললাটাস্থির সহিত যে স্থানে সংযোগ সেই স্থানেতে উৎপন্ন হয় এবং ওষ্ঠেতে এবং নাসিকার পক্ষাস্থিতে প্রবিষ্ট হয়। ঐ নসোষ্ঠোন্নামক মাংসপেশী ওষ্ঠকে এবং নাসিকার চর্ম্মকে উর্দ্ধদিগে এবং বহির্দিগে আকর্ষণ করে।

### ২ সূক্ষ্ণোন্নায়ক মাংসপেশীর নিদর্শন।

ঐ সূক্ষ্ণোন্নায়ক মাংসপেশী চক্ষুঃকোটরস্থ ছিদ্রের এবং প্রথম

* নাসিকা ললাটপশ্চাৎকপালস্থ মাংসপেশীদ্বয়কর্ত্তৃক এবং মুখের অন্যং কতকগুলি মাংসপেশীকর্ত্তৃক চালিতা হয় কিন্তু নাসিকাসংনামক এই মাংসপেশীরে নাসিকার যথার্থ সংনামক মাংসপেশী জানিবেন।

চর্ব্বনদন্তের মধ্যস্থানে মাঢ়স্থিতে উৎপন্ন হয় এবং সৃক্কণিদেশে মুখবেষ্টনমাংসপেশীতে প্রবিষ্ট হয়। ঐ সৃক্কণ্যুন্নায়ক মাংসপেশী সৃক্কণ্যুত্তোলন করে।

৩ যুগাকৃত্যস্থিস্থ বৃহন্মাংসপেশীর নিদর্শন।

ঐ যুগাকৃত্যস্থিস্থ বৃহন্মাংসপেশী যুগাকৃত্যস্থিসন্ধিসমীপে মাঢ্যস্থিতে উৎপন্ন হয় এবং সৃক্কণীতে প্রবিষ্ট হয়। ঐ যুগাকৃত্যস্থিস্থ বৃহন্মাংসপেশী সৃক্কণীকে ঊর্দ্ধাকর্ষণ করে এবং গণ্ডকে পুষ্ট করে যথা হাস্যে।

৪ যুগাকৃত্যস্থিস্থ ক্ষুদ্র মাংসপেশীর নিদর্শন।

ঐ যুগাকৃত্যস্থিস্থ ক্ষুদ্র মাংসপেশী যুগাকৃত্যস্থিস্থ বৃহন্মাংসপেশী মূলোর্দ্ধদেশেতে উৎপন্ন হয় এবং সৃক্কণিতে প্রবিষ্ট হয়। ঐ যুগাকৃত্যস্থিস্থ ক্ষুদ্র মাংসপেশী সৃক্কণীকে তেৰ্চারূপে বহিরাকর্ষণ করে।

৫ তূরীবাদকোপকারি মাংসপেশীর নিদর্শন।

ঐ তূরীবাদকোপকারি মাংসপেশী মাঢ্যস্থি এবং হনুস্থ চর্ব্বণদন্তের স্থালাধারাস্থিতে উৎপন্ন হয় এবং সৃক্কণিতে প্রবেশ করে। ঐ তূরীবাদকোপকারি মাংসপেশী মুখসঙ্কোচ করে এবং তৎসৃক্কণীকে বহির্দিগে এবং পশ্চাদ্দিগে আকর্ষণ করে।

৬ নসোষ্ঠাবনামক মাংসপেশীর নিদর্শন।

ঐ নসোষ্ঠাবনামক মাংসপেশী ভেদনদন্তবেষ্টনের ঊর্দ্ধভাগে মাঢ্যস্থিতে উৎপন্ন হয় এবং নাসিকাগ্রোপাস্থিমূলাংশে ঊর্দ্ধোষ্ঠে

প্রবিষ্ট হয়। ঐ নসোষ্ঠাবনামক মাংসপেশী নাসিকাগ্রকে এবং উর্দ্ধোষ্ঠকে অধোদিগে আকর্ষণ করে।

৭ সৃক্কণ্যবনামক মাংসপেশীর নিদর্শন।

ঐ সৃক্কণ্যবনামক মাংসপেশী চিবুকের পার্শ্বে হন্বস্থির অধঃ কিনারাতে উৎপন্ন হয় এবং সৃক্কণীতে প্রবিষ্ট হয়। ঐ সৃক্কণ্যবনামক মাংসপেশী সৃক্কণীকে অধোদিগে আকর্ষণ করে।

৮ অধরাবনামক মাংসপেশীর নিদর্শন।

ঐ অধরাবনামক মাংসপেশী হন্বস্থির অন্তর্ এবং অধঃপার্শ্বেতে উৎপন্ন হয় এবং অধরে প্রবিষ্ট হয। ঐ অধরাবনামক মাংসপেশী অধরকে অধোদিগে এবং কিঞ্চিদ্বহির্দিগে আকর্ষণ করে।

৯ অধরোত্তোলক মাংসপেশীর নিদর্শন।

ঐ অধরোত্তোলক মাংসপেশী হনুস্থ ভেদনদন্তের এবং শ্বদন্তের বেষ্টনসমীপেতে নির্গত হয় এবং অধরেতে এবং চিবুকের চর্ম্মেতে প্রবিষ্ট হয়। ঐ অধরোত্তোলক মাংসপেশী অধরকে এবং চিবুকের ত্বচকে উত্তোলন করে।

১০ মুখবেষ্টনমাংসপেশীর নিদর্শন*।

ঐ মুখবেষ্টন মাংসপেশী অধরসঙ্কোচনদ্বারা মুখ রুদ্ধ করে।

---

* ঐ মাংসপেশীর প্রায় তাবদংশ তৃতীয়াদকোণকারি মাংসপেশী এবং মুখাকুঞ্চ ন্ধিহ্ন মাংসপেশী এবং সংমর্দকমাংসপেশী এবং ওষ্ঠাধরোন্নমনকারি মাংসপেশীতন্তু সকলেতে যুক্ত। ঐ মাংসপেশীর তন্তুসকল বলয়াকৃতি হইয়া মুখবেষ্টন করে।

## ॥ ৭ ॥ হনুস্থ মাংসপেশির প্রকরণ।

### ১ শঙ্খাস্থিস্থ মাংসপেশীর নির্দর্শন।

ঐ শঙ্খাস্থিস্থ মাংসপেশী উভয়পার্শ্বস্থ কপালাস্থির কিয়দংশেতে এবং ললাটাস্থির কিয়দংশেতে এবং শঙ্খাস্থির শল্কাংশের কিয়দংশেতে এবং মাঢ়্যাস্থির পশ্চাদংশেতে এবং কোণাস্থির শঙ্খপ্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় * এবং হনুর কাকচঞ্চুবৎপ্রবর্দ্ধনে প্রবিষ্ট হয়। ঐ শঙ্খাস্থিস্থমাংসপেশী হনুকে ঊর্দ্ধদিগে আকর্ষণ করে।

### ২ চর্ব্বণোপকারি মাংসপেশীর নির্দর্শন ‡।

ঐ চর্ব্বণোপকারী মাংসপেশী মাঢ়্যাস্থিস্থ গণ্ডাস্থির প্রবর্দ্ধনেতে এবং তদধঃকিনারাতে এবং শঙ্খাস্থির যুগাকৃত্যাস্থির প্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং সূচ্যগ্রাকৃতিপ্রবর্দ্ধনমূলে এবং তন্নির্ভরকারক এবং হনুর পর্ব্বাকৃতিপ্রবর্দ্ধননির্ভরকারক হন্বংশে প্রবিষ্ট হয়। ঐ চর্ব্বণোপকারী মাংসপেশী হনুকে উত্তোলন করে এবং পুরোদিগে এবং পশ্চাদ্দিগে ক্রীড়া করায়।

---

* অস্থিবত ঐ শঙ্খাস্থিস্থ মাংসপেশীর কতকগুলি তন্তু তদ্বেষ্টনকারি এবং তন্মূলাংশে অস্থিতে দৃঢ়রূপে সংযুক্ত এক দৃঢ়সম্বন্ধনীতে উৎপন্ন হয়। ঐ সম্বন্ধনী ঐ মাংসপেশী হইতে ভিন্ন করিলে ঐ মাংসপেশী অর্দ্ধচন্দ্রাকৃতি হওত এবং তন্তু কিরণবৎসংবেদিত হওত দেখা যায় তদ্দ্বারা এক অতিদৃঢ় মধ্যাস্থিত স্নায়ু কৃত হয়।

‡ ব্যবচ্ছেদকেরা ঐ চর্ব্বণোপকারক মাংসপেশীর ঐ নাম দিয়াছেন যেহেতুক চর্ব্বণ বিষয়ে সে হনুর উপকারক হয়।

৩ পক্ষবৎপ্রবর্দ্ধনযুক্তান্তঃস্থমাংসপেশীর নিদর্শন।

ঐ পক্ষবৎপ্রবর্দ্ধনযুক্তান্তঃস্থ মাংসপেশী পক্ষ নামে কোণাস্থির বহিঃপ্রবর্দ্ধনান্তঃপার্শ্বেতে এবং পক্ষ নামে সীতানির্ম্মাণকারি কাকুদাস্থিপ্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং হনুর কোণনিকটবর্ত্তি অন্তঃপার্শ্বে প্রবিষ্ট হয়। ঐ পক্ষবৎপ্রবর্দ্ধনযুক্তান্তঃস্থ মাংসপেশী হনুকে উত্তোলন করে এবং পার্শ্বদিগে কিঞ্চিৎ চালন করে।

৪ পক্ষবৎপ্রবর্দ্ধনযুক্তবহিঃস্থ মাংসপেশীর নিদর্শন।

ঐ পক্ষবৎপ্রবর্দ্ধনযুক্তবহিঃস্থ মাংসপেশী পক্ষনামক প্রবর্দ্ধনের বহিরগ্রেতে এবং তন্নিকটস্থ মাট্যাস্থির কিয়দংশেতে এবং কোণাস্থিস্থশৃঙ্গাস্থিপ্রবর্দ্ধনের এক আলিতে উৎপন্ন হয় এবং হনুর পর্ব্বাকৃতিপ্রবর্দ্ধনপুরোভাগে এবং তদুপকোষবদ্ধবন্ধনীতে প্রবিষ্ট হয়। ঐ পক্ষবৎপ্রবর্দ্ধনযুক্তবহিঃস্থ মাংসপেশী হনুকে পুরোদিগে আকর্ষণ করে এবং অন্যপার্শ্বে চালন করে * তদ্ভিন্নও ক্রীড়ন সময়ে ঐ মাংসপেশীদ্বারা হন্বস্থির সন্ধিস্থিতবন্ধনীর বিমর্দ্দন নিবারিত হয়।

* যখন ঐ মাংসপেশী কেবল একাকী ক্রীড়া করে তখন হনু কথিতরূপে চালিত হয় কিন্তু ঐ মাংসপেশী এবং তদ্বিরুদ্ধমাংসপেশী এই উভয় যখন একদা ক্রীড়া করে তখন হনু তের্চ্চাভাবে পুরোদিগে আকৃষ্ট হয়।

## ॥ ৮ ॥ কণ্ঠদেশের পুরোভাগে স্থিত মাংসপেশীর প্রকরণ।

১ কণ্ঠস্থপ্রশস্ত মাংসপেশীর নিদর্শন *।

ঐ কণ্ঠস্থ প্রশস্ত মাংসপেশী বক্ষঃস্থমাংসপেশীর এবং ত্রিকোণ নাম মাংসপেশীর এবং সমদ্বিদ্বিভুজমাংসপেশীর অবরণকারিমধু কোষবত্ত্বচেতে উৎপন্ন হয় এবং চিবুকের পার্শ্বে এবং গণ্ডের ত্বচে প্রবেশ করে। ঐ কণ্ঠস্থপ্রশস্তমাংসপেশী গণ্ডকে এবং মুখের চর্ম্মকে অধোদিগে আকর্ষণ করে এবং যখন মুখ বন্ধ থাকে তখন হনুর অধোভাগে চর্ম্মের যেং অংশের সহিত ঐ মাংসপেশী সংলগ্ন সেই সকল অংশকে ঊর্দ্ধদিগে আকর্ষণ করে।

২ চূচুকাকারপ্রবর্দ্ধনস্থ মাংসপেশীর নিদর্শন ‡।

ঐ চূচুকাকারপ্রবর্দ্ধনস্থ মাংসপেশী বক্ষোস্থির ঊর্দ্ধাংশেতে এবং জত্রুর ঊর্দ্ধএবং পুরোভাগেতে উৎপন্ন হয় এবং চূচুকাকার প্রবর্দ্ধনে এবং পশ্চাৎকপালসন্ধিসমীপবর্ত্তিস্থানে প্রবিষ্ট হয়। ঐ

---

* ঐ প্রশস্ত এবং পাতলমাংসপেশী চর্ম্মের অধোভাগসমীপে স্থিতি করে তাহাকে বিনুশ্লো নামে ব্যবচ্ছেদক ঐ মাংসপেশীর ত্বগ্মাংসপেশীসংজ্ঞা করিয়াছেন এবং গালেন্ নামে ব্যবচ্ছেদক তাহার সংজ্ঞা প্রশস্তকারিমাংসপেশী করিয়াছেন।

‡ ঐ মাংসপেশী দুই পৃথক্স্থানহইতে নির্গতপ্রযুক্ত আল্বিনস্ নামে ব্যবচ্ছেদক তাহা মাংসপেশীদ্বয় অনুমান করিয়াছেন তাহাতেএকের বক্ষচূচুকমাংসপেশী এবং অন্যের জত্রুচূচুকমাংসপেশীসংজ্ঞা করিয়াছেন।

চচুকাকারপ্রবর্দ্ধনস্থ মাংসপেশী যখন একাকী ক্রীড়া করে তখন মস্তককে এক পার্শ্বে আকর্ষণ করে কিন্তু যখন ঐ মাংসপেশী এবং তদ্বিরুদ্ধ মাংসপেশী এই উভয় একদা ক্রীড়া করে তখন মস্তককে কিঞ্চিৎ পুরোদিগে নত করে।

—•—

## ॥ ৯ ॥ গাত্র এবং উপ্লিলন্ নামাস্থিমধ্যস্থিত মাংসপেশীর প্রকরণ।

### ১ অংসোপ্লিলন্যুক্ত মাংসপেশীর নিদর্শন *।

ঐ অংসোপ্লিলন্যুক্ত মাংসপেশী অংসাস্থির খাঁজের সমীপস্থ উর্দ্ধস্থপর্ণকাকারালিতে উৎপন্ন হয় এবং ঐ খাঁজানুপ্রস্থগামিণী এক বন্ধনীর কিয়দংশহইতে এবং কখনোং কাকচঞ্চ্বাকারপ্রবর্দ্ধনহইতে নির্গত কতকগুলি তন্তুতে উৎপন্ন হয় এবং উপ্লিলন্‌অক্ষরাকারস্থির মূলাংশে প্রবিষ্ট হয়। ঐ অংসোপ্লিলন্যুক্ত মাংসপেশী উপ্লিলন অক্ষরাকারাস্থিকে তের্চারূপে অধোদিগে আকর্ষণ করে।

### ২ বক্ষোপ্লিলন্যুক্ত মাংসপেশীর নিদর্শন।

ঐ বক্ষোপ্লিলন্যুক্ত মাংসপেশী প্রথম পর্শুকার উপাস্থিতে এবং বক্ষাস্থির অন্তঃপার্শ্বোর্দ্ধাংশেতে এবং জত্রুর কিয়দংশেতে উৎপন্ন

---

* ঐ অংসোপ্লিলন্যুক্ত মাংসপেশী কহিয়া কাকচঞ্চুবৎপ্রবর্দ্ধনহইতে উৎপন্ন নয় অতএব অনুমান হয় যে দগুলস্ এবং আলুবিনস্ নামে ব্যবচ্ছেদকেরা অযথার্থরূপে ঐ মাংসপেশীর কাকচঞ্চুবৎপ্রবর্দ্ধনস্থোপ্লিলনস্থ মাংসপেশীসংজ্ঞা করিয়াছেন কিন্তু বিনশ্লো নামে ব্যবচ্ছেদক ঐ মাংসপেশীর অংসাস্থিস্থোপ্লিলনস্থ মাংসপেশীসংজ্ঞা করিয়াছেন যেহেতুক ঐ মাংসপেশী অংসাস্থিহইতে নির্গত হয়।

হয় এবং উপ্লিলনাকারাস্থিমূলেতে প্রবিষ্ট হয়। ঐ বুক্ষো প্লিলন্‌যুক্ত মাংসপেশী উপ্লিলনক্ষরাকারাস্থিকে অধোদিগে আকর্ষণ করে।

৩ ফলকোপ্লিলন্‌যুক্ত মাংসপেশীর নিদর্শন।

ঐ ফলকোপ্লিলন্‌যুক্ত মাংসপেশী উপ্লিলন্নামাস্থিমূলের এবং তক্ষৃঙ্গের কিয়দংশহইতে নির্গত হয় এবং ফলকাকৃত্যুপাস্থির পার্শ্বস্থিত এক অসমান রেখাবৎস্থানেতে প্রবিষ্ট হয়। ঐ ফলকোপ্লিলন্‌যুক্ত মাংসপেশীদ্বারা ফলকাকৃত্যুপাস্থি উত্তোলিত হয় এবং উপ্লিলনাকৃত্যস্থি অবনত হয়।

৪ বুক্ষফলকযুক্ত মাংসপেশীর নিদর্শন।

ঐ বুক্ষফলকযুক্ত মাংসপেশী বুক্ষাস্থির ঊর্দ্ধ এবং অন্তঃপার্শ্বস্থিত হয় এবং প্রথম এবং দ্বিতীয় পর্শুকার উপাস্থির মধ্যস্থানহইতে নির্গত হয় এবং ফলকোপ্লিলন্‌যুক্ত মাংসপেশীতে প্রবিষ্ট হয়। ঐ বুক্ষফলকমাংসপেশী ফলকাকৃত্যুপাস্থিকে অবনত করে।

৫ বলয়ফলকাকৃত্যুপাস্থিযুক্ত মাংসপেশীর নিদর্শন।

ঐ বলয়ফলকাকৃত্যুপাস্থিযুক্ত মাংসপেশী বলয়াকৃত্যুপাস্থির অন্তঃ এবং পার্শ্বভাগে উৎপন্ন হয় এবং ফলকাকৃত্যুপাস্থিস্থ শৃঙ্গাধোভাগে প্রবিষ্ট হয়। ঐ বলয়ফলকাকৃত্যুপাস্থিযুক্ত মাংসপেশী বলয়াকৃত্যুপাস্থিকে ঊর্দ্ধদিগে এবং পশ্চাদ্দিগে উত্তোলন করে এবং ফলকাকৃত্যুপাস্থিকে অধোদিগে এবং পুরোদিগে অবনত করে।

## ॥ ১০ ॥ উপ্লিলনের এবং হনুর মধ্যস্থিতমাংসপেশীর বিবরণ।

১ দ্ব্যুদর মাংসপেশীর নিদর্শন *।

ঐ দ্ব্যুদর মাংসপেশী চূচুকাকারপ্রবর্দ্ধনমূলে স্থিত এক সীতা হইতে এবং উপ্লিলনাকৃত্যস্থিহইতে নির্গত হয় এবং চিবুকের অন্তরধোভাগে প্রবিষ্ট হয়। ঐ দ্ব্যুদর মাংসপেশী হনুকে অবনত করে।

২ শলাকোপ্লিলনযুক্ত মাংসপেশীর নিদর্শন ‡।

ঐ শলাকোপ্লিলনযুক্ত মাংসপেশী শলাকাকৃতিপ্রবর্দ্ধনমূলেতে উৎপন্ন হয় এবং উপ্লিলনাকৃত্যস্থিমূলসমীপে তৎপুরোদিগে এবং পার্শ্বদিগে প্রবিষ্ট হয়। ঐ শলাকোপ্লিলনযুক্ত মাংসপেশী উপ্লিলনাকৃত্যস্থিকে তের্চারূপে উত্তোলন করে।

---

* ব্যবচ্ছেদকেরা ঐ মাংসপেশীর দ্ব্যুদরসংজ্ঞা করিয়াছেন যেহেতুক তাহার দুই উদর এবং মধ্যস্থিত এক স্নায়ুবদংশ আছে। ঐ স্নায়ুবদংশ শলাকোপ্লিলনযুক্ত মাংসপেশীর মধ্যদিয়া প্রবেশ করে।

‡ কোনোং মনুষ্যেতে ঐ প্রকার অন্য এক মাংসপেশী থাকে তাহাতে ঐ শলাকোপ্লিলনযুক্ত মাংসপেশীর এই মাংসপেশীর ন্যায় উৎপত্তিপ্রযুক্ত এবং প্রবেশপ্রযুক্ত এবং কার্য্যপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা তাহার অন্যশলাকোপ্লিলনযুক্ত মাংসপেশীসংজ্ঞা করিয়াছেন।

৩ চর্ব্বণোপ্মিলনযুক্ত মাংসপেশীর নিদর্শন*।

ঐ চর্ব্বণোপ্মিলন্যুক্ত মাংসপেশী হনুরন্তঃপার্শ্বহইতে এবং চর্ব্বণ দন্তের পশ্চাৎস্থদন্ত এবং চিবুকের মধ্যস্থানহইতে নির্গত হয় এবং উপ্মিলনাকৃত্যস্থিমূলে প্রবিষ্ট হয়। ঐ চর্ব্বণোপ্মিলন্যুক্ত মাংসপেশী উপ্মিলনাকৃত্যস্থিকে উভয়পার্শ্বে এবং পুরোদিগে এবং ঊর্দ্ধ দিগে চালন করে।

৪ চিবুকোপ্মিলনযুক্ত মাংসপেশীর নিদর্শন।

ঐ চিবুকোপ্মিলন্যুক্ত মাংসপেশী চিবুকান্তঃপার্শ্বেতে উৎপন্ন হয় এবং উপ্মিলনাকৃত্যস্থিমূলে প্রবিষ্ট হয়। ঐ চিবুকোপ্মিলন্যুক্ত মাংসপেশী উপ্মিলনাকৃত্যস্থিকে পুরোদিগে এবং ঊর্দ্ধদিগে চালন করে।

৫ চিবুকজিহ্বাযুক্ত মাংসপেশীর নিদর্শন।

ঐ চিবুকজিহ্বাযুক্ত মাংসপেশী চিবুকের অন্তঃপার্শ্বেতে উৎপন্ন হয় এবং জিহ্বাতে এবং উপ্মিলনাকৃত্যস্থিমূলে প্রবিষ্ট হয়। ঐ চিবুকজিহ্বাযুক্ত মাংসপেশী জিহ্বাকে নানাপ্রকারে চালন করে।

৬ জিহ্বোপ্মিলনযুক্ত মাংসপেশীর নিদর্শন।

ঐ জিহ্বোপ্মিলন্যুক্ত মাংসপেশী উপ্মিলনাকৃত্যস্থির শৃঙ্গে এবং মূলে এবং অন্য২ সংলগ্নাংশেতে উৎপন্ন হয় এবং পার্শ্বদিগে জিহ্বাতে প্রবিষ্ট হয়। ঐ জিহ্বোপ্মিলন্যুক্ত মাংসপেশী জিহ্বাকে অধোদিগে এবং অন্তর্দ্দিগে আকর্ষণ করে।

* ব্যবচ্ছেদকেরা ঐ মাংসপেশীর চর্ব্বণোপ্মিলন্সংজ্ঞা করিয়াছেন যেহেতুক চর্ব্বণদন্তশ্রেণীতে উৎপন্ন হইয়া উপ্মিলনাকৃত্যস্থিতে প্রবিষ্ট হয়।

৭ জিহ্বানামক মাংসপেশীর নিদর্শন।

ঐ জিহ্বানামক মাংসপেশী পার্শ্বদিগে জিহ্বামূলেতে উৎপন্ন হয় এবং জিহ্বাগ্রভাগে প্রবিষ্ট হয়। ঐ জিহ্বানামক মাংসপেশী জিহ্বাকে খর্ব্ব করে এবং পশ্চাদাকর্ষণ করে।

৮ শলাকাজিহ্বাযুক্ত মাংসপেশীর নিদর্শন।

ঐ শলাকাজিহ্বাযুক্ত মাংসপেশী শলাকাকারপ্রবর্দ্ধনেতে এবং কখনো২ ঐ প্রবর্দ্ধনহইতে হনুকোণগামিনী এক বন্ধনীতে উৎপন্ন হয় এবং জিহ্বামূলাবধি অগ্রপর্য্যন্ত তৎপার্শ্বে প্রবিষ্ট হয়। ঐ শলাকাজিহ্বাযুক্ত মাংসপেশী জিহ্বাকে পশ্চাদ্দিগে এবং একপার্শ্ব দিগে আকর্ষণ করে।

৯ শলাকাগলাগ্রযুক্ত মাংসপেশীর নিদর্শন।

ঐ শলাকাগলাগ্রযুক্ত মাংসপেশী শলাকাকারপ্রবর্দ্ধনমূলেতে উৎপন্ন হয় এবং গলের পার্শ্ব এবং ফলকাকৃত্যুপাস্থির পশ্চাদ্দিগে প্রবেশ করে। ঐ শলাকাগলাগ্রযুক্ত মাংসপেশী ফলাকাকৃত্যুপাস্থিকে এবং গলাকে উত্তোলন করে এবং গলাগ্রদ্বারবর্দ্ধন করে।

১০ কাকুদাবতানক মাংসপেশীর নিদর্শন।

ঐ কাকুদাবতানক মাংসপেশী ইউষ্টাখিয়স্ নামে প্রণালীর অস্থ্যংশসমীপেতে এবং কোণাস্থির আল্যাকৃতিপ্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং কোণাস্থির অর্দ্ধচন্দ্রাকৃতি কিনারাতে এবং কাকুদপর্দা*

* ঐ কাকুদপর্দানামক মাংসপেশী গোলাকৃতিবন্ধনীবৎ হইয়া কোণাস্থির শঙ্কাকৃতি প্রবর্দ্ধনের অন্তঃস্থপত্রদ্বারা কৃত একপ্রকার রজ্জুবদংশের উপরি দিয়া গমনানন্তর অ:ত প্রশস্ত হয়।

নামে মাংসপেশীতে প্রবিষ্ট হয়। ঐ কাকুদাবতানক মাংসপেশী কাকুদপর্দাকে বর্দ্ধন করে এবং অধোদিগে তের্চারূপে আকর্ষণ করে।

১১ কাকুদোত্তোলক মাংসপেশীর নিদর্শন।

ঐ কাকুদোত্তোলক মাংসপেশী ইউষ্টাখিয়স্ নামে প্রণালীর ত্বগংশেতে এবং প্রস্তরবদস্থ্যগ্রাংশেতে উৎপন্ন হয় এবং কাকুদপর্দাতে প্রবিষ্ট হয়। ঐ কাকুদোত্তোলক মাংসপেশী কাকুদ পর্দাকে পশ্চাদ্দিগে আকর্ষণ করে।

—০—

|| ১১ || নলীদ্বারসমীপস্থ মাংসপেশীর প্রকরণ।

১ কাকুদগলাগ্রযুক্ত মাংসপেশীর নিদর্শন।

ঐ কাকুদগলাগ্রযুক্ত মাংসপেশী ইউষ্টাখিয়স্ নামে প্রণাল্য গ্রন্থ্যোপাস্থ্যংশের অধ এবং অন্তর্ভাগেতে* এবং কাকুদাবতানক স্নায়ুবদংশেতে এবং উপদ্রাক্ষের পশ্চান্মূলাংশসমীপবর্ত্তি কাকুদ পর্দাতে উৎপন্ন হয় এবং ফলকাকৃত্যুপাস্থির ঊর্দ্ধ এবং পশ্চাদ্ভাগে প্রবেশ করে। ঐ কাকুদগলাগ্রযুক্ত মাংসপেশী গলাগ্রকে এবং ফলকাকৃত্যুপাস্থিকে ঊর্দ্ধোত্তোলন করে এবং কাকুপর্দাকে এবং উপদ্রাক্ষকে পশ্চাৎ এবং অধোদিগে আকর্ষণ করে।

* ঐ কাকুদগলাগ্রযুক্ত মাংসপেশীর যেং কএক তন্ত ইউষ্টাখিয়স্ নামে প্রণালীতে উৎপন্ন হয় আল্‌বিনস্ নামে ব্যবচ্ছেদক সেই সকলের স্বতন্ত্র মাংসপেশীরূপে নির্ণয় করিয়া তুণ্ডীগলাগ্রযুক্ত মাংসপেশীসংজ্ঞা করিয়াছেন। ঐ মাংসপেশী ইউষ্টাখিয়স্ নামে প্রণালীদ্বারবর্দ্ধন করে।

২ জিহ্বামূলখিলানসঙ্কর্ষক মাংসপেশীর নিদর্শন।

ঐ জিহ্বামূলখিলানসঙ্কর্ষক মাংসপেশী জিহ্বামূলাংশসমীপ পার্শ্বেতে উৎপন্ন হয় এবং উপদ্রাক্ষের অগ্রভাগে এবং তন্মূলসমীপ বর্ত্তি কাকুদপর্দ্দাতে প্রবিষ্ট হয়। জিহ্বামূলখিলানসঙ্কর্ষক ঐ মাংস পেশী জিহ্বাকে উত্তোলন করে এবং তাহার প্রতি কাকুদপর্দ্দাকে আকর্ষণ করে *।

৩ উপদ্রাক্ষাযুগলযুক্ত মাংসপেশীর নিদর্শন।

ঐ উপদ্রাক্ষাযুগলযুক্ত মাংসপেশী কাকুদাস্থিসংযোগকারী সন্ধির অগ্রাংশেতে উৎপন্ন হয় এবং উপদ্রাক্ষের অগ্রাংশে প্রবেশ করে। ঐ উপদ্রাক্ষাযুগলযুক্ত মাংসপেশী উপদ্রাক্ষকে খর্ব্ব করে এবং পুরোদিগে এবং ঊর্দ্ধদিগে আকর্ষণ করে।

## ॥ ১২ ॥ গলাগ্রপশ্চাৎস্থিত মাংসপেশীর প্রকরণ।

১ গলাগ্রসঙ্কর্ষকোর্দ্ধস্থ মাংসপেশীর নিদর্শন।

ঐ গলাগ্রসঙ্কর্ষকোর্দ্ধস্থ মাংসপেশী পশ্চাৎকপালস্থ কোণাকার প্রবর্দ্ধনেতে এবং কোণাস্থির পক্ষবৎ প্রবর্দ্ধনেতে এবং মাঢ়িস্থিত এবং হনুস্থিত শেষচর্ব্বণদন্তসমীপেতে উৎপন্ন হয় † এবং

* ঐ জিহ্বামূলখিলানসঙ্কর্ষক মাংসপেশী এবং কাকুদগলাগ্রযুক্ত মাংসপেশী গলদ্বার রুদ্ধ করে এবং তদ্দ্বারা আহারাদি গলমধ্যে প্রবেশ করে।

† স্থানত্রয়হইতে উৎপন্ন ঐ গলাগ্রসঙ্কর্ষকোর্দ্ধস্থ মাংসপেশীর তন্তু এবং জিহ্বাহইতে রা

গলাগ্রমধ্যস্থানে প্রবিষ্ট হয়। ঐ গলাগ্রসঙ্কর্ষকোর্দ্ধস্থ মাংসপেশী গলাগ্রকে ঊর্দ্ধদিগে এবং পুরোদিগে আকর্ষণ করে এবং তদূর্দ্ধাগ্র সংনত করে।

২ গলাগ্রসঙ্কর্ষক মধ্যস্থ মাংসপেশীর নিদর্শন *।

ঐ গলাগ্রসঙ্কর্ষক মধ্যস্থ মাংসপেশী উপ্লিলনাকৃত্যস্থির শৃঙ্গে এবং তৎসংলগ্নাংশেতে এবং যে বন্ধনী ঐ উপ্লিলনাকৃত্যস্থিকে ফলকাকৃত্যস্থির সহিত সংযুক্ত করে তাহাতে উৎপন্ন হয় এবং বৃহচ্ছিদ্রের কিঞ্চিৎ পুরোভাগে পশ্চাৎকপালাস্থির মধ্যাংশসমীপস্থ কোণাকৃতিপ্রবর্দ্ধনমধ্যাংশে প্রবেশ করে। ঐ গলাগ্রসঙ্কর্ষক মাংসপেশী উপ্লিলনাকৃত্যস্থিকে এবং গলাগ্রকে ঊর্দ্ধদিগে আকর্ষণ করে এবং গলাগ্রকে সংনত করে।

৩ গলাগ্রসঙ্কর্ষকাধঃস্থ মাংসপেশীর নিদর্শন †।

ঐ গলাগ্রসঙ্কর্ষকাধঃস্থ মাংসপেশী বলয়াকৃত্যুপাস্থিতে এবং ফলকোপাস্থিতে উৎপন্ন হয় এবং গলাগ্রের মধ্যস্থানে প্রবেশ করে। ঐ গলাগ্রসংকর্ষক মাংসপেশী গলাগ্রের কিয়দংশকে সংনত করে।

---

উৎপন্ন অন্যকতগুলি তন্তু দেখিয়া দগ্লস্ নামে ব্যবচ্ছেদক ঐ তন্তুসকলকে স্বতন্ত্র মাংসপেশীচতুষ্টয় অনুমান করিয়া স্বতন্ত্র নাম দিয়াছেন বিশেষতঃ মস্তকগলাগ্রযুক্ত এবং চর্ব্বণগলাগ্রযুক্ত এবং শঙ্খগলাগ্রযুক্ত এবং জিহ্বাগলাগ্রযুক্ত মাংসপেশীসংজ্ঞা করিয়াছেন।

* দগ্লস্নামক ব্যবচ্ছেদক ঐ মাংসপেশীকে মাংসপেশীদ্বয় অনুমান করিয়া তাহার উপ্লিলনগলাগ্রযুক্ত এবং বন্ধনীগলাগ্রযুক্ত মাংসপেশীসংজ্ঞা করিয়াছেন।

† দগ্লস্নামক ব্যবচ্ছেদক ঐ মাংসপেশীর বলয়গলাগ্রযুক্ত এবং ফলকগলাগ্রযুক্ত মাংসপেশী সংজ্ঞা করিয়াছেন।

## ॥ ১৩ ॥ জিহ্বানিকটবর্ত্তিমাংসপেশীর প্রকরণ।

### বলয়ধূর্ত্তপুষ্পানুপার্শ্বস্থ মাংসপেশীর নিদর্শন।

ঐ বলয়ধূর্ত্তপুষ্পানুপার্শ্বস্থ মাংসপেশী বলয়াকৃত্যুপাস্থির পার্শ্বেতে উৎপন্ন হয় এবং ধূর্ত্তপুষ্পাকৃত্যুপাস্থির মূলপার্শ্বস্থানে প্রবিষ্ট হয়। ঐ বলয়ধূর্ত্তপুষ্পানুপার্শ্বস্থ মাংসপেশী নলীদ্বার উন্মীলন করে।

### ২ বলয়ধূর্ত্তপুষ্পপশ্চাৎস্থ মাংসপেশীর নিদর্শন।

ঐ বলয়ধূর্ত্তপুষ্পপশ্চাৎস্থ মাংসপেশী বলয়াকৃত্যুপাস্থির পশ্চাদ্ভাগে উৎপন্ন হয় এবং ধূর্ত্তপুষ্পাকৃত্যুপাস্থিমূলের পশ্চাদ্দিগে প্রবিষ্ট হয়। ঐ বলয়ধূর্ত্তপুষ্পপশ্চাৎস্থ মাংসপেশী নলীদ্বারকে উন্মীলন করে।

### ৩ ধূর্ত্তপুষ্পাকৃত্যুপাস্থিযুক্ত তৈর্চাগামী মাংসপেশীর নিদর্শন।

ঐ ধূর্ত্তপুষ্পাকৃত্যুপাস্থিযুক্ত তৈর্চাগামী মাংসপেশী ধূর্ত্তপুষ্পাকৃত্যুপাস্থির মধ্যে এক উপাস্থির মূলেতে উৎপন্ন হয় এবং অন্য ধূর্ত্তপুষ্পাকৃত্যুপাস্থ্যগ্রভাগসমীপে প্রবিষ্ট হয়। ঐ ধূর্ত্তপুষ্পাকৃত্যুপাস্থিযুক্ত তৈর্চাগামী মাংসপেশী যেং অংশের সহিত সংযুক্ত সেইং সমস্ত অংশকে এক স্থানে আকর্ষণ করে।

### ৪ ধূর্ত্তপুষ্পাকৃত্যুপাস্থিযুক্তানুপুঙ্খগামী মাংসপেশীর নিদর্শন।

ঐ ধূর্ত্তপুষ্পাকৃত্যুপাস্থিযুক্তানুপুঙ্খগামী মাংসপেশী এক ধূর্ত্তপুষ্পাকৃত্যুপাস্থিপার্শ্বেতে উৎপন্ন হইয়া অন্য ধূর্ত্তপুষ্পাকৃত্যুপাস্থি

পার্শ্বেতে প্রবিষ্ট হয়। ঐ ধূর্ত্তপুষ্পাকৃত্যুপাস্থিযুক্তানুপুঙ্খগামী মাংসপেশী নলীদ্বার রুদ্ধ করে।

৫ ফলকধূর্ত্তপুষ্পোপাস্থিযুক্ত মাংসপেশীর নি. র্শন।

ঐ ফলকধূর্ত্তপুষ্পোপাস্থিযুক্ত মাংসপেশী ফলকাকৃত্যুপাস্থির পশ্চাৎ এবং অধোভাগে উৎপন্ন হয় এবং ধূর্ত্তপুষ্পাস্থিতে প্রবিষ্ট হয়। ঐ ফলকধূর্ত্তপুষ্পাস্থিযুক্ত মাংসপেশী ধূর্ত্তপুষ্পাকৃত্যুপাস্থিকে পুরোদিগে আকর্ষণ করে।

৬ ধূর্ত্তপুষ্পোপজিহ্বাযুক্ত মাংসপেশীর নিদর্শন।

ঐ ধূর্ত্তপুষ্পোপজিহ্বাযুক্ত মাংসপেশী ধূর্ত্তপুষ্পাকৃত্যুপাস্থির পার্শ্বোর্দ্ধ্বভাগে উৎপন্ন হয় এবং উপজিহ্বাপার্শ্বে প্রবিষ্ট হয়। ঐ ধূর্ত্তপুষ্পোপজিহ্বাযুক্ত মাংসপেশী উপজিহ্বাকে বহিরাকর্ষণ করে।

৭ ফলকোপজিহ্বাযুক্ত মাংসপেশীর নিদর্শন।

ঐ ফলকোপজিহ্বাযুক্ত মাংসপেশী ফলকাকৃত্যুপাস্থিতে উৎপন্ন হইয়া উপজিহ্বাপার্শ্বে প্রবিষ্ট হয়। ঐ ফলকোপজিহ্বাযুক্ত মাংস পেশী উপজিহ্বাকে তের্চ্চারূপে অধোদিগে আকর্ষণ করে।*

॥ ১৪ ॥ গ্রীবাবর্ত্তকসমীপবর্ত্তী কণ্ঠদেশস্থিত মাংসপেশীর প্রকরণ।

১ মস্তকের বৃহৎ সরলান্তঃস্থ মাংসপেশীর নিদর্শন।

মস্তকের ঐ বৃহৎ সরলান্তঃস্থ মাংসপেশী অধঃস্থ পঞ্চ গ্রীবাবর্ত্তকা

* যখন ঐ মাংসপেশী কিম্বা তৎপূর্ব্বকথিত মাংসপেশী অস্থিযুগ্ম মাংসপেশীর সহিত একদা ক্রীড়া করে তখন উপজিহ্বা কেবল অধোদিগে গলাগ্রের প্রতি আকৃষ্ট হয়।

নুপ্রস্থপ্রবর্দ্ধনান্তরাগ্রেতে উৎপন্ন হয় এবং পশ্চাৎকপালাস্থির কোণাকৃতিপ্রবর্দ্ধনপুরোভাগে প্রবিষ্ট হয়। মস্তকের ঐ বৃহৎ সরলান্তঃস্থ মাংসপেশী মস্তককে পুরোদিগে নত করে।

২ মস্তকের ক্ষুদ্র সরলান্তঃস্থ মাংসপেশীর নিদর্শন।

মস্তকের ঐ ক্ষুদ্র সরলান্তঃস্থ মাংসপেশী প্রথম গ্রীবাবর্ত্তকান্তরূর্দ্ধভাগে উৎপন্ন হয় এবং পশ্চাৎকপালের পর্ব্বাকৃতি প্রবর্দ্ধন মূলসমীপে প্রবিষ্ট হয়। মস্তকের ঐ ক্ষুদ্র সরলান্তঃস্থ মাংসপেশী শেষকথিত মাংসপেশীর উপকার করে।

৩ মস্তকের পার্শ্বস্থ সরল মাংসপেশীর নিদর্শন।

মস্তকের ঐ পার্শ্বস্থ সরল মাংসপেশী প্রথম গ্রীবাবর্ত্তকানুপ্রস্থগামি প্রবর্দ্ধনান্তরূর্দ্ধভাগে উৎপন্ন হয় এবং শলাকাচূচুকনামক ছিদ্র সম্মুখে পশ্চাৎকপালাস্থিতে প্রবিষ্ট হয়। মস্তকের ঐ পার্শ্বস্থ সরল মাংসপেশী মস্তককে পার্শ্বদিগে আকর্ষণ করে।

৪ কণ্ঠের দীর্ঘ মাংসপেশীর নিদর্শন।

কণ্ঠের ঐ দীর্ঘ মাংসপেশী বক্ষোমধ্যোর্দ্ধস্থ পৃষ্ঠাবর্ত্তকত্রয়ের গাত্রপার্শ্বেতে এবং প্রথম এবং দ্বিতীয় পৃষ্ঠাবর্ত্তকের এবং অধঃস্থ গ্রীবাবর্ত্তকের তের্চাগামি প্রবর্দ্ধনমূলপুরোভাগে এবং ষষ্ঠ এবং পঞ্চম এবং চতুর্থ এবং তৃতীয় গ্রীবাবর্ত্তকানুপ্রস্থগামি প্রবর্দ্ধনান্তঃস্থাগ্রে উৎপন্ন হয় এবং দ্বিতীয় গ্রীবাবর্ত্তকান্তঃপার্শ্বে প্রবিষ্ট হয়। কণ্ঠের ঐ দীর্ঘ মাংসপেশী কণ্ঠকে এক পার্শ্বে আকর্ষণ করে*।

---

* যখন ঐ মাংসপেশী এবং তৎসহকারী মাংসপেশী এই উভয় একদা ক্রীড়া করে তখন কণ্ঠ পুরোদিগে আকৃষ্ট হয়।

## ॥ ১৫ ॥ উদরপুরোভাগস্থ মাংসপেশীর প্রকরণ।

১ উদরের তের্চাগামি বহিঃস্থ মাংসপেশীর নিদর্শন।

ঐ তের্চাগামি বহিঃস্থ মাংসপেশী অধঃস্থাষ্টপর্শুকাধঃকিনারাতে তদুপাস্থ্যংশসমীপে উৎপন্ন হয় এবং শুক্লরেখাবহ্বন্ধনীতে* এবং উপস্থ্যাস্থিতে † এবং কটিস্থ কণ্টকাকৃতিপুবর্দ্ধনেতে ‡ প্রবিষ্ট হয়। ঐ তের্চাগামিবহিঃস্থ মাংসপেশী অন্ত্রকে সংমর্দ্দন করে তাহাতে অন্ত্রনির্ভর করে এবং মলমূত্র নির্গতসময়ে ঐ মাংসপেশী পর্শুকাকে অধোদিগে আকর্ষণ করে এবং গাত্রকে পুরোদিগে এবং তের্চাভাবে পার্শ্বদিগে আকর্ষণ করে।

---

* যে স্নায়ুবদংশ করবালাকৃত্পাস্থ্যবধি উপস্থাস্থিপর্য্যন্ত গতি করে ব্যবচ্ছেদকেরা তাহার শুক্লরেখাবহ্বন্ধনীসংজ্ঞা করিয়াছেন। ঐ শুক্লরেখাবহ্বন্ধনী তের্চাগামী এবং অনুপ্রস্থগামী মাংসপেশীর স্নায়ুবক্ষ অন্তরান্তর পরস্পর উদগ্রথিতহওনদ্বারা নির্ম্মিত হইয়াছে তাহাতে কোনো২ ব্যবচ্ছেদকেরা অনুমান করিয়াছেন যে ঐ মাংসপেশী ত্রিনংথ্যক।

† উপস্থাস্থির কিঞ্চিদূর্দ্ধে ঐ মাংসপেশীর স্নায়ুবক্ষ বিভিন্নীকৃত হইয়া দ্বারাকৃতি হয় তাহাতে ব্যবচ্ছেদকেরা ঐ দ্বারের সংজ্ঞা তের্চাগামি বহিঃস্থ মাংসপেশীবলয় করিয়াছেন এবং কখনো২ অযথার্থরূপে অন্য২ ব্যবচ্ছেদকেরা ঐ দ্বারের উদরমাংসপেশীবলয় সংজ্ঞা করিয়াছেন কিন্তু অনুপ্রস্থগাম্যন্তঃস্থ এবং তের্চাগাম্যন্তঃস্থ মাংসপেশীর ঐ প্রকার ছিদ্র নাই। পুরুষে ঐ বলয়দ্বারদিয়া রেতোগামিনাড়ী গমন করে কিন্তু স্ত্রীলোকে জরায়ুর গোলাকৃতিবন্ধনী গমন করে।

‡ কটাস্থির ঊর্দ্ধস্থ এবং অগ্রস্থ কণ্টকাকৃতিপুবর্দ্ধনহইতে ঐ মাংসপেশী বিস্তৃত হইয়া স্নায়ুরূপে পুচ্ছাস্থিপর্য্যন্ত গমন করে তাহাতে কোনো২ ব্যবচ্ছেদকেরা ঐ স্নায়ুর ফ্যালোপিয়ন্সের এবং অন্য২ ব্যবচ্ছেদকেরা পুপার্টের বন্ধনীসংজ্ঞা করিয়াছেন। ঐ বন্ধনীর অধোদিগে হইয়া রক্তপ্রবাহক নাড়ী ঊরুদেশে প্রবেশ করে।

২ তের্চাগাম্যন্তঃস্থ মাংসপেশীর নিদর্শন।

ঐ তের্চাগাম্যন্তঃস্থ মাংসপেশী অধঃস্থ পৃষ্ঠাবর্ত্তকত্রয়ের কণ্টকাকৃতিপ্রবর্দ্ধনেতে এবং কশেরুকামূলপৃষ্ঠভাগে এবং কটিখণ্ডের কণ্টকাকৃতিপ্রবর্দ্ধনেতে এবং ফালোপীয় নামে বন্ধনীর পশ্চাৎ পার্শ্বেতে উৎপন্ন হয় * এবং অযথার্থ পর্শুকার উপাস্থ্যংশেতে এবং শুক্লরেখাবদ্ধবন্ধনীতে † এবং উপস্থ্যস্থির পুরঃপার্শ্বেতে প্রবিষ্ট হয়। ঐ তের্চাগাম্যন্তঃস্থ মাংসপেশী তের্চাগামী বহিঃস্থ মাংসপেশীর সাহায্য করে।

৩ অনুপুঙ্খগামি মাংসপেশীর নিদর্শন।

ঐ অনুপুঙ্খগামি মাংসপেশী অধঃস্থ সপ্তপর্শুকার উপাস্থ্যংশে এবং পৃষ্ঠাধঃস্থ পর্শুকার এবং কটিদেশের ঊর্দ্ধস্থ প্রবর্ত্তকানুপুঙ্খগামিপ্রবর্দ্ধনচতুষ্টয়েতে এবং ফালোপীয় নামে বন্ধনীর অন্তঃপার্শ্বেতে এবং কটিখণ্ডের কণ্টকাকৃতিপ্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং শুক্লরেখাবদ্ধবন্ধনীতে এবং করবালাকৃত্যুপাস্থিতে প্রবিষ্ট হয়। ঐ অনুপুঙ্খগামি মাংসপেশী উদরের অন্ত্র সংনত করে।

---

* উদরের ঐ তের্চাগাম্যন্তঃস্থ মাংসপেশীর পূর্ব্বাংশহইতে উৎপন্ন যে স্নায়ুবদংশ শুক্লরেখাবদ্ধবন্ধনীর প্রতি গমনসময়ে দ্বিপত্রবৎ কৃত হয় তাহাতে পশ্চাৎস্থ পত্রবদংশ সরল মাংসপেশীর অধো দিয়া এবং পুরঃস্থ পত্রবদংশে ঐ সরল মাংসপেশীর ঊর্দ্ধ দিয়া গমন করে।

† উদরের ঐ তের্চাগামি বহিঃস্থ মাংসপেশী শুক্লরেখাবদ্ধবন্ধনী সমীপবর্ত্তি স্থানহইতে রেতো রজ্জুপ্রতি অধোদিগ্গামি কতগুলি তন্তু প্রেরণ করে তদ্দ্বারা মুষ্কাকুঞ্চক মাংসপেশী কৃত হয়।

৪ উদরস্থ সরল মাংসপেশীর নিদর্শন।

ঐ উদরস্থ সরল মাংসপেশী উপস্থাস্থির এবং তৎসন্ধ্যার্দ্ধ কিনারাতে উৎপন্ন হয় এবং পঞ্চম এবং ষষ্ঠ এবং সপ্তম পর্শুকার উপাস্থ্যংশে এবং করবালাকৃত্যুপাস্থির কিনারায় প্রবেশ করে *। ঐ উদরস্থ সরলমাংসপেশী উদরের পুরোভাগকে সংনত করে এবং গাত্রকে পুরোদিগে আকর্ষণ করে।

৫ শিখাকৃতি মাংসপেশীর নিদর্শন †।

ঐ শিখাকৃতিমাংসপেশী উপস্থ্যাস্থির পুরঃ এবং ঊর্দ্ধদেশে উৎপন্ন হয় এবং উদরস্থ সরলমাংসপেশীতে এবং শুক্লরেখাবন্ধনীর অন্তঃ কিনারাতে উপস্থ্যাস্থির প্রায় সার্দ্ধাঙ্গুলিদ্বয়প্রমাণে প্রবিষ্ট হয়। ঐ শিখাকৃতি মাংসপেশী উদরসরলমাংসপেশীর অধোংশের সাহায্য করে।

॥ ১৬ ॥ বক্ষঃপুরোদেশস্থ মাংসপেশীর প্রকরণ।

১ বক্ষঃস্থ বৃহন্মাংসপেশীর নিদর্শন।

বক্ষঃস্থ ঐ বৃহন্মাংসপেশী পঞ্চম এবং ষষ্ঠ পর্শুকোপাস্থ্যংশের

---

* ঐ উদরস্থ সরল মাংসপেশীর তন্তুসমস্ত প্রায় সর্ব্বদা বজ্রাকৃতি স্নায়ুত্রয়েতে বিভিন্নীকৃত হইয়াছে। ঐ মাংসপেশীর অংশত্রয়ের ঊর্দ্ধস্থাংশদ্বয় তের্চাগাম্যন্তঃস্থ মাংসপেশীর স্নায়ুবৎপত্রাংশমধ্য দিয়া গমন করে তাহাতে কোষেতে বেষ্টিত এমন অনুমান হয় কিন্তু অধঃস্থাংশ অন্তর্বেষ্টনস্থ্রচ্ছদসমীপবর্ত্তি থাকে এবং অনুপ্রস্থগামি মাংসপেশীর স্নায়ুবদবোংশ উদরস্থ সরল মাংসপেশীর উপর দিয়া গমন করিয়া তের্চাগাম্যন্তঃস্থ মাংসপেশীর অন্তঃস্থ পত্রবদংশেতে সংযুক্ত থাকে।

† ঐ শিখাকৃতি মাংসপেশী কোনো২ মনুষ্যে থাকে এবং কোনো২ মনুষ্যেতে থাকে না।

অগ্রভাগেতে এবং বক্ষোস্থিতে এবং জত্রুর পুরোগ্রেতে উৎপন্ন হয় এবং প্রগণ্ডাস্থির ঊর্দ্ধে এবং অন্তঃপার্শ্বে প্রবিষ্ট হয় *। ঐ বক্ষঃস্থ বৃহন্মাংসপেশী হস্তকে পুরোদিগে কিঞ্চিত্তেৰ্চারূপে আকর্ষণ করে।

২ জত্রুযুক্ত মাংসপেশীর নিদর্শন।

ঐ জত্রুযুক্ত মাংসপেশী প্রথমপর্শুকার উপাস্থ্যংশহইতে নির্গত হয় এবং জত্রুধঃপার্শ্বে প্রবিষ্ট হয়। ঐ জত্রুযুক্ত মাংসপেশী জত্রুকে পুরঃ এবং অধোদিগে আকর্ষণ করে এবং প্রথমপর্শুকোত্তোলনবিষয়ে সাহায্য করে।

৩ বক্ষঃস্থ ক্ষুদ্র মাংসপেশীর নিদর্শন +।

ঐ বক্ষঃস্থ ক্ষুদ্র মাংসপেশী তৃতীয় এবং চতুর্থ এবং পঞ্চম পর্শুকার ঊর্দ্ধকিনারাতে উৎপন্ন হয় এবং অংসাস্থির কাকচঞ্চুবৎপ্রবর্দ্ধনেতে প্রবিষ্ট হয়। ঐ বক্ষঃস্থ ক্ষুদ্র মাংসপেশী অংসাস্থিকে পুরঃ এবং অধোদিগে আকর্ষণ করে এবং পর্শুকাকে উত্তোলন করে।

৪ ক্রকচাকার বৃহন্মাংসপেশীর নিদর্শন।

ঐ ক্রকচাকার বৃহন্মাংসপেশী ঊর্দ্ধস্থ অষ্ট পর্শুকাহইতে নির্গত

---

* ঐ বক্ষঃস্থ বৃহন্মাংসপেশীর তন্তু সকল ঊর্দ্ধমিতাকপে বাহুমূলের প্রতি গমন করে তদ্দ্বারা এবং পৃষ্ঠস্থতম মাংসপেশীর তন্তুদ্বারা বাহুমূল কৃত হয়।

+ ব্যবচ্ছেদকেরা ঐ বক্ষঃস্থ ক্ষুদ্র মাংসপেশীর এবং অন্যং কতকগুলি মাংসপেশীর ক্রকচসংজ্ঞা করিয়াছেন যেহেতুক ঐ মাংসপেশীসকল ক্রকচাকৃতি কং গুলি স্নায়ুবদংশ হইতে কিম্বা মাংসপেশীহইতে উৎপন্ন হয়।

হয় এবং অংসাস্থিমূলে প্রবিষ্ট হয়। ঐ ক্রকচাকারবৃহন্মাংস পেশী অংসাস্থিকে পুরোদিগে আকর্ষণ করে।

## ॥ ১৭ '। নির্ম্মিতবক্ষোদেশ মাংসপেশীর প্রকরণ।

### ১ ব্যবধায়ক মাংসপেশীর নিদর্শন।

ঐ ব্যবধায়ক মাংসপেশীর নিদর্শন চতুর্থখণ্ডের চতুর্থাধ্যায়ে ব্যাখ্যাত হইবে।

### ২ পর্শুকোন্নায়ক মাংসপেশীর নিদর্শন।

ঐ পর্শুকোন্নায়ক মাংসপেশী গ্রীবাধঃস্থ এবং পৃষ্ঠোর্দ্ধস্থ একাদশপ্রবর্ত্তকানুপ্রস্থপ্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং প্রত্যেক পর্শুকার উর্দ্ধ কিনারায় তদগ্রন্থিকাসমীপে প্রবিষ্ট হয়। ঐ পর্শুকোন্নায়ক মাংসপেশী পর্শুকাকে পুরোদিগে এবং উর্দ্ধদিগে আকর্ষণ করে।

### ৩ পর্শুকাভ্যন্তর বহিঃস্থ মাংসপেশীর নিদর্শন।

ঐ পর্শুকাভ্যন্তর বহিঃস্থ মাংসপেশী প্রত্যেকোর্দ্ধস্থ পর্শুকার অধঃ কিনারাতে উৎপন্ন হয় এবং প্রত্যেকাধঃস্থ পর্শুকার উর্দ্ধস্থ কিনারাতে প্রবিষ্ট হয়। ঐ পর্শুকাভ্যন্তর মাংসপেশী পর্শুকাকে উত্তোলন করে।

### ৪ পর্শুকাভ্যন্তরান্তঃস্থ মাংসপেশীর নিদর্শন।

পর্শুকাভ্যন্তরান্তঃস্থ ঐ মাংসপেশীর উৎপত্তিস্থান এবং প্রবেশ স্থান এবং কার্য্য পর্শুকাভ্যন্তরবহিঃস্থ মাংসপেশীর ন্যায় *।

* কিন্তু এস্থানে বক্তব্যোপযুক্ত যে ঐ পর্শুকাভ্যন্তরবহিঃস্থ মাংসপেশীসকল তাপে

কথাবলী

বক্ষোস্থিপর্শুকায়ুক্ত মাংসপেশীর নিদর্শন *।

## বক্ষোস্থিপর্শুকায়ুক্ত মাংসপেশীর নিদর্শন *।

ঐ বক্ষোস্থিপর্শুকায়ুক্ত মাংসপেশী করবালাকৃত্তুপাস্থিতে এবং বক্ষোস্থির মধ্যে এবং অধোভাগেতে উৎপন্ন হয় এবং দ্বিতীয় এবং তৃতীয় এবং চতুর্থ এবং পঞ্চম এবং ষষ্ঠ পর্শুকার উপাস্থ্যংশে

---

কণ্ঠাবধি পর্শুকায়ুক্তোপাস্থিপর্য্যন্ত পর্শুকার মধ্যস্থানে কেবল স্থিতি করে যেহেতুক ঐ উপাস্থ্যংশাবধি বক্ষোস্থিপর্য্যন্ত কেবল এক অতিসূক্ষ্মবন্ধ আছে। ঐ বন্ধ পর্শুকান্তরান্তঃস্থ মাংসপেশী আবরণ করে এবং ঐ পর্শুকান্তরান্তঃস্থ মাংসপেশী বক্ষোস্থ্যবধি প্রত্যেক পর্শুকাকোণপর্য্যন্ত কেবল ব্যাপিয়া থাকে।

ঐ পর্শুকান্তর বহিঃস্থ মাংসপেশীসমস্ত তের্চারূপে পুরোদিগে গতি করে এবং পর্শুকান্তরান্তঃস্থ মাংসপেশীর তন্তুসমস্ত তের্চারূপে পশ্চাদ্দিগে গমন করে। ঐ উভয় জাতীয় মাংসপেশীর তন্তু পৃথক্রূপে গমনপ্রযুক্ত গালেন্ নামে ব্যবচ্ছেদক অনুমান করিয়াছিলেন যে তাহারদিগের পৃথক২ কার্য্য হইতে পারে অর্থাৎ পর্শুকান্তর বহিঃস্থ মাংসপেশী পর্শুকাকে প্রসারণ করে এবং পর্শুকান্তরান্তঃস্থ মাংসপেশী পর্শুকাকে সংনমন করে কিন্তু মালোপিয়স্নামক ব্যবচ্ছেদক প্রথমতঃ ঐ মত অন্যথা করিয়াছিলেন পরে বরল্ এবং তৎপরে হাম্বর্গেনামক ব্যবচ্ছেদকেরা ঐ মতগ্রাহী হইয়াছিলেন কিন্তু ঐ ব্যবচ্ছেদকেরদের তদ্বিষয়ক তাবৎপ্রমাণ এবং বাকা হালের নামে ব্যবচ্ছেদকের পরীক্ষাদ্বারা নিশ্চয় দূষ্য হইয়াছে।

* ঐ বক্ষঃপর্শুকায়ুক্ত মাংসপেশী কখন২ এক২ পার্শ্বে চার কিম্বা পাঁচ করিয়া থাকে কিন্তু বেশালিয়স্ নামে ব্যবচ্ছেদক এবং তৎপরে দগ্লস্ এবং আল্বিনস্ নামে ব্যবচ্ছেদকেরা ঐ মাংসপেশী চতুষ্টয় কিম্বা পঞ্চ একই মাংসপেশী অনুমান করিয়া তদাকৃত্যনুসারে ত্রিকোণ মাংসপেশীসংজ্ঞা করিয়াছিলেন কিন্তু বর্হেয়েন্ এবং বিন্স্লো এবং হালের নামে ব্যবচ্ছেদকেরা অভিপ্রায়পূর্ব্বকরূপে ঐ মাংসপেশী পৃথক২ অনুমান করিয়া তদুৎপত্ত্যনুসারে এবং প্রবেশানুসারে তাহারদিগের বক্ষঃপর্শুকায়ুক্ত মাংসপেশীসংজ্ঞা করিয়াছেন

প্রবিষ্ট হয়। ঐ বক্ষোস্থিপর্ব্বকাযুক্ত মাংসপেশী পর্ব্বকার উপাস্থ্যংশকে অবনত করে।

## ॥ ১৮ ॥ গাত্রের এবং গ্রীবার পশ্চাৎস্থ মাংসপেশীর প্রকরণ।

### ১ বিষমচতুর্ভুজাকার মাংসপেশীর নিদর্শন *।

ঐ বিষমচতুর্ভুজাকার মাংসপেশী পশ্চাৎকপালমধ্যস্থানেতে এবং অধঃস্থ পৃষ্ঠাবর্ত্তকদ্বয়ের কণ্টকাকৃতিপ্রবর্দ্ধনেতে এবং প্রত্যেক পৃষ্ঠাবর্ত্তকের কণ্টকাকৃতিপ্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং জত্রুর পশ্চাদূর্দ্ধাংশেতে এবং স্কন্ধাগ্রের কিয়দংশেতে এবং অংসাস্থির কণ্টকাকৃতিপ্রবর্দ্ধনেতে প্রবিষ্ট হয়। ঐ বিষমচতুর্ভুজাকার মাংসপেশী অংসাস্থিকে চালন করে।

### ২ দ্বিসমচতুর্ভুজ নামক মাংসপেশীর নিদর্শন †।

ঐ দ্বিসমচতুর্ভুজ মাংসপেশী অধঃস্থ পৃষ্ঠাবর্ত্তকত্রয়ের কণ্টকাকৃতি প্রবর্দ্ধনেতে এবং প্রত্যেক পৃষ্ঠাবর্ত্তকের কণ্টকাকৃতি প্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং অংসাস্থিমূলাংশে প্রবিষ্ট হয়। ঐ দ্বিসমচতুর্ভুজ মাংসপেশী অংসাস্থিকে ঊর্দ্ধ এবং পশ্চাদ্দিগে আকর্ষণ করে।

---

* রিওলানস্‌নামে ব্যবচ্ছেদক ঐ বিষমচতুর্ভুজাকার মাংসপেশীর বিষমচতুর্ভুজসংজ্ঞা করিয়াছেন যেহেতুক তাহার চতুষ্পার্শ্ব আছে কিন্তু কলম্বস্ এবং অন্যং ব্যবচ্ছেদকেরা তাহার মধ্যসংজ্ঞা করিয়াছেন। ঐ মাংসপেশীর স্নায়ুবন্ধসমস্ত গ্রীবাস্থিতথ্যে সাহায্যকারী অন্য মাংসপেশীর স্নায়ুবন্ধের সহিত সম্মিলিত হইয়া তদ্দ্বারা গ্রীবার ধমনী কৃতা হয়।

† ঐ মাংসপেশী পৃথকং অংশদ্বয়েতে কৃত তাহাতে আল্‌বিনস্ নামে ব্যবচ্ছেদক তাহারদিগকে ভিন্নং মাংসপেশীরূপে নির্ণয় করিয়া একের দ্বিসমচতুর্ভুজাকার ক্ষুদ্র মাংসপেশী এবং অন্যের দ্বিসমচতুর্ভুজাকার বৃহন্মাংসপেশীসংজ্ঞা করিয়াছেন।

### ৩ পৃষ্ঠের প্রশস্ততম মাংসপেশীর নিদর্শন।

পৃষ্ঠের ঐ প্রশস্ততম মাংসপেশী কটিখণ্ডের কণ্টকাকৃতি প্রবর্দ্ধনের কিয়দংশেতে এবং কশেরুকামূলের এবং কট্যাবর্ত্তকের এবং ষষ্ঠ কিম্বা অষ্ট পৃষ্ঠাবর্ত্তকের কণ্টকাকারপ্রবর্দ্ধনেতে এবং অযথার্থাধঃস্থচতুষ্টয় পর্শুকার উপাস্থ্যংশেতে উৎপন্ন হয় এবং দ্বিমুণ্ডনামক মাংসপেশীর দীর্ঘমুণ্ডধারণকারি খাঁজের অন্তঃস্থ কিনারা সমীপে প্রগণ্ডাস্থিতে প্রবিষ্ট হয়। পৃষ্ঠের ঐ প্রশস্ততম মাংসপেশী প্রগণ্ডাস্থিকে অধোদিগে এবং পশ্চাদ্দিগে আকর্ষণ করে এবং তদস্কাংশে ক্রীড়া করায়।

### ৪ অধঃস্থ পশ্চাদ্বর্ত্তি ক্রকচাকার মাংসপেশীর নিদর্শন।

অধঃস্থ পশ্চাদ্বর্ত্তি ক্রকচাকার ঐ মাংসপেশী অধঃস্থ পৃষ্ঠাবর্ত্তকদ্বয়ের এবং কট্যাবর্ত্তকত্রয়ের কণ্টকাকৃতিপ্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং অধঃস্থত্রয় কিম্বা চতুষ্টয় পর্শুকাধঃকিনারায় তদুপাস্থ্যংশসমীপে প্রবিষ্ট হয়। অধঃস্থ পশ্চাদ্বর্ত্তি ক্রকচাকার ঐ মাংসপেশী পর্শুকাকে বহির্দিগে এবং অধোদিগে এবং পশ্চাদ্দিগে আকর্ষণ করে।

### ৫ অংসোত্তোলক মাংসপেশীর নিদর্শন।

অংসোত্তোলক ঐ মাংসপেশী ঊর্দ্ধস্থচতুষ্টয় গ্রীবাবর্ত্তকের অনুপ্রস্থগামি প্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং অংসাস্থির ঊর্দ্ধস্থ কোণেতে প্রবিষ্ট হয়। অংসোত্তোলক ঐ মাংসপেশী অংসাস্থিকে পুরোদিগে এবং ঊর্দ্ধদিগে আকর্ষণ করে।

৬ ঊর্দ্ধস্থ পশ্চাদ্বর্ত্তিক্রকচাকার মাংসপেশীর নিদর্শন।

ঊর্দ্ধস্থ পশ্চাদ্বর্ত্তি ক্রকচাকার ঐ মাংসপেশী গ্রীবাবন্ধনীর অধোংশে এবং অধঃস্থ গ্রীবাবর্ত্তকের এবং ঊর্দ্ধস্থ পৃষ্ঠাবর্ত্তকদ্বয়ের কণ্টকাকৃতি প্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং দ্বিতীয় এবং তৃতীয় এবং চতুর্থ পর্শুকাতে প্রবিষ্ট হয়। ঊর্দ্ধস্থ পশ্চাদ্বর্ত্তি ক্রকচাকার ঐ মাংসপেশী বক্ষঃস্থল বিস্তৃত করে।

৭ ত্রিকোণাকার মাংসপেশীর নিদর্শন *।

ত্রিকোণাকার ঐ মাংসপেশী ঊর্দ্ধস্থ চতুষ্টয় কিম্বা পঞ্চ পৃষ্ঠাবর্ত্তকের এবং অধঃস্থ গ্রীবাবর্ত্তকের কণ্টকাকৃতি প্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং প্রথম গ্রীবাবর্ত্তকদ্বয়ের অনুপ্রস্থগামিপ্রবর্দ্ধনেতে এবং চূচুকাকৃতিপ্রবর্দ্ধনের ঊর্দ্ধস্থ এবং পশ্চাৎপার্শ্বেতে এবং পশ্চাৎ কপালস্থ এক আলিতে প্রবিষ্ট হয়। ত্রিকোণাকার ঐ মাংসপেশী মস্তককে পশ্চাদ্দিগে আকর্ষণ করে।

৮ সংসক্তনামক মাংসপেশীর নিদর্শন †।

ঐ সংসক্তনামক মাংসপেশী ঊর্দ্ধস্থ চতুর্থ কিম্বা পঞ্চ পৃষ্ঠাবর্ত্তকের এবং অধঃস্থ ষড় গ্রীবাবর্ত্তকের অনুপ্রস্থগামিপ্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং পশ্চাৎকপালেতে প্রবিষ্ট হয়। ঐ সংসক্তনামক মাংসপেশী মস্তককে পশ্চাদাকর্ষণ করে।

* ত্রিকোণাকার ঐ মাংসপেশী প্লীহাকৃতিপ্রযুক্ত কোনোং ব্যবচ্ছেদকেরা তাহার প্লীহাসংজ্ঞা করিয়াছেন।

† ঐ সংসক্তনামক মাংসপেশীর তন্তুসমস্ত অতিপ্রতীভূতপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা তাহার সংসক্তসংজ্ঞা করিয়াছেন।

### ৯ গলচূচুকপ্রবর্দ্ধনযুক্ত মাংসপেশীর নিদর্শন *।

ঐ গলচূচুকপ্রবর্দ্ধনযুক্ত মাংসপেশী প্রথম পৃষ্ঠাবর্ত্তকের এবং চতুর্থ কিম্বা পঞ্চ অধঃস্থ গ্রীবাবর্ত্তকানুপ্রস্থগামিপ্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং চূচুকাকৃতি প্রবর্দ্ধনেতে প্রবিষ্ট হয়। ঐ গলচূচুকপ্রবর্দ্ধন যুক্ত মাংসপেশী মস্তককে পশ্চাদ্দিগে আকর্ষণ করে।

### ১০ মস্তকের পশ্চাৎস্থ বৃহৎ সরল মাংসপেশীর নিদর্শন।

মস্তকের পশ্চাৎস্থ ঐ বৃহৎ সরল মাংসপেশী দ্বিতীয় গ্রীবাবর্ত্তকের কণ্টকাকৃতি প্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং পশ্চাৎকপালে প্রবিষ্ট হয়। মস্তকের পশ্চাৎস্থ ঐ বৃহৎ সরল মাংসপেশী মস্তককে ঊর্দ্ধদিগে উত্তোলন করে এবং পশ্চাদ্দিগে আকর্ষণ করে।

### ১১ মস্তকের পশ্চাৎস্থ ক্ষুদ্র সরল মাংসপেশীর নিদর্শন।

মস্তকের পশ্চাৎস্থ ঐ ক্ষুদ্র সরল মাংসপেশী প্রথম গ্রীবাবর্ত্তকেতে উৎপন্ন হয় এবং পশ্চাৎকপালে প্রবিষ্ট হয়। মস্তকের পশ্চাৎস্থ ঐ ক্ষুদ্র সরলমাংসপেশী মস্তকের পশ্চাৎস্থ বৃহৎসরলমাংসপেশীর সাহায্য করে।

### ১২ মস্তকের ঊর্দ্ধস্থ তের্চাগামি মাংসপেশীর নিদর্শন।

মস্তকের ঊর্দ্ধস্থ ঐ তের্চাগামি মাংসপেশী প্রথম গ্রীবাবর্ত্তকানুপ্রস্থগামিপ্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং পশ্চাৎকপালে প্রবেশ করে। মস্তকের ঐ ঊর্দ্ধস্থ তের্চাগামি মাংসপেশী মস্তককে পশ্চাদ্দিগে আকর্ষণ করে।

---

* ঐ গলচূচুকপ্রবর্দ্ধনযুক্ত মাংসপেশী গলদেশে উৎপন্নপ্রযুক্ত এবং চূচুকাকৃতি প্রবর্দ্ধনেতে প্রবিষ্টপ্রযুক্ত ব্যবচ্ছেদকেরা ঐ মাংসপেশীর তৎসংজ্ঞা করিয়াছেন।

১৩ মস্তকের অধঃস্থ তৈর্য্যগামি মাংসপেশীর নির্দ্দর্শন।

মস্তকের অধঃস্থ ঐ তৈর্য্যগামি মাংসপেশী দ্বিতীয় গ্রীবাবর্ত্তকের কণ্টকপ্রবর্দ্ধনেতে উৎপন্ন হয় এবং প্রথম গ্রীবাবর্ত্তকানুপ্রস্থগামি প্রবর্দ্ধনে প্রবিষ্ট হয়। মস্তকের অধঃস্থ ঐ তৈর্য্যগামি মাংসপেশী মুখকে স্কন্ধের প্রতি আকর্ষণ করে এবং প্রথমাবর্ত্তককে দ্বিতীয়াবর্ত্তকেতে ক্রীড়া করায়।

১৪ কশেরুকামূলকটিযুক্ত মাংসপেশীর নির্দ্দর্শন *।

কশেরুকামূলকটিযুক্ত ঐ মাংসপেশী কশেরুকামূলের পশ্চাদংশেতে এবং কটিখণ্ডের কশেরুকাংশে এবং কণ্টকাকার প্রবর্দ্ধনেতে এবং কট্যাবর্ত্তকানুপ্রস্থগামিপ্রবর্দ্ধনমূলেতে উৎপন্ন হয় এবং প্রত্যেক পর্শুকাধঃকিনারায় প্রবিষ্ট হয়। ঐ কশেরুকামূলকটিযুক্ত মাংসপেশী পর্শুকাকে অধোদিগে আকর্ষণ করে এবং গাত্রকে তদক্ষস্থানে ক্রীড়া করায় এবং সরলহওনবিষয়ে গাত্রের সাহায্য করে এবং গ্রীবাকে ঘূরায় কিম্বা এক পার্শ্বে আকর্ষণ করে।

---

* অধঃস্থ পর্শুকাহইতে মাংসপেশীর তন্তুবৎকণ্ডরালিন গুচ্ছ উৎপন্ন হইয়া ঐ কশেরুকামূলকটিযুক্ত মাংসপেশীতে অস্ত হয় তাহাতে জেনোনামক ব্যবচ্ছেদক ঐ মাংসপেশীর কটিপ্রতিগমনকারি মাংসপেশীসংজ্ঞা করিয়াছেন। তদ্ভিন্ন ঐ কশেরুকামূলকটিযুক্ত মাংসপেশী স্বকীয়োর্দ্ধাংশহইতে এক দীর্ঘাংশ প্রেরণ করে ঐ দীর্ঘাংশকে মগ্রো- এবং আলবিনস্নামে ব্যবচ্ছেদকেরা পৃথক২ মাংসপেশী অনুমান করিয়া গ্রীবার সহিত তৈর্য্যগামি মাংসপেশীসংজ্ঞা করিয়াছেন কিন্তু মর্গানি নামে ব্যবচ্ছেদক অভিপ্রায়করণে ঐ মাংসপেশীকে কশেরুকামূলকটিযুক্ত মাংসপেশীর অংশ অনুমান করিয়াছেন।